रेलवे भर्ती बोर्ड / RAILWAY RECRUITMENT BOARD
सी०ई०एन० ०९/२०२५ -7 वें सीपीसी वेतन मैट्रिक्स के लेवल १ में विभिन्न पदों हेतु
CEN 09/2025 - Various Posts in Level 1 of 7th CPC Pay Matrix

RRB Group D 2025

Level-1 · CEN 09/2025 · General Science · Question Paper Compilation

Bengali

All 48 Shifts (Sets) · General Science Section · Official Answer Key

About this Compilation

This booklet compiles all **48 shift papers** of the **RRB Group D (Level-1) 2025** examination (CEN 09/2025) in **Bengali** (**General Science** section only), with the correct option marked as per the official answer key.

✓ Correct option (highlighted green)

2 of these 1200 questions are shown in English. RRB did not release them in Bengali to any candidate whose response sheet we could reach, so the official English version is printed instead and marked with an ENGLISH chip. Nothing here is machine translated.

How to use

- Use the **Index** page to jump directly to any set (clickable).
- Questions are grouped by subtopic within each section, so similar questions sit together.
- Diagram and wide-table questions appear at the end of their section at full width.
- The correct answer is highlighted in green with a tick.

More from QMaths

Check your marks, normalized score and zone-wise rank free at **rank.qmaths.in**. Master English vocabulary with the **Blackbook** app.

Toppers' Choice, Blackbook of English Vocabulary, Now available in App format : DOWNLOAD NOW

Index — All Sets (click to open)

- Set 1 — 03 Aug 2026 9:00 AM - 10:30 AM
- Set 2 — 03 Aug 2026 12:45 PM - 2:15 PM
- Set 3 — 03 Aug 2026 4:30 PM - 6:00 PM
- Set 4 — 04 Aug 2026 9:00 AM - 10:30 AM
- Set 5 — 04 Aug 2026 12:45 PM - 2:15 PM
- Set 6 — 04 Aug 2026 4:30 PM - 6:00 PM
- Set 7 — 05 Aug 2026 9:00 AM - 10:30 AM
- Set 8 — 05 Aug 2026 12:45 PM - 2:15 PM
- Set 9 — 05 Aug 2026 4:30 PM - 6:00 PM
- Set 10 — 06 Aug 2026 9:00 AM - 10:30 AM
- Set 11 — 06 Aug 2026 12:45 PM - 2:15 PM
- Set 12 — 06 Aug 2026 4:30 PM - 6:00 PM
- Set 13 — 09 Aug 2026 9:00 AM - 10:30 AM
- Set 14 — 09 Aug 2026 12:45 PM - 2:15 PM
- Set 15 — 09 Aug 2026 4:30 PM - 6:00 PM
- Set 16 — 10 Aug 2026 9:00 AM - 10:30 AM
- Set 17 — 10 Aug 2026 12:45 PM - 2:15 PM
- Set 18 — 10 Aug 2026 4:30 PM - 6:00 PM
- Set 19 — 11 Aug 2026 9:00 AM - 10:30 AM
- Set 20 — 11 Aug 2026 12:45 PM - 2:15 PM
- Set 21 — 11 Aug 2026 4:30 PM - 6:00 PM
- Set 22 — 12 Aug 2026 9:00 AM - 10:30 AM
- Set 23 — 12 Aug 2026 12:45 PM - 2:15 PM
- Set 24 — 12 Aug 2026 4:30 PM - 6:00 PM
- Set 25 — 13 Aug 2026 9:00 AM - 10:30 AM
- Set 26 — 13 Aug 2026 12:45 PM - 2:15 PM
- Set 27 — 13 Aug 2026 4:30 PM - 6:00 PM
- Set 28 — 14 Aug 2026 9:00 AM - 10:30 AM
- Set 29 — 14 Aug 2026 12:45 PM - 2:15 PM
- Set 30 — 14 Aug 2026 4:30 PM - 6:00 PM
- Set 31 — 17 Aug 2026 9:00 AM - 10:30 AM
- Set 32 — 17 Aug 2026 12:45 PM - 2:15 PM
- Set 33 — 17 Aug 2026 4:30 PM - 6:00 PM
- Set 34 — 18 Aug 2026 9:00 AM - 10:30 AM

Set 35	18 Aug 2026 12:45 PM - 2:15 PM	Set 42	20 Aug 2026 4:30 PM - 6:00 PM
Set 36	18 Aug 2026 4:30 PM - 6:00 PM	Set 43	21 Aug 2026 9:00 AM - 10:30 AM
Set 37	19 Aug 2026 9:00 AM - 10:30 AM	Set 44	21 Aug 2026 12:45 PM - 2:15 PM
Set 38	19 Aug 2026 12:45 PM - 2:15 PM	Set 45	21 Aug 2026 4:30 PM - 6:00 PM
Set 39	19 Aug 2026 4:30 PM - 6:00 PM	Set 46	25 Aug 2026 9:00 AM - 10:30 AM
Set 40	20 Aug 2026 9:00 AM - 10:30 AM	Set 47	25 Aug 2026 12:45 PM - 2:15 PM
Set 41	20 Aug 2026 12:45 PM - 2:15 PM	Set 48	25 Aug 2026 4:30 PM - 6:00 PM

General Science 25 Questions • Answer Key

Q1 Atomic Structure & Models

আইসোটোপের কোন ধর্ম অপরিবর্তিত থাকে?

A. পারমাণবিক ভর

B. ভৌত ধর্ম

C. পারমাণবিক স্থিতিশীলতা

D. রাসায়নিক ধর্ম ✓

Q2 Atoms & Molecules

Zn = 65 u, Na = 23 u এবং O = 16 u পারমাণবিক ভর দেওয়া থাকলে ZnO এবং Na_2O এর সংকেত একক ভর নির্ণয় করুন।

A. ZnO = 81u এবং Na_2O = 39 u

B. ZnO = 81u এবং Na_2O = 62 u ✓

C. ZnO = 48u এবং Na_2O = 62 u

D. ZnO = 18u এবং Na_2O = 62 u

Q3 Basic Organic Chemistry

ইথানলের কোন ধর্মের কারণে এটি ঔষধে দ্রাবক হিসেবে ব্যবহারের জন্য উপযুক্ত?

A. এটি এস্টার গঠন করে

B. দ্রাব্যতা ✓

C. এটি অত্যন্ত দাহ্য

D. এটি অম্লীয় প্রকৃতির

Q4 Basic Organic Chemistry

কোন বিবৃতিটি ইথানলের দ্রাব্যতাকে ঠিকভাবে বর্ণনা করে?

A. জলে অদ্রাব্য

B. জলে সামান্য দ্রাব্য

C. শুধুমাত্র অ্যাসিডে দ্রাব্য

D. জলের সঙ্গে সম্পূর্ণভাবে মিশ্রণীয় ✓

Q5 Biology

একজন উদ্ভিদবিজ্ঞানী এমন একটি সুপ্ত বীজ (dormant seed) পর্যবেক্ষণ করলেন, যার মধ্যে বাহ্যিক কোনো বৃদ্ধি বা চলন দৃশ্যমান নয়। বীজটি জীবিত কিনা তা ওই বিজ্ঞানী কীভাবে নির্ধারণ করতে পারেন?

A. বীজটির অভ্যন্তরীণ বিপাকীয় কার্যকলাপ পরীক্ষা বা পর্যবেক্ষণ করে ✓

B. বীজটি নিজে থেকে নড়াচড়া করতে পারে কি না তা পরীক্ষা করে

C. কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে কেবল বাহ্যিক বৃদ্ধির জন্য অপেক্ষা করে

D. কোনো চলন না দেখা গেলে বীজটি জীবিত নয় বলে সিদ্ধান্ত নিয়ে

Q6 Current Electricity (Ohm's Law, Circuits)

যদি কোনো বাল্বের রেটিং 60 W হয় এবং সেটি 120 V এ চলে, তবে বাল্বটির মধ্য দিয়ে কত তড়িৎ প্রবাহিত হবে?

A. 0.5 A ✓

B. 0.25 A

C. 1.2 A

D. 2.0 A

Q7 Current Electricity (Ohm's Law, Circuits)

টোস্টারের মতো যন্ত্রে হিটিং এলিমেন্ট বা তাপোৎপাদী উপাদান হিসেবে সংকর ধাতুকে অগ্রাধিকার দেওয়া হয় কেন?

A. এগুলির রোধাঙ্ক (resistivity) কম এবং এগুলি বিদ্যুতের সুপরিবাহী

B. এগুলির গলনাঙ্ক (melting point) কম

C. এগুলি অন্তরক (insulator)

D. এগুলির রোধাঙ্ক (resistivity) বেশি এবং উচ্চ তাপমাত্রায় এগুলি সহজে জারিত হয় না ✓

Q8 Ecosystem & Food Chain

খাদ্য শৃঙ্খলের শুরুতে (beginning of a food chain) সর্বদা কোন ধরনের জীব পাওয়া যায়?

A. শাকাশী

B. বিয়োজক

C. মাংসাশী

D. উৎপাদক ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q9 Ecosystem & Food Chain

জৈব-অ-বিয়োজ্য (non-biodegradable) পদার্থগুলো কেন জৈব বিবর্ধন প্রদর্শন করে?

A. এগুলি জীব দ্বারা গৃহীত হয় না

B. এগুলি জীবদের দ্বারা দ্রুত ভেঙে যায়

C. এগুলি জীবকে শক্তি প্রদান করে

D. এগুলি জীবের মধ্যে টিকে থাকে ✓

Q10 Electromagnetic Spectrum

একটি জল পরিশোধন ব্যবস্থা ব্যাকটেরিয়া মারার জন্য তড়িৎচুম্বকীয় শক্তি ব্যবহার করে। বর্ণালীর কোন অংশটি এই কাজের জন্য ব্যবহার করা হয়?

A. বর্ণালীর গামা অংশ

B. বর্ণালীর অতিবেগুনী অংশ ✓

C. বর্ণালীর অবলোহিত অংশ

D. বর্ণালীর দৃশ্যমান অংশ

Q11 Extraction & Metallurgy

একজন খনিজবিজ্ঞানী পৃথিবীর ভূত্বকে একটি নতুন ধাতব আকরিক আবিষ্কার করেন। যদি আকরিকটি মূলত একটি সালফাইড হয়, তাহলে ধাতুটি _____ অবস্থানরত।

A. সক্রিয়তা সারিতে উপরের দিকে

B. নিষ্ক্রিয় গ্যাসের তালিকায়, যা আকরিক গঠন করে না

C. সক্রিয়তা সারিতে মধ্যবর্তী স্থানে ✓

D. সক্রিয়তা সারিতে নিচের দিকে

Q12 Global Warming & Climate Change

অস্বাভাবিক উচ্চ বৈশ্বিক তাপমাত্রার কারণে, একটি উপকূলীয় অঞ্চলে, শৈবালের অত্যধিক বৃদ্ধি (algal bloom) এবং প্রবালের বর্ণহীনতা (coral bleaching) দেখা যায়। পৃথিবীর বিভিন্ন অঞ্চলের মধ্যে কোন মিথস্ক্রিয়াটি এই প্রভাবটিকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

A. স্থলজ উদ্ভিদের বৃদ্ধি সামুদ্রিক বাস্তুতন্ত্রের ক্ষতিকে সম্পূর্ণরূপে প্রতিস্থাপন করে।

B. সমুদ্রের উষ্ণতা বৃদ্ধি CO2শোষণ কমিয়ে দেয় এবং সামুদ্রিক জীবনের উপর চাপ সৃষ্টি করে। ✓

C. সূর্যালোক কমে যাওয়ায় সমুদ্রে সালোকসংশ্লেষণের হার বৃদ্ধি পায়।

D. নদীর প্রবাহ বৃদ্ধি প্রবাল প্রাচীরের সামগ্রিক বৃদ্ধি ঘটায়।

Q13 Light & Optics

দিনের বেলা মানুষের চোখে আকাশকে নীল দেখায় কেন?

A. নীল আলোর তরঙ্গদৈর্ঘ্য কম হওয়ায় তা লাল আলোর চেয়ে বেশি বিক্ষিপ্ত হয় ✓

B. বায়ুমণ্ডলের কণাগুলো নীল আলো শোষণ করে এবং পুনরায় তা নির্গত করে

C. লাল আলোর তরঙ্গদৈর্ঘ্য বেশি হওয়ায় তা নীল আলোর চেয়ে বেশি বিক্ষিপ্ত হয়

D. বায়ুমণ্ডলে সব তরঙ্গদৈর্ঘ্যের আলো সমানভাবে বিক্ষিপ্ত হয়

Q14 Mechanics

কোনো বস্তুর গতির ক্ষেত্রে, সময়-অক্ষের সমান্তরাল সরলরেখা-বিশিষ্ট একটি অবস্থান-সময় লেখচিত্র (position-time graph) কী নির্দেশ করে?

A. বস্তুটি স্থির অবস্থায় আছে এবং সময়ের সাথে সাথে কোনো দূরত্ব অতিক্রম করছে না ✓

B. বস্তুটি পরিবর্তনশীল দ্রুতিতে গতিশীল

C. বস্তুটি সময়ের সাথে সাথে ত্বরণ লাভ করছে

D. বস্তুটি সময়ের সাথে সাথে সমদ্রুতিতে গতিশীল

Q15 Mixtures, Solutions, Colloids

একটি দ্রবণের ক্ষেত্রে 80 গ্রাম জলে 20 গ্রাম লবণ দ্রবীভূত থাকে। ভরের অনুপাতের শতাংশ হারে দ্রবণটির গাঢ়ত্ব কত হবে?

A. 45%

B. 30%

C. 20% ✓

D. 25%

Q16 Nervous System & Brain

একটি নিউরনে, যে ছোট, শাখাযুক্ত তন্তুগুলো অন্য নিউরন থেকে উদ্দীপনা গ্রহণ করে, সেগুলোকে কী বলা হয়?

A. পেশিতন্তু

B. কার্টিলেজ ডিস্ক

C. ডেনড্রাইট ✓

D. অ্যাক্সন

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Newton's Laws of Motion

কোনো বস্তুর ওপর লব্ধি বল প্রযুক্ত হলে, নিউটনের দ্বিতীয় সূত্র অনুযায়ী বস্তুটির কী ঘটবে?

A. বস্তুটি ধ্রুবক দ্রুতিতে চলতে থাকবে।

B. বস্তুটি স্থির থাকবে।

C. বস্তুটি সর্বদা বিপরীত অভিমুখে গতিশীল হবে।

D. বস্তুটি বলের অভিমুখে ত্বরিত হবে। ✓

Q18 Plant Biology

যে প্রক্রিয়ায় উদ্ভিদের গ্লুকোজ ভেঙে শক্তি নির্গত হয়, তাকে কী বলা হয়?

A. রেচন

B. শ্বসন ✓

C. সালোকসংশ্লেষ

D. বাষ্পমোচন

Q19 Plant Tissues & Transport

যেহেতু প্যারেনকাইমা কলা মূলত খাদ্য ও অন্যান্য পদার্থ সঞ্চয় করে, তাই এর কোশগুলোর পর্যাপ্ত কোশান্তর স্থান প্রয়োজন হয়। তাই, প্যারেনকাইমা কোশগুলো সাধারণত _____ হয়।

A. মৃত এবং ফাঁপা

B. খনিজ পদার্থ দ্বারা দৃঢ়ত্বপ্রাপ্ত

C. কোশান্তর স্থান সহ শিথিলভাবে বিন্যস্ত ✓

D. কোনো কোশান্তর স্থান ছাড়াই ঘনসন্নিবিষ্ট

Q20 Properties & Tests

হাইড্রোক্লোরিক অ্যাসিড যখন সোডিয়াম হাইড্রক্সাইডের সাথে বিক্রিয়া করে, তখন প্রশমন বিক্রিয়ার ফলে কী উৎপন্ন হয়?

A. লবণ এবং জল ✓

B. শুধুমাত্র গ্যাস

C. শুধুমাত্র ক্ষারক

D. শুধুমাত্র অ্যাসিড

Q21 Reflection & Refraction

বায়ু মাধ্যমে একটি আলোক রশ্মির গতি 3×10^8 m/s থেকে পরিবর্তিত হয়ে একটি স্বচ্ছ কঠিন মাধ্যমে 2×10^8 m/s হয়। বায়ুর সাপেক্ষে কঠিন মাধ্যমটির প্রতিসরাঙ্ক কত? (বায়ুর প্রতিসরাঙ্ক 1 ধরে নিন।)

A. 1.7

B. 1.4

C. 1.5 ✓

D. 1.2

Q22 Types (Combination, Decomposition, etc.)

নিচের রাসায়নিক বিক্রিয়াগুলি বিবেচনা করুন।

(I) $CaCO_3(s) \xrightarrow{\text{তাপ}} CaO(s) + CO_2(g)$

(II) $2AgCl(s) \xrightarrow{\text{সূর্যরশ্মি}} 2Ag(s) + Cl_2(g)$

(III) $2H_2O(l) \xrightarrow{\text{তড়িৎ প্রবাহ}} 2H_2(g) + O_2(g)$

(IV) $Fe(s) + CuSO_4(aq) \rightarrow FeSO_4(aq) + Cu(s)$

উপরের কোন বিক্রিয়াগুলি বিয়োজন বিক্রিয়াকে সঠিকভাবে উপস্থাপন করে?

A. কেবল III এবং IV বিক্রিয়া

B. কেবল II এবং III বিক্রিয়া

C. কেবল I এবং II বিক্রিয়া

D. কেবল I, II এবং III বিক্রিয়া ✓

Q23 Ultrasound & Applications

সূক্ষ্ম বৈদ্যুতিন উপাদান পরিষ্কার করার জন্য আল্ট্রাসাউন্ড ব্যবহার করার মূল কারণ কী?

A. এটি পরিষ্কার করার জন্য উপাদানসমূকে রাসায়নিকভাবে পরিবর্তন করে

B. এটি ভৌত ক্ষতি (physical damage) না করে ময়লা অপসারণ করে ✓

C. এটি পৃষ্ঠকে ঘষে (scratches) আবর্জনা বা ময়লা অপসারণ করে

D. এটি আরও ভালভাবে পরিষ্কার করার জন্য উপাদানগুলিকে গলিয়ে দেয়

Q24 Work, Energy & Power

নিচের কোনটি গতিশক্তিকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

A. তাপমাত্রা পরিবর্তনের সঙ্গে সম্পর্কিত শক্তি

B. কোনো বস্তু তার অবস্থানের কারণে যে শক্তি সঞ্চয় করে

C. রাসায়নিক বন্ধনে নিহিত শক্তি

D. কোনো বস্তু তার গতির কারণে যে শক্তি লাভ করে ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q25 Work, Energy & Power

একটি বস্তুর গতিশক্তি 40 J থেকে বেড়ে 140 J হয়। বস্তুটির উপর মোট কৃতকার্য কত?

A. 50 J

B. 150 J

C. 200 J

D. 100 J ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science

25 Questions • Answer Key

Q1 Atomic Structure & Models

একটি মৌলের পারমাণবিক সংখ্যা 17 হয়। পরমাণুতে উপস্থিত আধানযুক্ত কণাগুলোর বিন্যাসের ওপর ভিত্তি করে, নিচের কোন বিবৃতিটি মৌলটির নিস্তড়িৎ অবস্থায় ইলেকট্রন সংখ্যাকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

A. উপস্থিত 17টি নিউট্রনের সঙ্গে সমতা রেখে এতে 17টি ইলেকট্রন থাকে।

B. এতে উপস্থিত 17টি প্রোটনের সমতা রক্ষার জন্য 17টি ইলেকট্রন থাকে। ✓

C. এর কেবল সবচেয়ে ভেতরের কক্ষে 8টি ইলেকট্রন থাকে।

D. এর পারমাণবিক ভরের কারণে এতে প্রোটনের চেয়ে ইলেকট্রন বেশি থাকে।

Q2 Basic Organic Chemistry

একজন শিক্ষার্থী বাতাসে ইথানল পোড়ানোর সময় একটি নীল শিখা দেখতে পেল। কোন বিবৃতিটি এই পর্যবেক্ষণটিকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

A. ইথানলে উপস্থিত অপদ্রব্যের কারণে শিখার রঙ নীল হয়।

B. বাতাসে ইথানল পোড়ালে লাল শিখা উৎপন্ন হয়।

C. পর্যাপ্ত অক্সিজেন সরবরাহের কারণে সম্পূর্ণ দহন ঘটে এবং নীল শিখা উৎপন্ন হয়। ✓

D. অসম্পূর্ণ দহনের ফলে অক্সিজেনের অভাবে নীল শিখা উৎপন্ন হয়।

Q3 Biology

এককোষী জীবের তুলনায়, বহুকোষী জীবদেহে শক্তি গ্রহণ ও পদার্থ বিনিময়ের জন্য কেন বিশেষায়িত তন্ত্রের প্রয়োজন হয়?

A. বেশিরভাগ অভ্যন্তরীণ কোষের বাহ্যিক পরিবেশের সাথে সরাসরি যোগাযোগের অভাব থাকে ✓

B. এককোষী জীবের বেঁচে থাকার জন্য কোষীয় শক্তির প্রয়োজন হয় না

C. তারা এককোষী জীবের চেয়ে অনেক ভারী

D. তারা এক স্থান থেকে অন্য স্থানে যেতে সম্পূর্ণ অক্ষম

Q4 Chemical Reactions

একটি কাচের পাত্রে একটি রাসায়নিক বিক্রিয়া ঘটছে, যেখানে কোনো গ্যাস বাইরে বের হতে পারে না বা ভেতরে প্রবেশ করতে পারে না। ভরের সংরক্ষণ সূত্র অনুযায়ী, কোন পরিস্থিতিটি সবচেয়ে সঠিক?

A. বিক্রিয়ার পর মোট ভর বৃদ্ধি পাবে।

B. বিক্রিয়ার পরে মোট ভর হ্রাস পাবে।

C. বিক্রিয়ার আগের মোট ভর, বিক্রিয়ার পরের মোট ভরের চেয়ে কম হবে।

D. বিক্রিয়ার আগে এবং পরে মোট ভর অপরিবর্তিত থাকবে। ✓

Q5 Circulatory System (Heart, Blood)

অলিন্দের তুলনায়, হৃৎপিণ্ডের নিলয়ের পেশীবহুল প্রাচীর থাকে কেন?

A. তারা প্রতিটি সংকোচনের আগে আরও রক্ত সঞ্চয় করে

B. তারা অক্সিজেনযুক্ত এবং অক্সিজেনবিহীন রক্তকে পৃথক করে

C. তারা সারা শরীরে অঙ্গগুলিতে রক্ত পাম্প করে ✓

D. তাদের স্নায়বিক নিয়ন্ত্রণের জন্য আরও স্নায়ু প্রয়োজন

Q6 Current Electricity (Ohm's Law, Circuits)

একটি রোধককে যদি কোনো ভোল্টেজ উৎসের সঙ্গে যুক্ত করা হয় এবং ভোল্টেজ ধ্রুবক রেখে রোধের মান অর্ধেক করা হয়, তবে নির্দিষ্ট সময়ে উৎপন্ন তাপের কী পরিবর্তন হবে?

A. উৎপন্ন তাপ তার পূর্বের মানের দ্বিগুণ বৃদ্ধি পায় ✓

B. উৎপন্ন তাপ অপরিবর্তিত থাকে

C. উৎপন্ন তাপ তার পূর্বের মানের চারগুণ বৃদ্ধি পায়

D. উৎপন্ন তাপ তার পূর্বের মানের অর্ধেক হ্রাস পায়

Q7 Ecology & Environment

জলচক্রের নিচের ধাপগুলোকে ঠিক ক্রমে সাজান।
1. ঘনীভবন
2. বাষ্পীভবন
3. অধঃক্ষেপণ
4. জলাশয়ে জমা হওয়া

A. 2 → 3 → 1 → 4

B. 1 → 2 → 3 → 4

C. 3 → 2 → 1 → 4

D. 2 → 1 → 3 → 4 ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q8 Five Kingdom Classification

একটি নতুন অণুজীব পাওয়া গেছে যা এককোশী, প্রোক্যারিওটিক এবং এতে একটি কোশপর্দা দ্বারা আবদ্ধ নিউক্লিয়াসের অভাব রয়েছে। এই অণুজীবটি সালোকসংশ্লেষণ করতে পারে। পাঁচরাজ্য বিশিষ্ট শ্রেণিবিন্যাস পদ্ধতি অনুসারে, এটি কোন রাজ্যের অন্তর্ভুক্ত হবে?

A. ছত্রাক রাজ্য

B. রাজ্য মনেরা ✓

C. রাজ্য প্রোটিস্টা

D. প্ল্যান্টি বা উদ্ভিদরাজ্য

Q9 Hydrocarbons (Methane, Ethane, etc.)

নিচের কোন জৈব যৌগের আণবিক সংকেতটি একটি বলয়যুক্ত জৈব যৌগকে নির্দেশ করে **না**?

A. C6H14 ✓

B. C6H8

C. C6H10

D. C6H6

Q10 Magnetic Effects of Current

চৌম্বক ক্ষেত্ররেখাগুলির অধিক ঘনসন্নিবিষ্টতা কী নির্দেশ করে?

A. তড়িৎ ক্ষেত্রের উপস্থিতি

B. ক্ষেত্ররেখাগুলি একে অপরকে ছেদ করতে চলেছে

C. সেই অঞ্চলে চৌম্বক ক্ষেত্র দুর্বল

D. ওই অঞ্চলে চৌম্বক ক্ষেত্র শক্তিশালী ✓

Q11 Mechanics

দূরত্ব-সময় লেখচিত্র থেকে কীভাবে কোনো বস্তুর সুষম দ্রুতি গণনা করা যায়?

A. শুধু মোট দূরত্ব পরিমাপ করে

B. শুধু মোট সময় পরিমাপ করে

C. লেখচিত্রের নতি পরিমাপ করে ✓

D. লেখচিত্র দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল পরিমাপ করে

Q12 Mechanics

একটি বোতল ওপেনার দিয়ে বোতলের ছিপি খোলার সময় ছিপিটি যে বাধা প্রদান করে, তা কী হিসেবে কাজ করে?

A. যন্ত্র

B. শক্তির উৎস

C. ভার ✓

D. বল

Q13 Mirrors & Lenses

একজন শিক্ষার্থী একটি উত্তল লেন্সের সামনে ফোকাস-দূরত্বের দ্বিগুণের চেয়ে বেশি দূরত্বে একটি মোমবাতি রাখল। সে পর্দার ওপর গঠিত প্রতিবিম্বটি পর্যবেক্ষণ করে। নিচের কোনটি প্রতিবিম্বের প্রকৃতি, অবস্থান এবং আকারকে সঠিকভাবে বর্ণনা করে?

A. প্রতিবিম্বটি সদ, অবশীর্ষ, ফোকাস বিন্দু ও ফোকাস-দূরত্বের দ্বিগুণের মধ্যবর্তী স্থানে গঠিত এবং বস্তুর চেয়ে আকারে ছোট। ✓

B. প্রতিবিম্বটি অসদ, সমশীর্ষ, বস্তুর দিকেই গঠিত এবং বস্তুর চেয়ে আকারে বড়।

C. প্রতিবিম্বটি সদ, সমশীর্ষ, ফোকাস-দূরত্বের দ্বিগুণের চেয়ে বেশি দূরত্বে গঠিত এবং আকারের দিক থেকে বস্তুর সমান।

D. প্রতিবিম্বটি অসদ, অবশীর্ষ, ফোকাস বিন্দুতে গঠিত এবং আকারের দিক থেকে বস্তুর সমান।

Q14 Mirrors & Lenses

একজন শিক্ষার্থী 12 cm ফোকাস দূরত্বের একটি অভিসারী লেন্স থেকে 18 cm দূরে একটি বস্তুকে স্থাপন করল। গঠিত প্রতিবিম্বটি একটি সদবিম্ব হলে লেন্সটি দ্বারা উৎপন্ন বিবর্ধন কত?

A. - 1.5

B. + 2

C. - 2 ✓

D. + 1.5

Q15 Mixtures, Solutions, Colloids

নিচে দেওয়া কোন মিশ্রণটি পরিবীক্ষণিক (macroscopic) স্তরে একটি অসমসত্ত্ব মিশ্রণকে সবচেয়ে ভালোভাবে প্রদর্শন করে?

A. চিনি এবং জল

B. লবণ এবং জল

C. নাইট্রোজেন এবং অক্সিজেন

D. বালি এবং জল ✓

Q16 Nervous System & Brain

মানুষের মস্তিষ্কের কোন অংশটি মূলত মানবদেহের ভারসাম্য বজায় রাখে?

A. মেডুলা

B. গুরুমস্তিষ্ক

C. পন্স

D. লঘু মস্তিষ্ক ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Newton's Laws of Motion

প্রযুক্ত বল অপরিবর্তিত রেখে যদি কোনো বস্তুর ভরকে দ্বিগুণ করা হয়, তবে বলের সূত্র অনুযায়ী এর ত্বরণ _____।

A. দ্বিগুণ হবে

B. শূন্য হয়ে যাবে

C. অর্ধেক হয়ে যাবে ✓

D. অপরিবর্তিত থাকবে

Q18 Physical & Chemical Properties

একটি চকচকে লোহার পেরেককে কয়েক দিনের জন্য চারটি ভিন্ন অবস্থায় রাখা হল।
I. একটি আবদ্ধ পাত্রে শুষ্ক বাতাস
II. দ্রবীভূত অক্সিজেনযুক্ত জল
III. ফোটানো জল এবং তার ওপর তেলের আস্তরণ
৪। আর্দ্র বাতাস

উপরের কোন অবস্থায় লোহায় মরিচা পড়ার সম্ভাবনা সবচেয়ে বেশি?

A. I, II এবং IV

B. কেবল II এবং IV ✓

C. II, III এবং IV

D. কেবল I এবং III

Q19 Physical & Chemical Properties

বিশুদ্ধ অবস্থায় অধাতুসমূহের তড়িৎ পরিবাহিতাঙ্ককে (conductivity) কোন বিবৃতিটি সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

A. অধাতুগুলির উচ্চ তড়িৎ পরিবাহিতাঙ্ক রয়েছে

B. অধাতুগুলি তড়িৎ পরিবহন করে না ✓

C. অধাতুগুলি ভালোভাবে তড়িৎ পরিবহন করে

D. অধাতুগুলি ধাতুর মতোই তড়িৎ পরিবহন করে

Q20 Plant Biology

সংবেদনশীল উদ্ভিদের (sensitive plant) স্পর্শ প্রতিক্রিয়ায় কোন কলাটি অনুপস্থিত থাকে?

A. আবরণী কলা

B. ভূমি কলা

C. স্নায়ুকলা ✓

D. সংবহন কলা

Q21 Plant Tissues & Transport

নিবেশিত ভাজক কলা উদ্ভিদে সাধারণত কোথায় অবস্থিত?

A. পাতার গোড়ায় বা পর্বমধ্যে ✓

B. পাতার কিনারে

C. কাণ্ডের পার্শ্বভাগে

D. মূল এবং বিটপের অগ্রভাগে

Q22 Reproductive System

গর্ভাবস্থার নবম সপ্তাহে থাকা একজন নারী চেক-আপের জন্য ক্লিনিকে গেলেন। ডাক্তার তাকে জানালেন যে, গর্ভস্থ শিশুটিকে এখন 'ফিটাস' (ভ্রূণ) বলা হয় এবং তার অঙ্গ-প্রত্যঙ্গের বিকাশ অব্যাহত থাকবে। তিনি বর্তমানে গর্ভাবস্থার কোন ত্রৈমাসিকে (ট্রাইমেস্টার) আছেন?

A. তৃতীয় ত্রৈমাসিকে

B. দ্বিতীয় ত্রৈমাসিকে

C. পরবর্তী পর্যায়ে

D. প্রথম ত্রৈমাসিকে ✓

Q23 Sound

রেললাইনের উপর কান পাতলে দূর থেকে ট্রেনের এগিয়ে আসার শব্দ আগে থেকে শোনা যায় কেন?

A. শব্দ নিরেট ইস্পাতের পাতের মধ্য দিয়ে অত্যন্ত কার্যকরভাবে কানে এসে পৌঁছায়। ✓

B. শব্দ লাইনের উপরের বাতাসের মধ্য দিয়ে প্রবাহিত হয়।

C. কম্পন কেবল রেললাইনের পাতের উপরিভাগ দিয়েই প্রবাহিত হয়।

D. রেললাইনের পাত বাতাসের চেয়ে বেশি জোরে কম্পিত হয়।

Q24 Work, Energy & Power

নিচের কোনটি গতিশক্তির উদাহরণ?

A. দাঁড়িয়ে থাকা একটি সাইকেল

B. গাছে ঝুলে থাকা একটি আপেল

C. তাকের উপর রাখা একটি বই

D. আকাশে উড়ন্ত পাখি ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q25 pH Scale & Indicators

একটি দ্রবণে H^+ আয়নের উচ্চতর ঘনত্ব _____ নির্দেশ করে।

A. প্রশম pH

B. উচ্চতর pH মান

C. নিম্নতর pH মান ✓

D. ধ্রুবক pH

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science

25 Questions • Answer Key

Q1 Animal Kingdom (Phyla Overview)

কেঁচো এবং কাঁকড়া উভয়েরই দেহ খণ্ডকে বিভক্ত, কিন্তু কেবল একজনেরই শক্ত বহিরাবরণ রয়েছে। স্থলজ পরিবেশে এই বহিরাবরণটি কী সুবিধা প্রদান করে?

A. আরও নমনীয় চলাচলে সাহায্য করে

B. জলের অপচয় রোধ করে এবং সুরক্ষা প্রদান করে ✓

C. পরিপাকের জন্য একটিমাত্র ছিদ্রের সুবিধা দেয়

D. শিকার ধরার জন্য কর্ষিকা প্রদান করে

Q2 Atomic Structure & Models

নিউট্রন সম্পর্কে নিচের কোন বিবৃতিটি ঠিক?

A. নিউট্রনগুলি ঋণাত্মক আধান যুক্ত এবং সবচেয়ে বাইরের কক্ষপথে উপস্থিত থাকে

B. নিউট্রন হল নিউক্লিয়াসে প্রাপ্ত ধনাত্মক আধান যুক্ত কণাসমূহ

C. নিউট্রন আধানবিহীন হয় এবং একটি পরমাণুর নিউক্লিয়াসে উপস্থিত থাকে ✓

D. নিউট্রন ইলেকট্রনের মতো নিউক্লিয়াসকে কেন্দ্র করে ঘোরে

Q3 Atoms & Molecules

প্রদত্ত C = 12 u, O = 16 u এবং H = 1 u, পারমাণবিক ভরগুলি বিবেচনা করলে, নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোনটি CO_2 এবং H_2O এর আণবিক ভরকে সঠিকভাবে উপস্থাপন করে?

A. CO2= 32 u ; H2O = 18 u

B. CO2= 46 u ; H2O = 20 u

C. CO2= 44 u ; H2O = 18 u ✓

D. CO2= 44 u ; H2O = 16 u

Q4 Basic Organic Chemistry

নিচে প্রদত্ত বিবৃতি দু'টি অধ্যইয়ন করুন এবং **ঠিক** বিকল্পটি চয়ন করুন।

বিবৃতি A: ইথানোয়িক অ্যাসিড, ক্ষারকের সঙ্গে বিক্রিয়া করে লবণ এবং জল গঠন করে।
বিবৃতি B: এই বিক্রিয়াকে জারণ বিক্রিয়া হিসাবে শ্রেণিবদ্ধ করা হয়।

A. বিবৃতি A এবং বিবৃতি B উভয়েই ঠিক।

B. বিবৃতি A ঠিক কিন্তু বিবৃতি B ভুল। ✓

C. বিবৃতি A ভুল কিন্তু বিবৃতি B ঠিক।

D. বিবৃতি A এবং বিবৃতি B উভয়েই ভুল।

Q5 Basic Organic Chemistry

ইথানয়িক অ্যাসিড সম্পর্কে নিচের কোন বিবৃতিটি সঠিক?

A. এটি নীল লিটমাসকে লাল করে এবং কার্বনেটের সঙ্গে বিক্রিয়া করে CO_2 উৎপন্ন করে। ✓

B. এটি স্পর্শ করলে সাবানের মতো অনুভূতি হয় এবং এর স্বাদ তেতো।

C. চিনির (sugar) উপস্থিতির কারণে এটি খাবার মিষ্টি করতে ব্যবহৃত হয়।

D. এটি জলে দ্রবীভূত হয় না।

Q6 Circulatory System (Heart, Blood)

হৃদপিণ্ড দ্বারা শরীরের অঙ্গে পাম্প করা রক্তে কোন গ্যাস সবচেয়ে বেশি থাকে?

A. হিলিয়াম

B. হাইড্রোজেন

C. কার্বন ডাই অক্সাইড

D. অক্সিজেন ✓

Q7 Current Electricity (Ohm's Law, Circuits)

একটি বৈদ্যুতিক হিটারের ক্ষমতা 2000 W এবং এটি 2 ঘন্টা ব্যবহৃত হয়। এতে কত জুল শক্তি ব্যয় হয়?

A. 7,200,000 জুল

B. 14,400,000 জুল ✓

C. 3,600,000 জুল

D. 720,000 জুল

Q8 Extraction & Metallurgy

সক্রিয়তা শ্রেণির মাঝামাঝি অবস্থানে থাকা লোহা তার আকরিক থেকে নিষ্কাশনের জন্য কোন প্রক্রিয়াটি সবচেয়ে বেশি ব্যবহৃত হয়?

A. কার্বন (কোক) দ্বারা বিজারণ ✓

B. তাপীয় বিয়োজন

C. তড়িৎবিশ্লেষণী বিজারণ

D. হাইড্রোজেন দ্বারা বিজারণ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q9 Important Salts & Their Uses

অগ্নি নির্বাপক যন্ত্রে সোডিয়াম কার্বোনেটের চেয়ে বেকিং সোডাকে কেন বেশি প্রাধান্য দেওয়া হয়?

A. এটি দ্রুত হাইড্রোজেন গ্যাস উৎপন্ন করে

B. এটি তীব্রভাবে বিক্রিয়া করে তাপ উৎপন্ন করে

C. এটি অ্যাসিডের সঙ্গে বিক্রিয়া করে সহজেই কার্বন ডাই অক্সাইড নির্গত করে ✓

D. এটি অদ্রবণীয় অবশেষ গঠন করে

Q10 Mechanics

একজন সাইকেল আরোহী 1.5 ঘণ্টায় 30 কিলোমিটার দূরত্ব অতিক্রম করেন। সাইকেল আরোহীটির গড় গতি কত?

A. ঘন্টায় 45 কিলোমিটার

B. ঘন্টায় 20 কিলোমিটার ✓

C. ঘন্টায় 15 কিলোমিটার

D. ঘন্টায় 2 কিলোমিটার

Q11 Mechanics

নিচের কোন বিবৃতিটি সমবৃত্তীয় গতি কে সর্বোত্তমভাবে সংজ্ঞায়িত করে?

A. পরিবর্তনশীল দ্রুতি কিন্তু সুষম বেগসহ বৃত্তাকার পথ বরাবর গতি

B. সুষম দ্রুতি ও সুষম বেগসহ সরলরৈখিক পথ বরাবর গতি

C. সুষম বেগ ও শূন্য ত্বরণসহ বৃত্তাকার পথ বরাবর গতি

D. সুষম দ্রুতি ও পরিবর্তনশীল বেগের অভিমুখসহ বৃত্তাকার পথ বরাবর গতি ✓

Q12 Mirrors & Lenses

একজন শিক্ষার্থী লক্ষ্য করে যে, একটি অবতল দর্পণের বক্রতা কেন্দ্রের বাইরে থেকে ফোকাসের দিকে বস্তুকে সরিয়ে নিয়ে এলে প্রতিবিম্বের পরিবর্তন ঘটে। এক্ষেত্রে কী ধরণের পরিবর্তন দেখা যায়?

A. প্রতিবিম্বটি ছোট হয়ে যায় এবং দর্পণের দিকে সরে আসে

B. প্রতিবিম্বটি বড় হয়ে যায় এবং দর্পণ থেকে দূরে সরে যায় ✓

C. প্রতিবিম্বটি ছোট হয়ে যায় এবং দর্পণ থেকে দূরে সরে যায়

D. প্রতিবিম্বের আকার ও অবস্থান অপরিবর্তিত থাকে

Q13 Mixtures, Solutions, Colloids

একজন শিক্ষার্থী একটি বিকারে তেল ও জল মিশ্রিত করল এবং লক্ষ্য করল যে সেখানে দু'টি আলাদা স্তর তৈরি হয়েছে। এই পর্যবেক্ষণের সঙ্গে নিচের কোন ব্যাখ্যাটি সবচেয়ে ভালোভাবে মেলে?

A. তেল সম্পূর্ণরূপে জলে দ্রবীভূত হয়ে একটি সুষম দ্রবণ (uniform solution) তৈরি করে।

B. তেল এবং জল একটি অসমসত্ত্ব মিশ্রণ গঠন করে, কারণ এদের উপাদানগুলো সুষমভাবে বণ্টিত থাকে না। ✓

C. তেল এবং জল একটি একক দশা (single phase) বিশিষ্ট সমসত্ত্ব মিশ্রণ গঠন করে।

D. তেল এবং জল রাসায়নিকভাবে বিক্রিয়া করে একটি নতুন যৌগ গঠন করে।

Q14 Oxidation & Reduction (Redox)

একজন শিক্ষার্থী বাতাসে কপার চূর্ণ উত্তপ্ত করার সময় নিম্নলিখিত বিক্রিয়াটি পর্যবেক্ষণ করে:

$2Cu + O_2 \rightarrow 2CuO$

পরবর্তীতে, কালো রঙের কপার অক্সাইডের ওপর দিয়ে হাইড্রোজেন গ্যাস চালনা করা হলে লালচে-বাদামী রঙের কপার পাওয়া যায়।

$CuO + H_2 \rightarrow Cu + H_2O$

প্রথম বিক্রিয়াটিতে কোন পদার্থটি জারিত হয়েছে এবং দ্বিতীয় বিক্রিয়াটিতে কোন পদার্থটি বিজারিত হয়েছে?

A. প্রথম বিক্রিয়ায় হাইড্রোজেন এবং দ্বিতীয় বিক্রিয়ায় কপার অক্সাইড

B. প্রথম বিক্রিয়ায় কপার অক্সাইড এবং দ্বিতীয় বিক্রিয়ায় কপার

C. প্রথম বিক্রিয়ায় অক্সিজেন এবং দ্বিতীয় বিক্রিয়ায় কপার অক্সাইড

D. প্রথম বিক্রিয়ায় কপার এবং দ্বিতীয় বিক্রিয়ায় কপার অক্সাইড ✓

Q15 Photosynthesis

সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় জলের অণু ভেঙে কী কী উৎপন্ন হয়?

A. নাইট্রোজেন ও কার্বন

B. হাইড্রোজেন ও অক্সিজেন ✓

C. অক্সিজেন ও কার্বন

D. নাইট্রোজেন ও অক্সিজেন

Q16 Physical & Chemical Properties

তড়িৎ পরিবাহী তারের জন্য কোন উপাদানটি সবচেয়ে উপযোগী?

A. টাংস্টেন

B. কাচ

C. অ্যালুমিনিয়াম ✓

D. রাবার

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Plant Tissues & Transport

গাছের কাণ্ডের পরিধি বা বেধ বৃদ্ধি করার জন্য, কোশগুলোকে কাণ্ডের চারপাশে বলয়াকারে বিভাজিত হতে হয়। নিচের কোন কলা এই কাজটি সম্পন্ন করে?

A. নিবেশিত ভাজককলা
B. পার্শ্বস্থ ভাজককলা ✓
C. স্ক্লেরেনকাইমা
D. অগ্রস্থ ভাজককলা

Q18 Pollution (Air, Water, Soil, Noise)

জৈব-অভঙ্গুর (non-biodegradable) বর্জ্যের সঙ্গে সম্পর্কিত প্রধান পরিবেশগত উদ্বেগ কী?

A. এটি সহজেই প্রকৃতিতে বিয়োজিত হয়ে যায়
B. এটি সঞ্চিত হয় এবং দূষণ ঘটায় ✓
C. এটি জীব দ্বারা দ্রুত পুনর্ব্যবহৃত হয়
D. এটি মাটির উর্বরতা বৃদ্ধি করে

Q19 Reflection & Refraction

একজন শিক্ষার্থী লক্ষ্য করল যে, একটি সুইমিং পুলের গভীরতা তার প্রকৃত গভীরতার চেয়ে কম মনে হচ্ছে। কোন ধারণাটি এই ঘটনাটিকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

A. জলের অণু দ্বারা আলোর বিক্ষেপণ
B. জলের মধ্যে আলোর অভ্যন্তরীণ প্রতিফলন
C. পুলের তলদেশ থেকে আলোর প্রতিফলন
D. জল ও বাতাসের বিভেদতলে আলোর প্রতিসরণ ✓

Q20 Reflection & Refraction

জলে আংশিক নিমজ্জিত অবস্থায় একটি পেন্সিলকে বাঁকা দেখায়। আলোর প্রতিসরণের ধারণা কীভাবে অ্যাকোয়ারিয়ামের আরও ভালো দৃশ্যমানতা তৈরিতে সহায়তা করতে পারে, তা কোন পরিস্থিতিটি সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

A. বস্তুগুলোকে স্পষ্টভাবে ফুটিয়ে তোলার জন্য রঙিন পশ্চাদপট ব্যবহার করা
B. অ্যাকোয়ারিয়ামের উজ্জ্বলতা বাড়ানোর জন্য আয়না ব্যবহার করা
C. আলোর প্রতিসরণ বিবেচনা করে আলোর অবস্থান নির্ধারণ করলে দর্শকরা মাছগুলোকে প্রকৃত অবস্থানে দেখতে পায়। ✓
D. আলোর বিচ্যুতি কমানোর জন্য জলের তাপমাত্রা পরিবর্তন করা

Q21 Reproductive System

নিচের কোন গঠনটি পুরুষ প্রজনন তন্ত্রের অন্তর্ভুক্ত **নয়**?

A. ডিম্বনালি ✓
B. ভাস ডিফারেন্স
C. শিশ্ন
D. স্ক্রোটাম

Q22 Respiratory System

প্রাণি কোশে কোশীয় শ্বসনের সময় নির্গত শক্তি ব্যবহার করে কোন অণুকে অবিলম্বে সংশ্লেষিত (immediately synthesized) করা হয়?

A. অ্যাডিনোসিন ট্রাইফসফেট (ATP) ✓
B. অ্যাডিনোসিন ডাইফসফেট (ADP)
C. নিকোটিনামাইড অ্যাডেনিন ডাইনিউক্লিওটাইড (NAD)
D. গুয়ানোসিন ডাইফসফেট (GDP)

Q23 Theory of Evolution

একজন পক্ষীবিশারদ লক্ষ্য করেন যে, বনাঞ্চলের পাখিদের তুলনায় পাহাড়ি অঞ্চলের পাখিদের বুকের পেশি অধিক শক্তিশালী এবং ডানাগুলো বড়ো আকারের হয়। এখানে কোন ধরনের গঠনগত অভিযোজন পরিলক্ষিত হচ্ছে?

A. বাসা তৈরির দক্ষতা বৃদ্ধি
B. ডিমের উৎপাদন বৃদ্ধি
C. পরিবেশে আত্মগোপনের ক্ষমতা (camouflage) বৃদ্ধি
D. লঘু বাতাসে (thin air) দীর্ঘক্ষণ ওড়ার সুবিধা ✓

Q24 Work, Energy & Power

একজন শিক্ষার্থী একটি বাক্সের ওপর, অনুভূমিক তলের সাথে একটি নির্দিষ্ট কোণে ধ্রুবক বল প্রয়োগ করে এবং বাক্সটি একটি অমসৃণ তলের ওপর দিয়ে সোজা অনুভূমিক রেখা বরাবর চলতে থাকে। প্রযুক্ত বলের দ্বারা বাক্সের ওপর কৃত কার্যকে নিচের কোন উক্তিটি সঠিকভাবে বর্ণনা করে?

A. প্রযুক্ত বলের কেবল উলম্ব উপাংশকে উলম্বভাবে অতিক্রান্ত দূরত্ব দিয়ে গুণ করলে কৃত কার্য পাওয়া যায়
B. বলের অনুভূমিক ও উলম্ব উপাংশের সমষ্টিকে মোট অতিক্রান্ত দূরত্ব দিয়ে গুণ করলে কৃত কার্য পাওয়া যায়
C. অনুভূমিক ও উলম্ব—উভয় উপাংশসহ মোট প্রযুক্ত বলকে অতিক্রান্ত দূরত্ব দিয়ে গুণ করলে কার্য কাজ পাওয়া যায়
D. প্রয়োগকৃত বলের কেবল অনুভূমিক উপাংশকে, অভিন্ন অভিমুখে অতিক্রান্ত দূরত্ব দিয়ে গুণ করলে কৃত কার্য পাওয়া যায় ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q25 Work, Energy & Power

m ভরের একটি বস্তুকে উল্লম্বভাবে ভূ-পৃষ্ঠের কাছাকাছি h উচ্চতায় তোলা হলে, বস্তুটির মহাকর্ষীয় স্থিতি শক্তি কত?

A. hg/m

B. mgh ✓

C. mh/g

D. mg/h

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science

25 Questions • Answer Key

Q1 Atomic Structure & Models

রাদারফোর্ডের মডেল অনুযায়ী নিচের কোন বিবৃতিটি নিউক্লিয়াসকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

- A. নিউক্লিয়াসটি ক্ষুদ্র, ঘন এবং ধনাত্মক আধানযুক্ত। ✓
- B. নিউক্লিয়াসটি ফাঁপা এবং নিস্তড়িৎ হয়।
- C. নিউক্লিয়াসটি আকারে বড়, হালকা এবং ঋণাত্মক আধানযুক্ত।
- D. নিউক্লিয়াসটি বিস্তৃত এবং আধানবিহীন।

Q2 Basic Organic Chemistry

এক মোল ইথানলের পূর্ণ জারণে কত মোল CO_2 নির্গত হয়?

- A. তিন
- B. দুই ✓
- C. এক
- D. চার

Q3 Chemical Bonding (Ionic, Covalent)

একটি অধাতু ইলেকট্রন গ্রহণ করলে এটি _____ গঠন করে।

- A. ক্যাটায়ন
- B. প্রোটন
- C. অ্যানায়ন ✓
- D. নিস্তড়িৎ

Q4 Circulatory System (Heart, Blood)

একজন রোগীর ফুসফুসের আয়তন স্বাভাবিক থাকা সত্ত্বেও অক্সিজেনের মাত্রা কমে গেছে। নিচের কোন অবস্থাটি এর ঠিক কারণ হতে পারে?

- A. শ্বাস-প্রশ্বাসের হার বৃদ্ধি পাওয়া
- B. বায়ুথলির সংখ্যা কমে যাওয়া
- C. কৈশিক নালিকার ঘনত্ব বৃদ্ধি পাওয়া
- D. হিমোগ্লোবিনের ঘনত্ব কমে যাওয়া ✓

Q5 Circulatory System (Heart, Blood)

সাদৃশ্যবিধান করুন।

অণুচক্রিকা : তঞ্চন :: শ্বেত রক্তকণিকা : _____

- A. প্রদাহের বিরুদ্ধে প্রতিরোধ ✓
- B. খনিজ উপাদান সঞ্চয়
- C. অস্থিসন্ধি যুক্ত করা
- D. অক্সিজেন পরিবহন

Q6 Circulatory System (Heart, Blood)

কোন গঠনটি হৃৎপিণ্ডের সংকোচনের সময় রক্তের পশ্চাৎপ্রবাহকে বাধা দেয়?

- A. কপাটিকা ✓
- B. ব্যবধায়ক
- C. পেশি
- D. ধমনি

Q7 Ecosystem & Food Chain

খাদ্যশৃঙ্খলের তুলনায় খাদ্যজালককে কেন বেশি স্থিতিশীল (stable) বলে মনে করা হয়?

- A. এদের মধ্যে কোনো মাংসাশী প্রাণি থাকে না
- B. এদের মধ্যে উৎপাদকের সংখ্যা অনেক বেশি থাকে
- C. এক্ষেত্রে খাদ্যস্তরসমূহের মধ্যে বহু-বৈকল্পিক সম্ভাবনা (multiple feeding possibilities) দেখা যায় ✓
- D. এরা ট্রফিক স্তরগুলির (trophic levels) মধ্যে কোনো শক্তির সঞ্চালন প্রদর্শন করে না

Q8 Electromagnetic Induction

যখন একটি পরিবাহী একটি চৌম্বক ক্ষেত্রের মধ্য দিয়ে গতিশীল হয়, তখন কী ঘটে?

- A. চৌম্বক ক্ষেত্রের শক্তি বৃদ্ধি পায়
- B. পরিবাহীটির দুই প্রান্তের মধ্যে একটি বিভব প্রভেদ তৈরি হয় ✓
- C. পরিবাহীতে আলো উৎপন্ন হয়
- D. পরিবাহীটি উত্তপ্ত হয়ে ওঠ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q9 Global Warming & Climate Change

বায়ুমণ্ডলে অতিরিক্ত CO_2 এর উপস্থিতি, সমুদ্রের জলে এর দ্রবীভূত হওয়ার পরিমাণ বৃদ্ধি করে। এর ফলে সমুদ্রের জল আরও বেশি _____ হয়।

A. ক্ষারকীয়

B. আম্লিক ✓

C. প্রশম

D. অক্সিজেনযুক্ত

Q10 Hydrocarbons (Methane, Ethane, etc.)

নিচে দেওয়া দুটি বাক্যের মধ্যে একটিকে 'বিবৃতি' এবং অপরটিকে তার 'কারণ' হিসেবে চিহ্নিত করা হয়েছে। নিম্নলিখিত বিকল্পগুলি থেকে যথাযথ সম্পর্কিত বিকল্পটি চয়ন করুন।

বিবৃতি (A): অসম্পৃক্ত হাইড্রোকার্বনগুলি কালো ধোঁয়া সহ হলুদ শিখা উৎপন্ন করে।
কারণ (R): অক্সিজেন অপর্যাপ্ত হলে এগুলির সম্পূর্ণ দহন হয়।

A. A মিথ্যা, কিন্তু R সত্য।

B. A সত্য, কিন্তু R মিথ্যা। ✓

C. A এবং R উভয়ই সত্য, এবং A এর সঠিক ব্যাখ্যা R নয়।

D. A এবং R উভয়ই সত্য, এবং R হল A এর সঠিক ব্যাখ্যা।

Q11 Light & Optics

প্রথম প্রিজমের ঠিক পরে যদি আরেকটি একইরকমের প্রিজমকে উল্টোভাবে রাখা হয়, তবে গঠিত বর্ণালীতে বর্ণগুলির ছড়িয়ে পড়ার ক্ষেত্রে কী ঘটবে?

A. শুধুমাত্র লাল ও বেগুনি বর্ণ মিশে যাবে

B. বর্ণগুলি আরও বেশি ছড়িয়ে পড়বে

C. বর্ণালীটি একপাশে সরে যাবে

D. ছড়িয়ে পড়া বর্ণগুলি পুনরায় একত্রিত হয়ে সাদা আলো গঠন করবে ✓

Q12 Magnetic Effects of Current

একটি যন্ত্র তড়িৎবাহী পরিবাহীর চারপাশের চৌম্বক ক্ষেত্রের নীতিকে কাজে লাগিয়ে তড়িৎ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করে। নিচের কোন যন্ত্রটি এই নীতি অনুযায়ী কাজ করে?

A. ট্রান্সফরমার

B. গ্যালভানোমিটার

C. সৌর কোষ

D. বৈদ্যুতিক মোটর ✓

Q13 Mechanics

একটি গতিশীল বস্তুর সরণকে সম্পূর্ণরূপে প্রকাশ করার জন্য কী প্রয়োজন?

A. মূলবিন্দুতে অবস্থান

B. মাত্রা এবং অভিমুখ উভয়ই ✓

C. কেবল মান

D. কেবল অভিমুখ

Q14 Mirrors & Lenses

15 cm ফোকাস দৈর্ঘ্যের একটি উত্তল লেন্স থেকে 25 cm দূরে একটি মোমবাতি রাখা হলে একটি সদবিম্ব গঠিত হয়। এক্ষেত্রে গঠিত প্রতিবিম্বটির বিবর্ধন কত হবে?

A. 1.67

B. -2.5

C. - 1.5 ✓

D. 0.4

Q15 Mixtures, Solutions, Colloids

একজন শিক্ষক তিনটি মিশ্রণ প্রস্তুত করলেন।

1. জলে দ্রবীভূত চিনি
2. জলে দ্রবীভূত লবণ
3. জলে মিশ্রিত বালি

নিচের কোনটি একটি **প্রলম্বন**?

A. কেবল চিনি এবং জলের মিশ্রণ

B. লবণ এবং জলের মিশ্রণ

C. চিনি-জলের মিশ্রণ এবং বালি-জলের মিশ্রণ উভয়ই

D. কেবল বালি এবং জলের মিশ্রণ ✓

Q16 Nervous System & Brain

নিউরনের কোন অংশটি কোশদেহ থেকে স্নায়ু উদ্দীপনা বহন করে নিয়ে যায়?

A. অ্যাক্সন ✓

B. মূলরোম

C. ফ্লাজেলা

D. সিলিয়া

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Newton's Laws of Motion

দুজন আইস স্কেটার একটি ঘর্ষণহীন পৃষ্ঠে একে অপরকে ধাক্কা দেয়। তাদের গতি সম্পর্কে কী পরিলক্ষিত হবে?

A. একজন স্কেটার চলতে থাকবে এবং অন্যজন স্থির থাকবে।

B. উভয় স্কেটার একে অপরের চারপাশে বৃত্তাকারভাবে চলতে থাকবে।

C. উভয় স্কেটার একই দিকে একসাথে চলতে থাকবে।

D. উভয় স্কেটার সমান এবং বিপরীত বল সহ বিপরীত দিকে একে অপরের থেকে দূরে সরে যাবে। ✓

Q18 Physical & Chemical Properties

নিম্নোক্ত কোন পদ্ধতিটি একটি ধাতুর ক্ষয় হতে দিয়ে অন্য একটি ধাতুর অপক্ষয় রোধ করে?

A. চিত্রাঙ্কণ

B. সংকরায়ন

C. দস্তালেপন ✓

D. অ্যানোডায়ন

Q19 Pollution (Air, Water, Soil, Noise)

নিচের কোন রাসায়নিক যৌগটি প্রধানত বায়ুমণ্ডলে ওজোন স্তর ক্ষয়ের জন্য দায়ী?

A. সালফার ডাই অক্সাইড

B. মিথেন

C. ক্লোরোফ্লুরোকার্বন ✓

D. নাইট্রোজেনের অক্সাইডসমূহ

Q20 Properties & Tests

একটি লঘু অ্যাসিড যখন কোনো ধাতব কার্বনেটের সঙ্গে বিক্রিয়া করে, তখন কোন গ্যাস নির্গত হয়?

A. কার্বন ডাই অক্সাইড গ্যাস নির্গত হয় ✓

B. নাইট্রোজেন গ্যাস নির্গত হয়

C. অক্সিজেন গ্যাস নির্গত হয়

D. হাইড্রোজেন গ্যাস নির্গত হয়

Q21 Skeletal & Muscular System

একজন শিশুর জন্মগতভাবে মেরুদণ্ড অনুপস্থিত। এক্ষেত্রে দেহের কোন প্রধান প্রক্রিয়া বা ব্যবস্থাটি প্রাথমিকভাবে ক্ষতিগ্রস্ত হবে?

A. বহিঃস্থ পরিপাক

B. কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের সুরক্ষা ✓

C. ত্বকীয় শ্বসন

D. শ্বসন গ্যাসের আদানপ্রদান

Q22 Sound

শব্দের বিস্তারে (propagation) একটি মাধ্যম কীভাবে কাজ করে?

A. মাধ্যমে এমন কণাসমূহ থাকে যারা শব্দের কম্পনকে বহন করে ✓

B. মাধ্যম এক স্থান থেকে অন্য স্থানে শব্দের চলাচলকে বাধা দেয়

C. এক স্থান থেকে অন্য স্থানে শব্দ চলাচলের জন্য কোনো মাধ্যমের প্রয়োজন হয় না

D. মাধ্যম শব্দকে চলাচলের জন্য আলোক শক্তিতে রূপান্তরিত করে

Q23 Types (Combination, Decomposition, etc.)

যখন দুটি জলীয় লবণের দ্রবণ মিশ্রিত করা হয় এবং একটি অদ্রবণীয় কঠিন পদার্থ উৎপন্ন হয় এবং অবশিষ্ট আয়নগুলি দ্রবণে দ্রবীভূত অবস্থায় থাকে, তখন যে বিক্রিয়া ঘটে তাকে কী ধরনের বিক্রিয়া বলা হয়?

A. সংযোজন বিক্রিয়া যার ফলে একক বিক্রিয়াজাত পদার্থ গঠিত হয়

B. দ্বি-প্রতিস্থাপন অধঃক্ষেপণ বিক্রিয়া ✓

C. প্রতিস্থাপন বিক্রিয়া যাতে ধাতুর বিনিময় ঘটে

D. বিয়োজন বিক্রিয়া যার জন্য শক্তির প্রয়োজন হয়

Q24 Work, Energy & Power

কার্য সম্পাদনের জন্য নিচের কোনটি আবশ্যক শর্ত **নয়**?

A. বল প্রয়োগ এবং সরণ উভয়ই ঘটতে হবে

B. বল প্রযুক্ত হতে হবে

C. সরণ ঘটতে হবে

D. শক্তি সঞ্চিত হতে হবে ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q25 Work, Energy & Power

500 kg ভরের একটি জলের ট্যাঙ্ক ভূমি থেকে 20 m উঁচুতে একটি ভবনের ছাদে রাখা আছে। অভিকর্ষজ ত্বরণ g = 10m/s^2 হয়। ট্যাঙ্কটির ভর অপরিবর্তিত রেখে যদি এটিকে অপর একটি ভবনের ছাদে নিয়ে যাওয়া হয় যার উচ্চতা প্রথম ভবনটির দ্বিগুণ, তাহলে ট্যাঙ্কটির নতুন অভিকর্ষজ স্থিতিশক্তি কত হবে?

A. 200,000 J ✓

B. 400,000 J

C. 50,000 J

D. 100,000 J

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science

25 Questions • Answer Key

Q1 Atomic Structure & Models

'X' নামক একটি মৌল X^{2+} আয়ন গঠন করে। যদি X-এর প্রশম পরমাণুতে 20টি ইলেকট্রন থাকে, তবে আয়নটিতে কতগুলি ইলেকট্রন উপস্থিত রয়েছে?

A. 22
B. 20
C. 18 ✓
D. 24

Q2 Atomic Structure & Models

একটি মৌলের যোজ্যতা কী নির্দেশ করে?

A. পারমাণবিক ভর এককে পরিমাপ করা পরমাণুর ভর
B. রাসায়নিক বিক্রিয়ায় একটি পরমাণুর সংযুক্তিকরণ ক্ষমতা ✓
C. একটি পরমাণুতে উপস্থিত ইলেকট্রন কক্ষের মোট সংখ্যা
D. নিউক্লিয়াসে উপস্থিত নিউট্রনের মোট সংখ্যা

Q3 Balancing Chemical Equations

একজন শিক্ষার্থী জিঙ্ক এবং নাইট্রিক অ্যাসিডের বিক্রিয়ার জন্য একটি সমতাবিহীন সমীকরণ লেখে।
$Zn + HNO_3 \rightarrow Zn(NO_3)_2 + H_2$
ক্ষুদ্রতম অখণ্ড সংখ্যা সহগ (coefficients) ব্যবহার করে সমীকরণটি সমতা বিধান করার পর, শমিত সমীকরণে সমস্ত সহগের সমষ্টি কত হবে?

A. 5 ✓
B. 7
C. 6
D. 8

Q4 Classification of Organisms

একটি উপজাতি সম্প্রদায় খাদ্য এবং ঔষধের জন্য বুনো মাশরুম শনাক্ত করে। এদের পুষ্টিগুণ এবং ঔষধি মূল্যের জন্য কোন বৈশিষ্ট্যটি সবচেয়ে প্রাসঙ্গিক?

A. উদ্ভিদের সঙ্গে গঠনগত সাদৃশ্য
B. দ্রুত রেণু উৎপাদনের ক্ষমতা
C. জৈব সক্রিয় (bioactive) যৌগসমূহের উচ্চ উপস্থিতি ✓
D. রঙিন টুপি আকারের বিন্যাসের (cap pattern) উপস্থিতি

Q5 Classification of Organisms

গবেষণাগারে একটি ছত্রাক কালচার (fungal culture) পর্যবেক্ষণ করে দেখা গেল যে, এটি একটি উষ্ণ এবং আর্দ্র ইনকিউবেটরে রাখলে সবচেয়ে ভালো বৃদ্ধি পায়। এই পরিবেশগত পরিস্থিতি ছত্রাকটির কোন দিকটিকে সরাসরি প্রভাবিত করে?

A. রঞ্জক পদার্থ (pigment) উৎপাদন বৃদ্ধি
B. কোশ বিভাজনের সর্বোচ্চ হার
C. ভ্যাকুওলে বা গহ্বরে উচ্চ শক্তি সঞ্চয়
D. স্পোর বা রেণুর অঙ্কুরোদ্গম ও বৃদ্ধির অনুকূল পরিবেশ ✓

Q6 Current Electricity (Ohm's Law, Circuits)

ধাতব ফিলামেন্টযুক্ত বাল্বের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহিত হলে সেটি জ্বলে ওঠে কেন?

A. ফিলামেন্টের মধ্যে একটি রাসায়নিক বিক্রিয়ার ফলে আলো উৎপন্ন হয়।
B. তড়িৎ প্রবাহের ফলে ফিলামেন্টটি চুম্বকে পরিণত হয়।
C. ফিলামেন্টটি রোধ প্রদান করে, যা বৈদ্যুতিক শক্তিকে তাপ এবং আলোতে রূপান্তরিত করে। ✓
D. ফিলামেন্টটি শূন্য রোধে তড়িৎ পরিবহন করে।

Q7 Current Electricity (Ohm's Law, Circuits)

একটি বিজ্ঞান প্রকল্পে বর্তনীর তড়িৎ প্রবাহ নিয়ন্ত্রণ (adjust) করার জন্য একটি পরিবর্তনশীল রোধকের প্রয়োজন। এই উপাদানটিকে বোঝানোর জন্য স্কিম্যাটিক ডায়াগ্রামে কোন প্রতীকটি ব্যবহার করতে হবে?

A. একটি সাধারণ আঁকাবাঁকা (zigzag) রেখা
B. সমান্তরাল লম্বা ও ছোট রেখা
C. একটি তীর চিহ্নসহ আঁকাবাঁকা (zigzag) রেখা ✓
D. একটি ফাঁক ও ব্রিজ সহ সরল রেখা

Q8 Digestive System

পাকস্থলীর গ্রন্থি থেকে নিঃসৃত কোন উৎসেচকটি প্রোটিন পরিপাকে সহায়তা করে?

A. পেপসিন ✓
B. লাইপেজ
C. মল্টেজ
D. অ্যামাইলেজ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q9 Digestive System

মানুষের পাকস্থলীর পরিপাক উৎসেচকের জন্য একটি নির্দিষ্ট pH বজায় রাখা গুরুত্বপূর্ণ কেন?

- A. ক্ষতিকারক ব্যাকটেরিয়ার বৃদ্ধি রোধ করে
- B. পেপসিনের মতো উৎসেচকের সঠিক আকৃতি এবং কার্যকলাপ নিশ্চিত করে ✓
- C. পাকস্থলীর অতিরিক্ত অম্লকে (অ্যাসিড) প্রশমিত করে
- D. এটি আরও কার্যকরভাবে জল শোষণ করতে সাহায্য করে

Q10 Ecosystem & Food Chain

যদি একটি জীবাণু-অবিয়োজ্য রাসায়নিক পদার্থ জলে 0.02 ppm গাঢ়ত্বে খাদ্যশৃঙ্খলে প্রবেশ করে, তাহলে সময়ের সাথে কী ঘটবে?

- A. এটি সর্বোচ্চ ট্রফিক স্তরে সবচেয়ে বেশি পরিমাণে জমা হবে ✓
- B. এটি শুধুমাত্র উৎপাদকদের মধ্যে থাকবে
- C. এটি বাস্তুতন্ত্র থেকে সম্পূর্ণভাবে অদৃশ্য হয়ে যাবে
- D. উচ্চ ট্রফিক স্তরে এর গাঢ়ত্ব হ্রাস পাবে

Q11 Hydrocarbons (Methane, Ethane, etc.)

সামুদ্রিক পলি থেকে পেট্রোলিয়াম তৈরির জন্য নিচের কোন শর্তাবলীর সমন্বয়টি সবচেয়ে বেশি অনুকূল?

- A. উচ্চ তাপমাত্রা, নিম্ন চাপ, সবাত পরিস্থিতি
- B. নিম্ন তাপমাত্রা, নিম্ন চাপ, সবাত (aerobic) পরিস্থিতি
- C. নিম্ন চাপ, উচ্চ তাপমাত্রা, সবাত পরিস্থিতি
- D. উচ্চ চাপ, উচ্চ তাপমাত্রা, অবাত (anaerobic) পরিস্থিতি ✓

Q12 Matter & Its Properties

কোন বিবৃতিটি ঠিকভাবে নির্দেশ করে যে রাসায়নিক পরিবর্তন ভৌত পরিবর্তন থেকে ভিন্ন?

- A. রাসায়নিক পরিবর্তন কেবল বাহ্যিক রূপ পরিবর্তন করে, যেখানে ভৌত পরিবর্তন নতুন পদার্থ তৈরি করে।
- B. রাসায়নিক পরিবর্তন কেবল আকার ও আকৃতিকে প্রভাবিত করে, যেখানে ভৌত পরিবর্তন সংযুতিকে প্রভাবিত করে।
- C. রাসায়নিক পরিবর্তনের ফলে নতুন পদার্থ উৎপন্ন হয়, কিন্তু ভৌত পরিবর্তনের ক্ষেত্রে তা হয় না। ✓
- D. রাসায়নিক পরিবর্তন সর্বদা প্রত্যাবর্তক, যেখানে ভৌত পরিবর্তন কখনোই প্রত্যাবর্তক নয়।

Q13 Mechanics

এক-মাত্রিক গতির (one-dimensional motion) ক্ষেত্রে কোন রাশির মান কখনোই ঋণাত্মক হতে পারে না?

- A. অবস্থানের পরিবর্তন
- B. বেগ
- C. অতিক্রান্ত দূরত্ব ✓
- D. সরণ

Q14 Mechanics

একটি লিভার কখন 1 এর চেয়ে বেশি যান্ত্রিক সুবিধা প্রদান করে?

- A. আলম্ববিন্দু অনুপস্থিত থাকলে
- B. ভার-বাহু, বল-বাহুর চেয়ে দীর্ঘ হলে
- C. উভয় বাহু সমান হলে
- D. বল-বাহু, ভার-বাহুর চেয়ে দীর্ঘ হলে ✓

Q15 Mirrors & Lenses

একজন পদার্থবিজ্ঞানের শিক্ষক শিক্ষার্থীদের এমন একটি পরিস্থিতি তৈরি করতে বললেন যেখানে দাড়ি কামানোর সময় অবতল দর্পণ ব্যবহার করে মুখের একটি বড় ও সমশীর্ষ প্রতিবিম্ব পাওয়া যায়। এই ফলাফল পাওয়ার জন্য দর্পণের সাপেক্ষে মুখটিকে কোথায় রাখতে হবে?

- A. দর্পণের ফোকাসে
- B. দর্পণের বক্রতা কেন্দ্রের বাইরে
- C. দর্পণের মেরু ও ফোকাসের মাঝখানে ✓
- D. দর্পণের বক্রতা কেন্দ্রে

Q16 Newton's Laws of Motion

নিউটনের তৃতীয় সূত্র অনুযায়ী, কোন পরিস্থিতিটি একটি 'ক্রিয়া-প্রতিক্রিয়া' জোড়াকে সঠিকভাবে নির্দেশ করে **না**?

- A. একটি বই টেবিলের উপর চাপ দিচ্ছে এবং অভিকর্ষ বল বইটিকে নিচের দিকে টানছে। ✓
- B. ব্যাটের আঘাতে বলের গতি পরিবর্তন এবং বলের দ্বারা ব্যাটের ওপর বিপরীতমুখী ধাক্কা
- C. রকেট দ্বারা নির্গত গ্যাসের পেছনের দিকে ধাক্কা এবং বাতাসের দ্বারা রকেটকে সামনের দিকে ঠেলে দেওয়া
- D. হাঁটার সময় পায়ের দ্বারা মাটিকে ধাক্কা দেওয়া এবং মাটির দ্বারা বিপরীতমুখী ধাক্কা

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Plant Biology

উদ্দীপকের প্রতিক্রিয়ায় বৃদ্ধির কারণে উদ্ভিদের কোন ধরনের চলন ঘটে?

- A. দিকনির্দেশক বৃদ্ধি ✓
- B. বৃত্তাকার বৃদ্ধি
- C. যদৃচ্ছ বৃদ্ধি
- D. দ্রুত সংকোচন

Q18 Plant Tissues & Transport

উদ্ভিদের ক্ষেত্রে, বিভাজনক্ষম ভাজক কলার উপস্থিতির কারণে বৃদ্ধি নির্দিষ্ট অঞ্চলে সীমাবদ্ধ থাকে, যা _____ নামেও পরিচিত।

- A. ভারবহনকারী কলা
- B. সংবহন কলা
- C. ভাজক কলা ✓
- D. স্থায়ী কলা

Q19 Reactivity Series

একটি দস্তার পাতকে আয়রন (II) সালফেট দ্রবণে ডুবানো হলে কী ঘটে?

- A. কোনো বিক্রিয়া হয় না
- B. দস্তার উপর লোহা জমা হয় এবং হাইড্রোজেন গ্যাস নির্গত হয়।
- C. দস্তার উপর আয়রন অক্সাইডের একটি আস্তরণ পড়ে।
- D. দস্তা দ্রবণ থেকে লোহাকে প্রতিস্থাপিত করে। ✓

Q20 Reflection & Refraction

যখন আলোর একটি রশ্মি একটি কাচের তৈরি ত্রিভুজাকার প্রিজমের মধ্য দিয়ে যায়, তখন নির্গত রশ্মিটি সাধারণত আপতিত রশ্মির সমান্তরাল হয় না। নিচের কোনটি এই ঘটনাটি সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

- A. আলোর রশ্মিটি প্রিজমের উভয় তলেই পূর্ণ প্রতিফলন ঘটায়।
- B. প্রিজমের সমান্তরাল তলগুলো সমান প্রতিসরণ ঘটায় যা একে অপরকে প্রশমিত করে দেয়।
- C. আলোর রশ্মিটি কোনো অভিমুখ পরিবর্তন ছাড়াই প্রিজমের মধ্য দিয়েসুষমভাবেঅতিক্রম করে।
- D. প্রিজমের প্রতিসারক তল দুটি একে অপরের সাথে আনত অবস্থায় থাকে, যার ফলে আলোর রশ্মির সামগ্রিক বিচ্যুতি ঘটে। ✓

Q21 Reproductive System

একজন নারীর ঋতুস্রাবের সময় অতিরিক্ত ও দীর্ঘস্থায়ী রক্তপাত হচ্ছে। তার চিকিৎসক এন্ডোমেট্রিয়াম-সংক্রান্ত কোনো সমস্যার আশঙ্কা করছেন। এই লক্ষণের কারণ হিসেবে কোন শারীরবৃত্তীয় প্রক্রিয়াটি সবচেয়ে সরাসরি প্রভাবিত হয়?

- A. এন্ডোমেট্রিয়াল কলার অতিরিক্ত ক্ষরণ ✓
- B. ডিম্বাশয়ের হরমোন উৎপাদন হ্রাস পাওয়া
- C. ডিম্বাণু নিঃসরণে বিলম্ব হওয়া
- D. রক্তনালী গঠন কমে যাওয়া

Q22 Respiratory System

প্রাণিদের মধ্যে, অবাত শ্বসনের ফলে প্রাথমিকভাবে _____ গঠিত হয়।

- A. ল্যাকটিক অ্যাসিড ✓
- B. জল
- C. কার্বন ডাই অক্সাইড
- D. গ্লুকোজ

Q23 Soaps & Detergents

কোন প্রধান প্রক্রিয়ার দ্বারা সাবান, কাপড় থেকে তৈলাক্ত ময়লা অপসারণ করে?

- A. সাবানের অণুগুলি পৃষ্ঠটান কমায় এবং ময়লাগুলিকে আটক করে মিশেল গঠন করে ✓
- B. সাবান, জলীয় পদার্থকে বাষ্পীভূত করে এবং ঊর্ধ্বপাতনের মাধ্যমে ময়লাকে আলাদা করে
- C. সাবান রাসায়নিকভাবে তেলের সঙ্গে বিক্রিয়া করে, এটিকে দ্রাব্য অ্যালকোহলে রূপান্তরিত করে
- D. সাবান সান্দ্রতা বৃদ্ধি করে এবং সরাসরি জলে অপদ্রব্যগুলিকে দ্রবীভূত করে

Q24 Ultrasound & Applications

ধাতব ব্লকের ত্রুটি সনাক্ত করতে আল্ট্রাসাউন্ড কীভাবে ব্যবহার করা যায়?

- A. ধাতুর রঙ পরিমাপ করে
- B. আল্ট্রাসাউন্ড দিয়ে ব্লকটি গরম করে
- C. ব্লকের অভ্যন্তরে দৃশ্যমান গতিবিধি পর্যবেক্ষণ করে
- D. অভ্যন্তরীণ ফাটলগুলিতে তরঙ্গের প্রতিফলন পরিমাপ করে ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q25 Work, Energy & Power

একটি শিশু দোলনায় দুলছে। শক্তির সংরক্ষণ সূত্র অনুযায়ী, কোন অবস্থানে শিশুটির গতিশক্তি সর্বাধিক হবে?

A. দোলনার সর্বনিম্ন অবস্থানে ✓

B. দোলনার সর্বোচ্চ অবস্থানে

C. সর্বোচ্চ ও সর্বনিম্ন অবস্থানের ঠিক মাঝখানে

D. সব অবস্থানেই গতিশক্তি সমান হবে

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science 25 Questions • Answer Key

Q1 Animal Kingdom (Phyla Overview)

দুটি জলজ প্রাণী: একজনের দেহে জল প্রবাহের জন্য ছিদ্র রয়েছে, অন্যজন শিকার ধরার জন্য কর্ষিকা ব্যবহার করে। কোন মূল গঠনগত পার্থক্যের মাধ্যমে তাদের এই খাদ্যগ্রহণের কৌশলকে ব্যাখ্যা করা যায়?

A. উভয় প্রাণীর দেহেই খণ্ডীভবনের উপস্থিতি

B. কর্ষিকাযুক্ত প্রাণীর দেহে কলার উপস্থিতি ✓

C. ছিদ্রযুক্ত প্রাণীতে দ্বিপার্শ্বীয় প্রতিসাম্য

D. কর্ষিকাযুক্ত প্রাণীর দেহে শক্ত কঙ্কালের উপস্থিতি

Q2 Atoms & Molecules

নিচের কোনটি একটি যৌগের অণুকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

A. একটি নির্দিষ্ট অনুপাতে বিভিন্ন মৌলের রাসায়নিক সংযোগে অণু গঠিত হয় ✓

B. পরমাণুর একটি ভৌত মিশ্রণ

C. যেকোনো পরিবর্তনশীল অনুপাতে পরমাণু দ্বারা অণু গঠিত হয়

D. একই মৌলের পরমাণুসমূহের একটি দল

Q3 Atoms & Molecules

নিচের টেবিলের যৌগগুলিকে, তাদের উপাদান মৌলসমূহের ভরের অনুপাতের সঙ্গে মেলান।

যৌগ	উপাদান মৌলসমূহের ভরের অনুপাত
1. জল (H_2O)	A. 1 : 8
2. কার্বন ডাই অক্সাইড (CO_2)	B. 14 : 3
3. অ্যামোনিয়া (NH_3)	C. 3 : 8
4. সালফার ডাই অক্সাইড (SO_2)	D. 1 : 1

A. 1 → A, 2 → D, 3 → B, 4 → C

B. 1 → A, 2 → C, 3 → B, 4 → D ✓

C. 1 → A, 2 → C, 3 → D, 4 → B

D. 1 → C, 2 → A, 3 → B, 4 → D

Q4 Carbon & Its Compounds

নিচের কোনটি কার্বনের একটি চতুস্তলকীয় (tetrahedral) কাঠামোযুক্ত রূপভেদ?

A. গ্রাফাইট

B. গ্রাফিন

C. হীরক ✓

D. ফুলেরিন

Q5 Circulatory System (Heart, Blood)

মানুষের ক্ষেত্রে, অক্সিজেন বহনকারী শ্বাসরঞ্জকটি হল _____।

A. ক্লোরোফিল

B. হিমোগ্লোবিন ✓

C. মায়োসিন

D. ইনসুলিন

Q6 Extraction & Metallurgy

নিম্নোক্তগুলির মধ্যে কোনটি লোহার বিশুদ্ধতম রূপ?

A. লিমোনাইট

B. শক্ত ইস্পাত

C. স্টেইনলেস স্টিল

D. রট (Wrought) আয়রন ✓

Q7 Food Preservation (Chemical)

আচারে সংরক্ষক পদার্থ বা প্রিজারভেটিভ হিসেবে নিম্নোক্ত কোনটি ব্যবহার করা হয়?

A. জলে 5-8% অ্যাসিটিক অ্যাসিডের দ্রবণ ✓

B. জলে 5-8% সিনামিক দ্রবণ

C. জলে 5-8% অ্যাসিটিক অ্যানহাইড্রাইডের দ্রবণ

D. জলে 5-8% ইথানল দ্রবণ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q8 Food Preservation (Chemical)

কোন সংরক্ষণ পদ্ধতি ভোজ্য তেল ও স্নেহপদার্থে দুর্গন্ধ তৈরির (rancidity) মাত্রাকে সবচেয়ে কার্যকরভাবে কমিয়ে দেয়?

A. বারবার গরম করা

B. জলের সাথে খাবার মেশানো

C. বায়ুরোধী পাত্রে সংরক্ষণ ✓

D. সূর্যালোকে রাখা

Q9 Household Wiring & Safety

ফিউজ তারকে আবৃত (encasing) করে রাখা কার্ট্রিজের (যেমন - পোর্সেলিন) কাজ কী?

A. ফিউজের মধ্য দিয়ে বৈদ্যুতিক প্রবাহ বৃদ্ধি করা

B. ফিউজের বিদ্যুৎ পরিবাহিতা বৃদ্ধি করা

C. গলিত ফিউজ তারকে নিরাপদে ধারণ করে রাখা (contain) এবং বিপদ প্রতিরোধ করা ✓

D. ফিউজের জন্য তাপ-শোষক (heat sink) হিসেবে কাজ করা

Q10 Human Eye & Defects

চোখের লেন্সের নমনীয়তা (flexibility) হ্রাস পাওয়ার কারণে কাছের বস্তুর ওপর ফোকাস করার ক্ষমতা কমে গেলে কোন দৃষ্টিত্রুটি দেখা দেয়?

A. লেন্সের নমনীয়তা কমে যাওয়ার ফলে মায়োপিয়া বা হ্রস্বদৃষ্টি হয়।

B. লেন্সের নমনীয়তা কমে যাওয়ার ফলে প্রেসবায়োপিয়া বা ক্ষীণদৃষ্টি হয়। ✓

C. লেন্সের নমনীয়তা কমে যাওয়ার ফলে হাইপারমেট্রোপিয়া বা দূরদৃষ্টি হয়।

D. লেন্সের নমনীয়তা কমে যাওয়ার ফলে অ্যাস্টিগম্যাটিজম বা বিষমদৃষ্টি হয়।

Q11 Light & Optics

সাদা আলো যখন কাচের প্রিজমের মধ্য দিয়ে যায়, তখন কী ঘটে?

A. এটি সাতটি বর্ণের একটি পট্টিতে বিভক্ত হয়ে যায় ✓

B. এটি পুনরায় সাদা আলোতে পরিণত হয়

C. এটি একটিমাত্র বর্ণে পরিবর্তিত হয়

D. এটি অদৃশ্য হয়ে যায়

Q12 Mechanics

কোন বিবৃতিটি গতি এবং বলের প্রেক্ষিতে সমবৃত্তীয় গতিকে সবচেয়ে ভালভাবে বর্ণনা করে?

A. একটি বস্তু পরিবর্তনশীল দ্রুতিতে সরলরৈখিক পথ বরাবর চলে।

B. একটি বস্তু সুষম দ্রুতি ও অভিন্ন অভিমুখ বজায় রেখে বৃত্তাকার পথ বরাবর চলে।

C. একটি বস্তু সুষম দ্রুতিতে বৃত্তাকার পথ বরাবর চলে, কিন্তু অভিমুখ পরিবর্তনের কারণে এর বেগের পরিবর্তন ঘটে। ✓

D. একটি বস্তু পরিবর্তনশীল দ্রুতি ও অভিন্ন অভিমুখ বজায় রেখে বৃত্তাকার পথ বরাবর চলে।

Q13 Mechanics

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি একটি বস্তুর বেগ পরিবর্তনের হারকে বর্ণনা করে?

A. সরণ

B. দ্রুতি

C. দূরত্ব

D. ত্বরণ ✓

Q14 Mixtures, Solutions, Colloids

যদি 175 g জলে 25 g লবণ দ্রবীভূত করা হয়, তবে দ্রবণটির ভর শতকরা ঘনত্ব কত হবে?

A. 18%

B. 12.5% ✓

C. 10%

D. 15%

Q15 Photosynthesis

যেহেতু উদ্ভিদ সূর্যালোকের সাহায্যে নিজেদের খাদ্য তৈরি করে, তাই তাদের পাকস্থলির মতো কোনো পরিপাক অঙ্গের প্রয়োজন হয় না। এর পরিবর্তে, তাদের মধ্যে ____ এর জন্য বিশেষায়িত কলা থাকে।

A. পরিপাক

B. চিন্তা করা

C. সালোকসংশ্লেষণ ✓

D. দৌড়ানো

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q16 Plant Kingdom (Divisions)

সম্প্রতি খরা-কবলিত কোনো পরিবেশে, অন্যান্য উদ্ভিদ টিকে থাকতে অসমর্থ হলেও ব্যক্তবীজী উদ্ভিদের কোন বৈশিষ্ট্যটি একে টিকে থাকতে সবচেয়ে বেশি সহায়তা করবে?

A. ফলগুলি জলের মাধ্যমে বীজের ছড়িয়ে পড়া (dispersal) বৃদ্ধি করে

B. জলজ নিষেক (Aquatic fertilisation) টিকে থাকা নিশ্চিত করে

C. সুঁচালো পাতা বাষ্পমোচন (water loss) প্রতিরোধ করে ✓

D. এর ফুলগুলি বিভিন্ন পরাগবাহককে (pollinators) আকৃষ্ট করে

Q17 Plant Tissues & Transport

সাদৃশ্যটি সম্পূর্ণ করুন।

জাইলেম: জল পরিবহণ: ফ্লোয়েম: _____

A. যান্ত্রিক শক্তি

B. গ্যাস বিনিময়

C. খাদ্য পরিবহণ ✓

D. জীবাণু থেকে সুরক্ষা

Q18 Pollution (Air, Water, Soil, Noise)

কেন জীবাণু-অবিয়োজ্য বর্জ্যপদার্থকে, জীবাণুবিয়োজ্য বর্জ্যের চেয়ে বেশি বিপজ্জনক বলে মনে করা হয়?

A. তারা পরিবেশে টিকে থাকে ✓

B. তারা দ্রুত বিয়োজিত হয়

C. তারা অণুজীবের কার্যকলাপ বৃদ্ধি করে

D. তারা অক্সিজেন নির্গত করে

Q19 Properties & Tests

হাইড্রোক্লোরিক অ্যাসিড (HCl) যদি সোডিয়াম হাইড্রক্সাইড (NaOH) এর সাথে বিক্রিয়া করে, তাহলে প্রতিটি বিক্রিয়ক থেকে কোন আয়নগুলি জল গঠনে অংশগ্রহণ করে?

A. NaOH থেকে H+(aq) এবং HCl থেকে OH-(aq)

B. HCl থেকে H+(aq) এবং NaOH থেকে OH-(aq) ✓

C. NaOH থেকে Na+(aq) এবং HCl থেকে Cl-(aq)

D. HCl থেকে Cl-(aq) এবং NaOH থেকে Na+(aq)

Q20 Reflection & Refraction

একটি আলোক রশ্মি বায়ু থেকে একটি আয়তাকার কাচের স্ল্যাবে অভিলম্বের সঙ্গে 40 ডিগ্রি কোণে প্রবেশ করে। বায়ুর সাপেক্ষে কাচের প্রতিসরাঙ্ক 1.5 এবং বায়ুতে আলোর গতি 3×10^8 m/s হলে, কাচের স্ল্যাবের অভ্যন্তরে আলোর গতি কত?

A. 2.25 × 108m/s

B. 1.5 × 108m/s

C. 2.5 × 108m/s

D. 2 × 108m/s ✓

Q21 Respiratory System

প্রাণিদের সবাত শ্বসনের জন্য কোন গ্যাস অপরিহার্য?

A. কার্বন ডাই অক্সাইড

B. হাইড্রোজেন

C. নাইট্রোজেন

D. অক্সিজেন ✓

Q22 Work, Energy & Power

কার্য-শক্তি উপপাদ্য (work–energy theorem) অনুযায়ী, কোনো বস্তুর ওপর সম্পাদিত মোট কার্য শূন্য হলে, তার গতিশক্তি _____।

A. ক্রমাগত বৃদ্ধি পায়

Q1 Atomic Structure & Models

বোরের পরমাণুর মডেল (Bohr's model) অনুসারে, কোনো পরমাণুর ইলেকট্রনের পৃথক কক্ষপথ সম্পর্কে নিচের বিবৃতিগুলির মধ্যে কোনটি সঠিক **নয়**?

A. বিশেষ কক্ষপথসমূহকে (discrete orbits) শক্তিস্তরও বলা হয়

B. বিশেষ কক্ষপথে ঘুরতে ঘুরতে ইলেক্ট্রনগুলি সূচকীয় হারে শক্তি বিকিরণ করে ✓

C. ইলেকট্রন পরিভ্রমণের জন্য বিশেষ কক্ষপথ হল কিছু নির্দিষ্ট কক্ষপথসমূহ (special orbits) যা পরমাণুর অভ্যন্তরে অবস্থিত

D. বিশেষ কক্ষপথে ঘুরতে ঘুরতে ইলেকট্রনগুলি শক্তি বিকিরণ করে না

Q2 Atomic Structure & Models

জে. জে. থমসনের পরীক্ষামূলক মডেলটি _____ প্রস্তাব করে।

A. প্রোটন-এর আবিষ্কার

B. ইলেকট্রন-এর আবিষ্কার ✓

C. নিউট্রন-এর আবিষ্কার

D. নিউক্লিয়াস-এর আবিষ্কার

Q3 Atoms & Molecules

মৌলের অণুর প্রসঙ্গে, কোন বিবৃতিটি 'পারমাণবিকতা' (Atomicity) পরিভাষাটিকে সঠিকভাবে ব্যাখ্যা করে?

A. এটি হল একটি পরমাণুতে উপস্থিত কক্ষসমূহের সংখ্যা

B. এটি হল একটি অণুতে উপস্থিত পরমাণুর সংখ্যা ✓

C. এটি একটি অণুতে উপস্থিত পরমাণুগুলোর মোট ভর

D. এটি একটি মৌলের ইলেকট্রন সংখ্যা

Q4 Basic Organic Chemistry

CH_3-CH_2-CHO যৌগটির ঠিক IUPAC নাম কী?

A. প্রোপানোয়িক অ্যাসিড

B. প্রোপানাল ✓

C. প্রোপানল

D. প্রোপানোন

Q5 Biodiversity & Conservation

বিজ্ঞানের এক শিক্ষার্থীকে, ভারতের ভূ-প্রকৃতিতে ব্যাপক জীববৈচিত্র্যের বিদ্যমানতার কারণ ব্যাখ্যা করতে বলা হয়। আবাসস্থলের বৈচিত্র্য এবং এন্ডেমিজম (endemism)-কে সবচেয়ে ভালোভাবে একত্রিত করে নিচের কোন বিকল্পটি একে ব্যাখ্যা করে?

A. একচেটিয়া কৃষিকার্যের ফলে প্রজাতির বৈচিত্র্য বৃদ্ধি পায়।

B. কেবলমাত্র মরুভূমির ওপর আলোকপাত করলে বৈচিত্র্য বৃদ্ধি পায়।

C. একই প্রকারের জলবায়ু, প্রজাতির সমরূপতাকে উন্নীত করে।

D. বৈচিত্র্যময় আবাসস্থল বিবিধ স্থানীয় প্রজাতির জন্য অনুকূল পরিস্থিতি তৈরি করে। ✓

Q6 Circulatory System (Heart, Blood)

মানুষের হৃৎপিণ্ডে বিভিন্ন প্রকোষ্ঠ থাকার প্রধান উদ্দেশ্য কী?

A. সমগ্র সিস্টেমিক শিরায় (systemic veins) রক্তচাপ স্থিতিশীল রাখা

B. গ্যাসীয় বিনিময়ের জন্য রক্তকে একচেটিয়াভাবে ফুসফুসের দিকে পাম্প করা

C. বিশ্রামের সময়ে অতিরিক্ত রক্ত সঞ্চয় করে রাখা

D. অক্সিজেন-সমৃদ্ধ এবং কার্বন ডাই অক্সাইড-সমৃদ্ধ রক্তের মিশ্রণ রোধ করা ✓

Q7 Current Electricity (Ohm's Law, Circuits)

যদি 4 Ω এবং 6 Ω এর দুটি রোধককে সমান্তরাল সমবায়ে যুক্ত করা হয়, তাহলে সমতুল্য রোধ কত হবে?

A. 4 Ω এবং 6 Ω এর মধ্যে

B. 4 Ω এর কম ✓

C. 6 Ω এর চেয়ে বেশি

D. 10 Ω এর সমান

Q8 Current Electricity (Ohm's Law, Circuits)

একজন শিক্ষার্থী এমন একটি যন্ত্র তৈরি করতে চায় যা একটি নির্দিষ্ট ব্যাটারি এবং সময়ের জন্য সর্বোচ্চ তাপ উৎপন্ন করবে। কোন সংযোগ ব্যবস্থাটি শিক্ষার্থীর বেছে নেওয়া উচিত?

A. শূন্য রোধের ব্যাটারিটিকে শর্ট-সার্কিট করা

B. খুব কম রোধ মানের একটি রোধক ব্যবহার করা ✓

C. সর্বোচ্চ সম্ভাব্য রোধ মানের একটি রোধক ব্যবহার করা

D. রোধ পরিবর্তন না করে আরও ব্যাটারি যুক্ত করা

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q9 Ecosystem & Food Chain

ঘাস → ঘাসফড়িং → ব্যাঙ → সাপ → ঈগল এই খাদ্যশৃঙ্খলটিতে, _____ এর শরীরে সবচেয়ে বেশি DDT সঞ্চিত হবে।

A. ঘাসফড়িং

B. ঈগল ✓

C. ঘাস

D. ব্যাঙ

Q10 Five Kingdom Classification

একটি মেডিকেল ল্যাবরেটরি রোগীর নমুনায় ব্যাকটেরিয়া শনাক্ত করে। শ্রেণিবিন্যাস পদ্ধতির ঐতিহাসিক বিবর্তনের ধারা অনুযায়ী, ' থ্রি কিংডম' পদ্ধতি প্রবর্তিত হওয়ার ঠিক পরপরই ব্যাকটেরিয়াকে কোন কিংডমে অন্তর্ভুক্ত করা হবে?

A. প্ল্যান্টি

B. অ্যানিমেলিয়া

C. মোনেরা

D. প্রোটিস্টা ✓

Q11 Human Body & Physiology

একজন রোগীর দেহের বাইরের আচ্ছাদনটি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার পর থেকে তিনি বারবার ত্বকের সংক্রমণে আক্রান্ত হচ্ছেন। তার কোন কলাটি ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি?

A. আবরণী কলা ✓

B. পেশী কলা

C. যোগ কলা

D. স্নায়ু কলা

Q12 Mechanics

দ্বিমাত্রিক গতিতে (two-dimensional motion) সরণ ভেক্টর (displacement vector) কী নির্দেশ করে?

A. বস্তুটির গড় দ্রুতি

B. যে প্রকৃত গতিপথ বরাবর বস্তুটি যাত্রা করেছে

C. প্রারম্ভিক বিন্দু থেকে অন্তিম বিন্দু পর্যন্ত অবস্থানের পরিবর্তন ✓

D. গতিপথ বরাবর অতিক্রান্ত দূরত্ব

Q13 Mirrors & Lenses

একটি উত্তল লেন্স তার আলোককেন্দ্র থেকে 30 cm দূরত্বে একটি সদবিম্ব গঠন করে। বস্তুটি লেন্স থেকে 20 cm দূরে রাখা হয়েছে। চিহ্নের রীতি অনুযায়ী, লেন্সটির ফোকাস দৈর্ঘ্যের সঠিক চিহ্ন এবং মান কত?

A. -60 cm

B. +12 cm ✓

C. +60 cm

D. -12 cm

Q14 Nervous System & Brain

স্নায়ুকলা সম্পর্কিত কোন বিবৃতিটি ঠিক **নয়**?

A. স্নায়ুকলার কোষগুলিকে নেফ্রন বলা হয়। ✓

B. স্নায়ুকলায় সুষুম্নাকান্ড থাকে।

C. স্নায়ুস্পন্দন হল স্নায়ুতন্তু দ্বারা পরিবাহিত বার্তা।

D. অ্যাক্সন হল স্নায়ুকলার একটি একক এবং দীর্ঘ অংশ।

Q15 Newton's Laws of Motion

যদি কোনো বস্তুর ভর দ্বিগুণ করা হয় এবং ত্বরণ স্থির থাকে, তাহলে বলের কী পরিবর্তন ঘটবে?

A. দ্বিগুণ হবে ✓

B. চারগুণ হবে

C. অর্ধেক হয়ে যাবে

D. অপরিবর্তিত থাকবে

Q16 Physical & Chemical Properties

ধাতুর ক্ষেত্রে নিচের কোন ভৌত ধর্মটি ঠিক?

A. ধাতু তাপের কুপরিবাহী।

B. ধাতু ভঙ্গুর এবং সহজে ভেঙে যায়।

C. ধাতু ঘরের তাপমাত্রায় কঠিন অবস্থায় থাকে।

D. ধাতু দ্যুতিময় এবং বিদ্যুতের সুপরিবাহী। ✓

Q17 Plant Tissues & Transport

উদ্ভিদের ফ্লোয়েম কলায় সুক্রোজ স্থানান্তরের প্রাথমিক প্রক্রিয়া কোনটি?

A. একটি অর্ধভেদ্য পর্দার মধ্য দিয়ে অভিস্রবণ

B. বাহক প্রোটিনের মাধ্যমে সহায়ক ব্যাপন

C. ঘনত্বের নতিমাত্রা বরাবর সাধারণ ব্যাপন

D. ATP থেকে প্রাপ্ত শক্তির সাহায্যে সক্রিয় পরিবহন ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q18 Pollution (Air, Water, Soil, Noise)

আমাদের দ্বারা গৃহীত কোন পদক্ষেপ জৈব বিবর্ধনকে সরাসরি হ্রাস করতে পারে?

A. ব্যবহারের আগে খাদ্যশস্যকে ভালোভাবে ধুয়ে নেওয়া

B. ফসলের উপর রাসায়নিক কীটনাশকের ব্যবহার কমানো ✓

C. খাদ্যশস্যের পরিবর্তে মাংস খাওয়া

D. ফসলের অবশিষ্টাংশ পোড়ানো

Q19 Properties & Tests

হাইড্রোক্লোরিক অ্যাসিড এবং সোডিয়াম হাইড্রোক্সাইড দ্রবণের কোন সাধারণ বৈশিষ্ট্যের কারণে তারা জলের pH পরিবর্তন করতে পারে এবং একই সঙ্গে তড়িৎ পরিবহন করতে সক্ষম?

A. উভয়ই নীল লিটমাসকে লাল করে।

B. উভয়েরই pH মান 7এর কম।

C. উভয়েরই স্বাদ টক।

D. উভয়ই জলীয় দ্রবণে আয়ন তৈরি করে। ✓

Q20 Reflection & Refraction

একটি হীরকের পরম প্রতিসরাঙ্ক 2.42 হয়। শূন্যমাধ্যমে আলোর গতি 3×10^8 m/s হলে, হীরকের মধ্যে আলোর গতির আনুমানিক মান কত?

A. 2 × 108m/s

B. 1 × 108m/s

C. 1.5 × 108m/s

D. 1.24 × 108m/s ✓

Q21 Soaps & Detergents

খর জলে সাবান কম কার্যকর হওয়ার কারণ কী?

A. সাবান দ্রুত বাষ্পীভূত হয়ে যায়

B. সাবান অদ্রবণীয় গাদ বা স্কাম তৈরি করে ✓

C. সাবান তার ধ্রুবীয়তা হারায়

D. সাবান অম্লীয় হয়ে যায়

Q22 Types (Combination, Decomposition, etc.)

কোন মৌলিক পরিবর্তনটি (fundamental change) বিয়োজন বিক্রিয়াকে অন্যান্য ধরণের রাসায়নিক বিক্রিয়া থেকে পৃথক করে?

A. একটি যৌগ, সরল উপাদানসমূহে ভেঙে যায় ✓

B. দ্রবণে আয়নগুলি স্থান বিনিময় করে

C. দু'টি উপাদান সংযুক্ত হয়ে একটি পদার্থ গঠন করে

D. একটি মৌল অন্য একটি মৌলকে প্রতিস্থাপন করে

Q23 Wave Properties (Frequency, Wavelength)

বাতাসের মধ্য দিয়ে যাওয়ার সময় শব্দ তরঙ্গে ঘনীভবন এবং তনুভবন কীভাবে তৈরি হয়?

A. বায়ুর কণাগুলো সর্বদা সমান দূরত্ব বজায় রাখে।

B. তরঙ্গটি যাওয়ার সময় বায়ুর কণাগুলো সর্পিলাকার নকশায় চলে।

C. বায়ুর কণাগুলো ক্রমাগত পরস্পরের সঙ্গে ধাক্কা খায় এবং একসঙ্গে লেগে থাকে।

D. বায়ুর কণাগুলো পর্যায়ক্রমে পরস্পরের কাছাকাছি আসে এবং দূরে সরে যায়। ✓

Q24 Work, Energy & Power

একটি রোলার কোস্টার গাড়ি তার ট্র্যাকের সর্বোচ্চ বিন্দুতে রয়েছে এবং নিচে নামার জন্য প্রস্তুত। যদি উচ্চতা এবং অভিকর্ষ ত্বরণ অপরিবর্তিত রেখে গাড়ি ও তার যাত্রীদের ভর দ্বিগুণ করা হয়, তবে সর্বোচ্চ বিন্দুতে তার অভিকর্ষজ স্থিতিশক্তির পূর্বের তুলনায় কী পরিবর্তন হবে?

A. অভিকর্ষজ স্থিতিশক্তি অপরিবর্তিত থাকবে

B. অভিকর্ষজ স্থিতিশক্তি অর্ধেক হবে

C. অভিকর্ষজ স্থিতিশক্তি দ্বিগুণ হবে ✓

D. অভিকর্ষজ স্থিতিশক্তি চারগুণ হবে

Q25 Work, Energy & Power

কোনো বস্তুর স্থিতিশক্তির সাংখ্যিক মান পরিমাপের SI একক কি?

A. জুল (J) ✓

B. নিউটন (N)

C. ওয়াট (W)

D. পাস্কাল (Pa)

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science 25 Questions • Answer Key

Q1 Acids, Bases & Salts

তীব্র অ্যাসিড ও তীব্র ক্ষারকের লবণগুলি সাধারণত _____ হয়।

A. উভধর্মী

B. প্রশমিত ✓

C. আম্লিক

D. ক্ষারকীয়

Q2 Atoms & Molecules

একজন শিক্ষার্থীকে বেরিয়াম নাইট্রেট ($Ba(NO_3)_2$) এর সংকেত একক ভর গণনা করতে বলা হয়। শিক্ষার্থীকে প্রথমে কী করতে হবে?

A. শুধু নাইট্রেটের আণবিক ভর নির্ণয় করতে হবে

B. শুধু বেরিয়ামের পারমাণবিক ভর নির্ণয় করতে হবে

C. বেরিয়ামের পারমাণবিক সংখ্যা নির্ণয় করতে হবে

D. সংকেতের মৌলগুলি নির্ণয় করতে হবে ✓

Q3 Atoms & Molecules

নিচের কোনটি দ্বিপরমাণুক অণু হিসেবে বিদ্যমান **নয়**?

A. সালফার ✓

B. নাইট্রোজেন

C. হাইড্রোজেন

D. ক্লোরিন

Q4 Basic Organic Chemistry

নিচের দুটি বিবৃতি মনোযোগ সহকারে পড়ুন এবং সঠিক বিকল্পটি চয়ন করুন:

বিবৃতি I: ক্ষারীয় পটাশিয়াম পারম্যাঙ্গানেট দ্বারা ইথানলের জারণের ফলে ইথানোয়িক অ্যাসিড উৎপন্ন হয়।
বিবৃতি II: ইথানলের জারণে হাইড্রোজেন পরমাণু অপসারিত হয় এবং অক্সিজেন যুক্ত হয়।
নিম্নোক্তগুলির মধ্যে কোনটি সঠিক?

A. শুধুমাত্র বিবৃতি I সঠিক।

B. উভয় বিবৃতিই সঠিক, কিন্তু বিবৃতি II, বিবৃতি I কে ব্যাখ্যা করে না।

C. উভয় বিবৃতিই সঠিক, এবং বিবৃতি II, বিবৃতি I কে ব্যাখ্যা করে। ✓

D. শুধুমাত্র বিবৃতি II সঠিক।

Q5 Biology

নিচের কোন উক্তিটি সর্বোত্তমভাবে ব্যাখ্যা করে যে, কেন কেবল দৃশ্যমান চলন দেখে কোনো উদ্ভিদ জীবিত কি না, তা নির্ধারণ করা যায় না?

A. উদ্ভিদ দৃশ্যমান বৃদ্ধি বা চলন ছাড়াই জীবিত থাকতে পারে। ✓

B. জীবিত জীবের মধ্যে দৃশ্যমান চলন সর্বদা উপস্থিত থাকে।

C. জীবিত থাকার জন্য সমস্ত জীবকে অবশ্যই দৃশ্যমান চলন প্রদর্শন করতে হবে।

D. দৃশ্যমান চলন ছাড়া শুধুমাত্র প্রাণী জীবিত থাকতে পারে।

Q6 Cell Structure & Organelles

প্রাণী কোষে সবাত (aerobic) শ্বসনের ক্ষেত্রে প্রধানত কোন অঙ্গাণুটি কাজ করে?

A. নিউক্লিয়াস

B. এন্ডোপ্লাজমিক রেটিকুলাম

C. মাইটোকন্ড্রিয়া ✓

D. রাইবোজোম

Q7 Current Electricity (Ohm's Law, Circuits)

একটি হিটারের রেটিং 220 V এবং 1000 W হয়। এটিকে যদি 110 V এর সরবরাহের সঙ্গে যুক্ত করা হয়, তবে হিটারটি কত ক্ষমতা ব্যয় করবে?

A. 1000 W

B. 500 W

C. 200 W

D. 250 W ✓

Q8 Ecology & Environment

নিচের কোন ক্রমটি প্রকৃতিতে জলচক্রের গতিপথ (movement of water) **সঠিকভাবে** নির্দেশ করে?

A. অধঃক্ষেপণ → জলপ্রবাহ → বাষ্পীভবন

B. বাষ্পীভবন → ঘনীভবন → অধঃক্ষেপণ ✓

C. ঘনীভবন → অধঃক্ষেপণ → বাষ্পীভবন

D. বাষ্পীভবন → অধঃক্ষেপণ → ঘনীভবন

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q9 Endocrine System (Hormones & Glands)

কোন হরমোন মানবদেহে রক্তের শর্করার মাত্রা নিয়ন্ত্রণ করে?

A. থাইরয়েড হরমোন

B. অ্যাড্রিনালিন

C. বৃদ্ধি হরমোন

D. ইনসুলিন ✓

Q10 Excretory System (Kidney)

প্রতিটি বৃক্কে ঘনসন্নিবিষ্ট পরিস্রাবণ এককগুলোর নাম কী?

A. নিউরন

B. নেফ্রন ✓

C. টিউবিউল

D. গ্লোমেরুলাস

Q11 Food Preservation (Chemical)

পটেটো চিপসের প্যাকেট সিল করার আগে তাতে নাইট্রোজেন গ্যাস ভরা হয়। প্যাকেটে নাইট্রোজেন ব্যবহার করার প্রধান কারণটি কী?

A. নাইট্রোজেন তেলের সঙ্গে বিক্রিয়া করে এর স্থিতিশীলতা বৃদ্ধি করে

B. নাইট্রোজেন, চিপস থেকে আর্দ্রতা দূর করে

C. নাইট্রোজেন, তেল ও ফ্যাটের জারণ রোধ করে ✓

D. নাইট্রোজেন, চিপসের মুচমুচে ভাব বাড়ায়

Q12 Human Body & Physiology

আবরণী কলা বা এপিথেলিয়াল টিস্যু, তার নিচের টিস্যু থেকে একটি তন্তুময় বহিঃকোষীয় স্তর দ্বারা পৃথক থাকে, যা _____ নামে পরিচিত।

A. সাইটোপ্লাজম

B. কোষ প্রাচীর

C. বেসমেন্ট মেমব্রেন ✓

D. সংযোগকারী ম্যাট্রিক্স

Q13 Hydrocarbons (Methane, Ethane, etc.)

সম্পৃক্ত হাইড্রোকার্বন নীল শিখায় জ্বলে, কিন্তু অসম্পৃক্ত হাইড্রোকার্বন হলুদ, কালো ধোঁয়াযুক্ত শিখায় জ্বলতে থাকে কেন?

A. অসম্পৃক্ত হাইড্রোকার্বনের কার্বন এবং হাইড্রোজেনের অনুপাতের মান বেশি হয়, যার ফলে অসম্পূর্ণ দহন এবং কালো ধোঁয়াযুক্ত শিখা তৈরি হয়। ✓

B. সম্পৃক্ত হাইড্রোকার্বনের বন্ধন দুর্বল থাকে, তাই তাদের সম্পূর্ণ দহন হয়।

C. সম্পৃক্ত হাইড্রোকার্বন বাতাসে নাইট্রোজেনের সঙ্গে বিক্রিয়া করে কালো ধোঁয়াযুক্ত শিখা তৈরি রোধ করে।

D. অসম্পৃক্ত হাইড্রোকার্বনে বেশি অক্সিজেন থাকে, যার ফলে অসম্পূর্ণ দহন হয়।

Q14 Magnetic Effects of Current

একটি ঋজু তড়িৎবাহী পরিবাহীর ক্ষেত্রে ডানহাতের বৃদ্ধাঙ্গুষ্ঠ নিয়মের প্রয়োগ নিচের কোন বিবৃতিটি সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

A. তড়িৎ প্রবাহের জন্য বাম হাত এবং চৌম্বক ক্ষেত্রের জন্য ডান হাত ব্যবহার করা হয়।

B. বৃদ্ধাঙ্গুলি তড়িৎ প্রবাহের অভিমুখ নির্দেশ করে এবং আঙুলগুলো চৌম্বক ক্ষেত্রের দিকে বেঁকে থাকে। ✓

C. আঙুলগুলো তড়িৎ প্রবাহের অভিমুখ নির্দেশ করে এবং বৃদ্ধাঙ্গুলি চৌম্বক ক্ষেত্রের দিকে বেঁকে থাকে।

D. বৃদ্ধাঙ্গুলি চৌম্বক ক্ষেত্রের অভিমুখ নির্দেশ করে এবং আঙুলগুলো তড়িৎ প্রবাহের অভিমুখে বেঁকে থাকে।

Q15 Mechanics

একটি সরলরেখা বরাবর গতিশীল কোনো বস্তু যদি পুনরায় তার যাত্রার প্রারম্ভিক বিন্দুতে ফিরে আসে, তবে বস্তুটির অতিক্রান্ত দূরত্ব এবং সরণের পার্থক্যকে নিচের কোন বিকল্পটি সবচেয়ে সঠিকভাবে ব্যাখ্যা করে?

A. অতিক্রান্ত দূরত্ব সর্বদা সরণের সমান হয়

B. সরণ সর্বদা ঋণাত্মক হয়

C. অতিক্রান্ত দূরত্ব সরণের সমান অথবা সরণ অপেক্ষা বেশি হয় ✓

D. সরণ সর্বদা অতিক্রান্ত দূরত্ব অপেক্ষা বেশি হয়

Q16 Mechanics

গতির প্রেক্ষিতে রৈখিক বেগ কোন রাশিকে নির্দেশ করে?

A. শুধুমাত্র গতির অভিমুখ

B. সকল অভিমুখে অতিক্রান্ত মোট দূরত্ব

C. সরলরৈখিক পথ বরাবর অবস্থান পরিবর্তনের হার ✓

D. প্রযুক্ত বলের পরিমাণ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Mechanics

সরল যন্ত্র সম্পর্কে নিচের বিবৃতিগুলি বিবেচনা করুন।

1. ভার (loads) উত্তোলন করতে সাহায্য করে।
2. যে দূরত্ব জুড়ে বল (effort) কাজ করে, তা বাড়াতে পারে।
3. বলের অভিমুখ পরিবর্তন করতে পারে।
4. শক্তির সংরক্ষণ সূত্রকে লঙ্ঘন করে।

উপরের কোন বিবৃতিটি ঠিক?

- A. শুধুমাত্র 2 এবং 3
- B. শুধুমাত্র 1 এবং 4
- C. 1, 2, 3 এবং 4
- D. শুধুমাত্র 1, 2 এবং 3 ✓

Q18 Mirrors & Lenses

একটি লেন্স দ্বারা বস্তুর আকারের চেয়ে তিনগুণ বড় একটি প্রতিবিম্ব গঠিত হয়। প্রতিবিম্বটি সমশীর্ষ হলে, বিবর্ধনের মান কত?

- A. -0.33
- B. + 3 ✓
- C. -3
- D. + 0.33

Q19 Mirrors & Lenses

একটি উত্তল দর্পণের বক্রতা ব্যাসার্ধ 50 cm হয়। আলোর একটি সমান্তরাল রশ্মি দর্পণটির ওপর আপতিত হয়। দর্পণের মেরু থেকে কত দূরত্বে প্রতিফলিত রশ্মিটি অপসৃত হচ্ছে বলে মনে হয়?

- A. দর্পণের পিছনে 10 cm
- B. দর্পণের সামনে 25 cm
- C. দর্পণের পিছনে 25 cm ✓
- D. দর্পণের সামনে 50 cm

Q20 Mixtures, Solutions, Colloids

নিম্নোক্ত কোনটিকে সাধারণ পরিস্রাবণ দ্বারা পৃথক করা যায় **না**?

- A. কলয়ডীয় দ্রবণ
- B. প্রলম্বন
- C. বালি এবং জলের মিশ্রণ
- D. প্রকৃত দ্রবণ ✓

Q21 Photosynthesis

ফাইটোপ্ল্যাঙ্কটনের মতো সামুদ্রিক জীবেরা সমুদ্রের জলে দ্রবীভূত CO_2 ব্যবহার করে _____ প্রক্রিয়ার জন্য।

- A. সালোকসংশ্লেষ ✓
- B. দহন
- C. বিয়োজন
- D. শ্বসন

Q22 Physical & Chemical Properties

নিচের কোন শর্তটি ধাতুর ক্ষয় প্রক্রিয়াকে সবচেয়ে বেশি ত্বরান্বিত করে?

- A. আর্দ্র বায়ু এবং লবণ বা অ্যাসিডের উপস্থিতি ✓
- B. শুষ্ক বায়ু এবং নিম্ন তাপমাত্রা
- C. শূন্যস্থান এবং অন্ধকার
- D. বিশুদ্ধ জল এবং সূর্যালোক

Q23 Skeletal & Muscular System

তরুণাস্থির কোষগুলি _____ নামে পরিচিত।

- A. অস্টিওসাইটস
- B. অ্যাডিপোসাইটস
- C. কন্ড্রোসাইটস ✓
- D. ফাইব্রোব্লাস্ট

Q24 Wave Properties (Frequency, Wavelength)

যদি একটি শব্দ তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য 0.5 m হয় এবং এটি 250 m/s এ ভ্রমণ করে, তাহলে এর কম্পাঙ্ক কত?

- A. 250 Hz
- B. 500 Hz ✓
- C. 1000 Hz
- D. 125 Hz

Q25 Work, Energy & Power

যদি দু'টি বস্তুর বেগ সমান হয়, তবে কোন বস্তুটির গতিশক্তি বেশি হবে?

- A. যে বস্তুটির আকৃতি ভিন্ন
- B. যে বস্তুটির রঙ বেশি উজ্জ্বল
- C. যে বস্তুটির ভর বেশি ✓
- D. যে বস্তুটির আকার বড়ো

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science

25 Questions • Answer Key

Q1 Atomic Structure & Models

বোরের মডেল অনুযায়ী, কোনো পরমাণুর পারমাণবিক সংখ্যা 15 এবং ভর সংখ্যা 31 হ'লে, ওই পরমাণুতে উপস্থিত নিউট্রনের সংখ্যা কত?

- A. নিউট্রনের সংখ্যা 16 ✓
- B. নিউট্রনের সংখ্যা 30
- C. নিউট্রনের সংখ্যা 31
- D. নিউট্রনের সংখ্যা 15

Q2 Atoms & Molecules

একজন শিক্ষার্থী অ্যালুমিনিয়াম সালফেটের রাসায়নিক সংকেত লিখতে চায়, যাতে দু'টি অ্যালুমিনিয়াম পরমাণু, তিনটি সালফার পরমাণু এবং বারোটি অক্সিজেন পরমাণু আছে। সঠিক সংকেত কোনটি?

- A. Al3(SO4)2
- B. Al2SO4
- C. Al2(SO4)3 ✓
- D. Al(SO4)3

Q3 Basic Organic Chemistry

170°C তাপমাত্রায় অতিরিক্ত গাঢ় সালফিউরিক অ্যাসিডের সঙ্গে ইথানলকে উত্তপ্ত করলে কী ঘটে?

- A. নিরুদনের (dehydration) মাধ্যমে ইথিন উৎপন্ন হয় ✓
- B. ইথানয়িক অ্যাসিড উৎপন্ন হয়
- C. মিথেন গ্যাস উৎপন্ন হয়
- D. কার্বন ডাইঅক্সাইড গ্যাস নির্গত হয়

Q4 Biodiversity & Conservation

সঙ্গম সাহিত্যের 'টিনাই' (Tinai) বা ভূ-প্রাকৃতিক অঞ্চলের শ্রেণিবিন্যাস এবং পবিত্র উপবনসমূহ কীভাবে জীববৈচিত্র্য সংরক্ষণে সহায়তা করেছিল?

- A. এগুলি কৃষি উৎপাদন বৃদ্ধি করেছে
- B. এগুলি বিদেশী প্রজাতি প্রবর্তন করেছে
- C. এগুলি স্থানীয়ভাবে বৈচিত্র্যময় আবাসস্থল সংরক্ষণ করেছে ✓
- D. এগুলি সমস্ত ভারতীয় প্রজাতিকে শ্রেণীবদ্ধ করেছে

Q5 Current Electricity (Ohm's Law, Circuits)

একই উপাদান দিয়ে তৈরি, একই দৈর্ঘ্যের এবং একই তাপমাত্রায় রাখা দু'টি সুষম তারের তুলনা করা হচ্ছে। কোন কারণটির জন্য একটি তারের বৈদ্যুতিক রোধ, অন্যটির চেয়ে বেশি হবে?

- A. ক্ষুদ্রতর প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল ✓
- B. বেশি তড়িৎ প্রবাহ
- C. উচ্চ ভোল্টেজ
- D. বৃহত্তর প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল

Q6 Current Electricity (Ohm's Law, Circuits)

যদি একটি বাল্বের ফিলামেন্ট 10 মিনিট ধরে 0.5 A তড়িৎ প্রবাহ টানে, তবে বর্তনীটির মধ্য দিয়ে প্রবাহিত মোট আধানের পরিমাণ কত?

- A. 0.05 কুলম্ব
- B. 60 কুলম্ব
- C. 30 কুলম্ব
- D. 300 কুলম্ব ✓

Q7 Ecosystem & Food Chain

নিচের কোনটি সঠিকভাবে একটি খাদ্য শৃঙ্খলকে উপস্থাপন করে?

- A. বাঘ → ঘাস → হরিণ
- B. ঘাস → হরিণ → বাঘ ✓
- C. হরিণ → ঘাস → বাঘ
- D. ঘাস → বাঘ → হরিণ

Q8 Excretory System (Kidney)

কোন গঠনটি বৃক্ককে মূত্রাশয়ের সঙ্গে সংযুক্ত করে?

- A. মূত্রথলি (Bladder)
- B. মূত্রনালি (Urethra)
- C. গবিণী (Ureter) ✓
- D. পেলভিস (Pelvis)

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q9 Extraction & Metallurgy

তামা এবং পারদের মতো সক্রিয়তা শ্রেনির নিচের দিকের ধাতুগুলি কী দ্বারা নিষ্কাশন করা হয়?

A. তাদের গলিত আকরিকের তড়িৎ বিশ্লেষণ

B. আরও সক্রিয় ধাতু ব্যবহার করে প্রতিস্থাপন

C. সালফাইড আকরিককে অক্সাইডে রূপান্তর করার জন্য বাতাসে তাপজারণ করা, তারপরে উত্তপ্ত করা ✓

D. উচ্চ তাপমাত্রায় কার্বন বিজারণ

Q10 Human Eye & Defects

স্পষ্ট দেখার জন্য কোনটি আলোর প্রতিসরণকে ব্যবহার করে আলোকে একটি নির্দিষ্ট বিন্দুতে কেন্দ্রীভূত করে?

A. কোনো বস্তুর পেছনে সৃষ্ট ছায়া

B. মানুষের চোখের লেন্স, যা নিজের আকৃতি পরিবর্তনে সক্ষম ✓

C. সূর্যরশ্মিকে বিভক্তকারী কাচের প্রিজম

D. প্রতিবিম্ব প্রতিফলক সমতল দর্পণ

Q11 Hydrocarbons (Methane, Ethane, etc.)

সম্পৃক্ত হাইড্রোকার্বন, অসম্পৃক্ত হাইড্রোকার্বনের তুলনায় কম সক্রিয় কেন?

A. কারণ, তাদের এক-বন্ধনটি হল শক্তিশালী। ✓

B. কারণ, তাদের মধ্যে দ্বি-বন্ধন রয়েছে।

C. কারণ, এগুলিতে অক্সিজেন থাকে।

D. কারণ, এগুলি সুগন্ধিযুক্ত।

Q12 Matter & Its Properties

ভৌত ও রাসায়নিক পরিবর্তনের ক্ষেত্রে কোন বিবৃতিটি ঠিক?

A. দ্রবণে সমস্ত পরিবর্তন রাসায়নিক।

B. ভৌত পরিবর্তনগুলি নতুন পদার্থ গঠন করে

C. সমস্ত ভৌত পরিবর্তন অপরিবর্তনীয়।

D. রাসায়নিক পরিবর্তনগুলি পদার্থের সংযুতিকে পরিবর্তন করে ✓

Q13 Mechanics

একটি গাড়ি স্থির অবস্থা থেকে যাত্রা শুরু করে 5 সেকেন্ড সময় ধরে 2 m/s^2 সমত্বরণে চলে। এই সময়ে গাড়িটি কত দূরত্ব অতিক্রম করে?

A. 20 মিটার

B. 50 মিটার

C. 10 মিটার

D. 25 মিটার ✓

Q14 Mechanics

নিচের কোনটি সমদ্রুতিতে গতিশীল কোনো বস্তুর ক্ষেত্রে দূরত্ব-সময় লেখচিত্রের আকৃতিকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

A. পরিবর্তনশীল নতি বিশিষ্ট সরলরেখা

B. অনুভূমিক সরলরেখা

C. সুষম নতি বিশিষ্ট সরলরেখা ✓

D. ঊর্ধ্বমুখী বক্ররেখা

Q15 Mirrors & Lenses

গোলীয় দর্পণের ক্ষেত্রে বস্তুর দূরত্ব পরিমাপের সময়, '**নিউ কার্টেসিয়ান চিহ্ন প্রথা**' (New Cartesian Sign Convention) অনুযায়ী, বস্তুটি দর্পণের সামনে রাখা হলে কোন চিহ্ন ব্যবহার করা হয়?

A. কোনো চিহ্ন নির্ধারিত হয় না

B. পরিবর্তনশীল চিহ্ন নির্ধারিত হয়

C. ধনাত্মক চিহ্ন নির্ধারিত হয়

D. ঋণাত্মক চিহ্ন নির্ধারিত হয় ✓

Q16 Plant Tissues & Transport

প্রাণী কলার তুলনায় উদ্ভিদ কলায় শক্তির প্রয়োজনীয়তা সম্পর্কে কোন উক্তিটি সঠিক?

A. উদ্ভিদ কলার শক্তির কোনো প্রয়োজন নেই

B. সাধারণত প্রাণীদের তুলনায় উদ্ভিদের কম শক্তির প্রয়োজন হয় ✓

C. প্রাণীদের তুলনায় উদ্ভিদের বেশি শক্তির প্রয়োজন হয়

D. শক্তি উৎপাদনের জন্য উদ্ভিদ শ্বসন প্রক্রিয়া সম্পন্ন করে না

Q17 Pollution (Air, Water, Soil, Noise)

কোন ধরনের দূষক প্রধানত জৈবিক বিবর্ধনের জন্য দায়ী?

A. বিয়োজিত হতে পারে এমন দূষক

B. তাপীয় দূষক

C. জীবাণু-অবিয়োজ্য দূষক ✓

D. শব্দ দূষক

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q18 Properties & Tests

দাবি (A) এবং কারণ (R) এর প্রদত্ত বিবৃতিগুলো মনোযোগ সহকারে পড়ুন এবং সঠিক বিকল্পটি চয়ন করুন।

(A): অ্যাসিড ধাতব কার্বনেটের সঙ্গে বিক্রিয়া করলে কার্বন ডাইঅক্সাইড গ্যাস উৎপন্ন হয়।
(R): ধাতব কার্বনেটসমূহ প্রকৃতিতে ক্ষারকীয় এবং অ্যাসিডকে প্রশমিত করে লবণ, জল ও CO_2 উৎপন্ন করে।

A. A মিথ্যা, কিন্তু R সত্য।
B. A সত্য, কিন্তু R মিথ্যা।
C. A এবং R উভয়ই সত্য, কিন্তু R সঠিক ব্যাখ্যা নয় A এর।
D. A এবং R উভয়ই সত্য এবং R হল A এর সঠিক ব্যাখ্যা। ✓

Q19 Reactivity Series

প্রদত্ত:
- P ধাতু Q কে তার লবণের দ্রবণ থেকে প্রতিস্থাপিত করে।
- R ধাতু S কে তার লবণের দ্রবণ থেকে প্রতিস্থাপিত করে।
- Q ধাতু R কে তার লবণের দ্রবণ থেকে প্রতিস্থাপিত করে।
- S ধাতু অন্য কোনো ধাতুকে প্রতিস্থাপিত করতে পারে না।

এদের মধ্যে কোন ধাতুটি সবচেয়ে বেশি সক্রিয়?

A. R
B. Q
C. S
D. P ✓

Q20 Reflection & Refraction

প্রিজমের অভ্যন্তরে প্রতিসৃত রশ্মিটি _____ বেঁকে যায়।

A. ভূমির সঙ্গে সমান্তরালে
B. প্রিজমের ভূমির দিকে ✓
C. ভূমি থেকে দূরে
D. ভূমির সঙ্গে লম্বভাবে

Q21 Reproduction in Plants

নিচের কোনটি পতঙ্গ দ্বারা পরাগায়িত ফুলের বৈশিষ্ট্য **নয়**?

A. উজ্জ্বল রঙের দলাংশ যা পতঙ্গদের আকর্ষণ করে
B. পরাগবাহকদের আকৃষ্ট করার জন্য মকরন্দ ও সুগন্ধ উৎপাদন
C. পতঙ্গদের কাছ থেকে পরাগরেণু গ্রহণের জন্য অভিযোজিত আঠালো গর্ভমুণ্ড
D. বহুল পরিমাণে হালকা ও ক্ষুদ্রাকৃতি পরাগরেণু উৎপাদন ✓

Q22 Respiratory System

ফুসফুসের অ্যালভিওলার ক্যাপিলারির মধ্য দিয়ে রক্ত প্রবাহিত হলে কী হয়?

A. অক্সিজেন রক্তে প্রবেশ করে এবং কার্বন ডাই অক্সাইড অ্যালভিওলিতে প্রবেশ করে ✓
B. রক্ত সঞ্চালনে উভয় গ্যাস অপরিবর্তিত থাকে
C. অক্সিজেন এবং কার্বন ডাই অক্সাইড উভয়ই অ্যালভিওলি থেকে রক্ত প্রবাহে প্রবেশ করে
D. কার্বন ডাই অক্সাইড রক্তে প্রবেশ করে এবং অক্সিজেন অ্যালভিওলিতে প্রবেশ করে

Q23 Winds & Pressure Belts

একজন পরিবেশ বিজ্ঞানী পর্যবেক্ষণ করেন যে বৈশ্বিক বাতাস বিষুবরেখা থেকে মেরুর দিকে সঞ্চারণ করে। কোন প্রক্রিয়াটি এই বিন্যাসটিকে সর্বোত্তমভাবে ব্যাখ্যা করে?

A. বৃষ্টিপাতের মাত্রা বাতাসের দিক নির্ধারণ করে
B. অসম তাপ অক্ষাংশের মধ্যে তাপমাত্রার পার্থক্য তৈরি করে ✓
C. মহাসাগরীয় স্রোত বায়ুর ভরের চেয়ে দ্রুত তাপ স্থানান্তর করে
D. পৃথিবীর ঘূর্ণন বিষুবরেখায় বাতাসের দিককে বিপরীত করে

Q24 Work, Energy & Power

যখন একটি চলন্ত গাড়ি থেমে যায়, তখন তার গতিশক্তির কী হয়?

A. এটি অপরিবর্তিত থাকে
B. এটি ঋণাত্মক হয়
C. এটি দ্বিগুণ হয়
D. এটি শূন্য হয় ✓

Q25 Work, Energy & Power

একটি বলকে প্রথমে একটি টেবিলের একটি প্রান্তে এবং পরে টেবিলের কেন্দ্রে রাখা হলো। টেবিলের উচ্চতা অপরিবর্তিত রইল। উভয় অবস্থানে বলটির অভিকর্ষীয় স্থিতিশক্তির তুলনা করলে কী দেখা যাবে?

A. কেন্দ্রের তুলনায় প্রান্তে স্থিতিশক্তি বেশি হবে
B. বলটির অবস্থানের পরিবর্তনের সঙ্গে সঙ্গে স্থিতিশক্তি অনবরত পরিবর্তিত হতে থাকবে
C. কেন্দ্রের তুলনায় প্রান্তে স্থিতিশক্তি কম হবে
D. উভয় অবস্থানেই স্থিতিশক্তি সমান থাকবে ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science 25 Questions • Answer Key

Q1 Balancing Chemical Equations

একটি রাসায়নিক বিক্রিয়ায় 12 g কার্বন, 32 g অক্সিজেনের সঙ্গে সম্পূর্ণরূপে বিক্রিয়া করে কার্বন ডাইঅক্সাইড তৈরি করে। যদি কেবল 40 g কার্বন ডাইঅক্সাইড সংগৃহীত হয়, তাহলে ভরের নিত্যতা সূত্র অনুসারে নিচের কোন সিদ্ধান্তটি ঠিক?

A. গ্যাস তৈরির ক্ষেত্রে ভরের নিত্যতা সূত্র প্রযোজ্য নয়।

B. ভর সর্বদা শক্তিতে রূপান্তরিত হয়, তাই চূড়ান্ত ভর হ্রাস পায়।

C. বিক্রিয়াটি অসম্পূর্ণ, কারণ 4g ভরের কোনো হিসাব পাওয়া যায়নি।

D. বিক্রিয়ার সময় কার্বন ডাই-অক্সাইড গ্যাস নির্গত হয়েছিল, তাই সম্পূর্ণ ভর সংগ্রহ করা সম্ভব হয়নি। ✓

Q2 Basic Organic Chemistry

নিম্নলিখিত কোনটি একটি জৈব যৌগ?

A. $CaCO_3$

B. CH3Cl ✓

C. CO_2

D. NaCl

Q3 Current Electricity (Ohm's Law, Circuits)

একটি হিটারের ক্ষমতা 1000 W হয়। এটিকে 2 ঘণ্টা ব্যবহার করলে এটি কত কিলোওয়াট ঘণ্টা শক্তি ব্যয় করবে?

A. 1 kWh

B. 3 kWh

C. 2 kWh ✓

D. 0.5 kWh

Q4 Echo, Resonance, Doppler Effect

নিচের কোন পদ্ধতিটি সাধারণত একটি কক্ষের অনুরণন পরিমাপ করতে ব্যবহৃত হয়?

A. শোনা প্রতিধ্বনির সংখ্যা গণনা করে

B. উৎস বন্ধ হওয়ার পরেও শব্দ কতক্ষণ স্থায়ী হয় তা নির্ধারণ করে ✓

C. শব্দ তরঙ্গের কম্পাঙ্ক গণনা করে

D. কক্ষে শব্দের দ্রুতি পরিমাপ করে

Q5 Ecology & Environment

নিচের কোন সমন্বয়টি টেকসই উন্নয়নকে সবচেয়ে ভালোভাবে সমর্থন করে?

A. শিল্প সম্প্রসারণ + বর্জ্য নিষ্কাশন

B. জলের অতিরিক্ত ব্যবহার + প্লাস্টিক উৎপাদন

C. জীবাশ্ম জ্বালানি + নির্বনানীকরণ

D. পুনর্নবীকরণযোগ্য শক্তি + বৃক্ষরোপণ ✓

Q6 Ecology & Environment

একটি শহর একটি নতুন বিদ্যুৎ কেন্দ্র (power plant) নির্মাণের পরিকল্পনা করছে এবং এর জন্য বেশ কয়েকটি বিদ্যুৎ উৎপাদন পদ্ধতির মধ্য থেকে বেছে নেওয়ার সিদ্ধান্ত নিচ্ছে। পুনর্নবীকরণযোগ্য এবং পরিবেশ-বান্ধব শক্তির ব্যবহারকে সর্বাধিক করা যদি তাদের প্রধান লক্ষ্য হয়, তবে শহরটির কোন পদ্ধতিটিকে বেছে নিতে হবে?

A. কনভেশনাল পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র (conventional nuclear power complex)

B. বৃহৎ আকারের কয়লা-ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র (large-scale coal-fired facility)

C. ইউটিলিটি-স্কেল সৌর ফটোভোলটাইক ফার্ম (utility-scale solar photovoltaic farm) ✓

D. উচ্চ-ক্ষমতাসম্পন্ন প্রাকৃতিক গ্যাস চালিত কেন্দ্র (high-capacity natural gas station)

Q7 Extraction & Metallurgy

ধাতু নিষ্কাশনের সময়, অতিরিক্ত বাতাসের উপস্থিতিতে তীব্রভাবে উত্তপ্ত করে সালফাইড আকরিকগুলোকে অক্সাইডে রূপান্তরিত করা হয়। এই প্রক্রিয়াটিকে কী বলা হয়?

A. অপসারণ (elimination)

B. তাপজারণ (roasting) ✓

C. সালফোনেশন (sulphonation)

D. ক্যাল্সিনেশন (calcination)

Q8 Household Wiring & Safety

গৃহস্থালীতে বৈদ্যুতিক তারের জন্য সাধারণত তামা ব্যবহার করা হয় কেন?

A. এর গলনাঙ্ক কম

B. এর বৈদ্যুতিক রোধ কম ✓

C. এটি একটি কুপরিবাহী

D. এটি চুম্বকীয়

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q9 Hydrocarbons (Methane, Ethane, etc.)

নিচের কোন হাইড্রোকার্বনটি হাইড্রোজেনের সাথে যুত বিক্রিয়ায় অংশগ্রহণ করে?

A. সম্পৃক্ত হাইড্রোকার্বন

B. অ্যালিসাইক্লিক হাইড্রোকার্বন

C. অসম্পৃক্ত হাইড্রোকার্বন ✓

D. অ্যারোমেটিক হাইড্রোকার্বন

Q10 Layers & Composition

একটি ওয়েদার বেলুন (weather balloon) সমুদ্রপৃষ্ঠ থেকে 15 km উচ্চতায় ওঠে। একটি বিন্দুতে তাপমাত্রা হ্রাস পাওয়া থেকে বৃদ্ধি পাওয়া শুরু করে। এই পরিবর্তনটি কেন হয়?

A. ট্রপোস্ফিয়ারের মধ্যবিন্দুতে নাইট্রোজেনের বিন্যাসের কারণে

B. মেসোস্ফিয়ারের পাদদেশে বায়ুচাপের পরিবর্তনের কারণে

C. স্ট্র্যাটোস্ফিয়ারের শুরুতে ওজোন কর্তৃক অতিবেগুনি রশ্মি (UV) শোষণের কারণে ✓

D. ট্রপোস্ফিয়ারের উপরিভাগে গ্রিনহাউস গ্যাসের কারণে

Q11 Mechanics

সময়-অক্ষের সমান্তরালে, অক্ষের উপরের দিকে অবস্থিত একটি সরলরেখা দ্বারা একটি বেগ-সময় লেখচিত্র নির্দেশিত হয়। লেখচিত্রটি বস্তুটির গতি সম্পর্কে কী নির্দেশ করে?

A. বস্তুটি ক্রমহ্রাসমান বেগে গতিশীল

B. বস্তুটি ক্রমবর্ধমান বেগে গতিশীল

C. বস্তুটি সমবেগে গতিশীল ✓

D. বস্তুটি স্থির অবস্থায় আছে

Q12 Mechanics

একটি যন্ত্র 150 N বল প্রয়োগ করে 600 N ওজনের একটি ভার উত্তোলন করে। যন্ত্রটির যান্ত্রিক সুবিধা কত?

A. 2

B. 5

C. 4 ✓

D. 3

Q13 Mirrors & Lenses

যদি একটি আলোক রশ্মি একটি পাতলা গোলীয় লেন্সের আলোক কেন্দ্র দিয়ে যায়, তবে নির্গত রশ্মিটির পথ কী হবে?

A. এটি প্রতিফলিত হয়ে তার মূল পথ বরাবর ফিরে আসবে

B. এটি লেন্সের উপাদান দ্বারা শোষিত হবে

C. এটি প্রধান অক্ষের দিকে বেঁকে যাবে

D. এটি কোনো বিচ্যুতি ছাড়াই একই অভিমুখে চলবে ✓

Q14 Mirrors & Lenses

একটি অবতল দর্পণের বক্রতা কেন্দ্রে একটি বস্তু রাখা আছে। এখন যদি দর্পণটিকে কোনো অস্বচ্ছ (opaque) উপাদান দিয়ে আংশিকভাবে ঢেকে দেওয়া হয়, তাহলে গঠিত প্রতিবিম্বের কী পরিবর্তন ঘটবে?

A. প্রতিবিম্বটি একই অবস্থানে থাকবে তবে উজ্জ্বলতা কমে যাবে ✓

B. প্রতিবিম্বটি সম্পূর্ণভাবে অদৃশ্য হয়ে যাবে

C. প্রতিবিম্বটি দর্পণ থেকে আরও দূরে সরে যাবে এবং অবশীর্ষ হবে

D. প্রতিবিম্বটি দর্পণের আরও কাছে সরে আসবে এবং আকারে ছোট হবে

Q15 Mixtures, Solutions, Colloids

প্রলম্বনকে ঝাঁকালে এর কণাগুলোর কী হয়?

A. এগুলো একটি নতুন পদার্থ তৈরি করে

B. এগুলো সাময়িকভাবে মিশ্রিত হয় এবং পরে থিতিয়ে পড়ে ✓

C. এগুলো স্থায়ীভাবে দ্রবীভূত হয়ে যায়

D. এগুলো থিতিয়ে পড়ে

Q16 Newton's Laws of Motion

যদি দুটি ভিন্ন ভরের বস্তুর ওপর সমপরিমাণ বল প্রয়োগ করা হয়, তবে তাদের ত্বরণের কী পরিবর্তন হবে?

A. উভয় বস্তুর ত্বরণ সমান হবে।

B. ত্বরণ কেবল বলের উপর নির্ভর করে, ভরের উপর নয়।

C. কম ভরের বস্তুটির ত্বরণ বেশি হবে। ✓

D. বেশি ভরের বস্তুটির ত্বরণ বেশি হবে।

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Non-communicable (Diabetes, Cancer, etc.)

ধূমপানের কারণে ফুসফুসে অস্বাভাবিক কোশের অনিয়ন্ত্রিত বৃদ্ধির সঙ্গে কোন রোগ জড়িত?

A. হাঁপানি

B. এমফিসেমা

C. ফুসফুসের ক্যান্সার ✓

D. ব্রঙ্কাইটিস

Q18 Plant Hormones

কোন পরিবেশগত উদ্দীপকের প্রভাবে উদ্ভিদের বিটপ অংশ জানালার দিকে বেঁকে বৃদ্ধি পায়?

A. অভিকর্ষ

B. জল

C. তাপমাত্রা

D. আলো ✓

Q19 Plant Tissues & Transport

বসন্তকালে কোনো উদ্ভিদের ফ্লোয়েম কলা অবরুদ্ধ হয়ে গেলে কোন প্রক্রিয়াটি সরাসরি প্রভাবিত হবে?

A. কোরক বৃদ্ধির জন্য প্রয়োজনীয় শর্করা (Sugar) পাবে না ✓

B. মূল মাটি থেকে পর্যাপ্ত পরিমাণে পরিপোষকসমূহ (nutrients) শোষণ করতে পারবে না

C. পাতাগুলো গ্যাসীয় আদান-প্রদান করতে অক্ষম হবে

D. মূল থেকে পাতায় জল পরিবহন কমে যাবে

Q20 Plant Tissues & Transport

একজন শিক্ষার্থী অণুবীক্ষণ যন্ত্রের নিচে একটি উদ্ভিদ কোশ পর্যবেক্ষণ করে এবং দেখে যে এতে একটি সুস্পষ্ট নিউক্লিয়াস, ঘন সাইটোপ্লাজম আছে কিন্তু কোনো দৃশ্যমান কোশগহ্বর নেই। নিম্নলিখিত কোনটি এই কোশটির সম্ভাব্য কাজকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

A. সক্রিয় কোশ বিভাজন এবং বৃদ্ধি ✓

B. জল ও খনিজ পরিবহণ

C. জল ও পুষ্টির সঞ্চয়

D. কাঠামোগত সহায়তা প্রদান

Q21 Properties & Tests

যখন একটি ধাতব অক্সাইড একটি অ্যাসিডের সাথে বিক্রিয়া করে, তখন কী তৈরি হয়?

A. শুধুমাত্র অ্যাসিড এবং ধাতব অক্সাইডের মিশ্রণ

B. লবণ এবং হাইড্রোজেন গ্যাস উৎপন্ন হয়

C. চূড়ান্ত বিক্রিয়াজাত পদার্থ হিসেবে লবণ এবং জল ✓

D. কার্বন ডাই অক্সাইড এবং হাইড্রোজেন গ্যাস

Q22 Reproductive System

নিচের স্তম্ভগুলি মেলান।

স্তম্ভ I	স্তম্ভ II
1. ডিম্বাশয়	a. ভ্রূণের বিকাশের স্থান
2. ডিম্বনালী	b. ডিম্বানু এবং হরমোন নিঃসরণ করা
3. জরায়ু	c. যেই স্থানে নিষেক হয়

A. 1–a, 2–c, 3–b

B. 1–b, 2–a, 3–c

C. 1–c, 2–b, 3–a

D. 1–b, 2–c, 3–a ✓

Q23 Respiratory System

প্রাণির মধ্যে অক্সিজেনের অনুপস্থিতিতে কোন প্রক্রিয়াটি ঘটে এবং স্বল্প পরিমাণে শক্তি নির্গত হয়?

A. সবাত শ্বসন

B. সালোকসংশ্লেষণ

C. অবাত শ্বসন ✓

D. বাষ্পমোচন

Q24 Types (Combination, Decomposition, etc.)

কোন পর্যবেক্ষণটি একটি বিক্রিয়াকে, সংযোজন বিক্রিয়া হিসেবে নিশ্চিত করে?

A. বিক্রিয়ার সময় গ্যাস উৎপন্ন হয়

B. বিক্রিয়কের বর্ণ পরিবর্তিত হয়

C. তাপমাত্রা হঠাৎ হ্রাস পায়

D. মাত্র একটি নতুন পদার্থ উৎপন্ন হয় ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q25 Atomic Structure & Models

পরমাণুর কোন জোড়াটি আইসোবার (isobar) এর উদাহরণ?

A. $^{14}_{6}C$ এবং $^{12}_{6}C$

B. $^{35}_{17}Cl$ এবং $^{37}_{17}Cl$

C. $^{23}_{11}Na$ এবং $^{24}_{12}Mg$

D. $^{40}_{20}Ca$ এবং $^{40}_{18}Ar$ ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science

25 Questions • Answer Key

Q1 Atomic Structure & Models

নিচের কোন ধর্মটি আইসোবারগুলোর মধ্যে সাধারণ?

A. ভৌত প্রকৃতি

B. পারমাণবিক সংখ্যা

C. প্রোটন সংখ্যা

D. ভর সংখ্যা ✓

Q2 Atomic Structure & Models

টমসনের পরমাণুর মডেলটিকে কোন বিবৃতিটি সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

A. একটি পরমাণু হল একটি ঘন ধনাত্মক আধানযুক্ত নিউক্লিয়াস, যার বাইরে ইলেকট্রন থাকে।

B. একটি পরমাণুতে একটি ধনাত্মক আধানযুক্ত গোলক থাকে, যার মধ্যে ইলেকট্রনগুলি নিহিত থাকে। ✓

C. ইলেকট্রনগুলি এলোমেলোভাবে পরমাণুর বাইরে স্থাপন করা থাকে।

D. ইলেকট্রনগুলি নিউক্লিয়াসের চারপাশে নির্দিষ্ট কক্ষপথে ঘোরে।

Q3 Balancing Chemical Equations

নিম্নলিখিত সমীকরণটি সমতা বিধান করার সময়, একজন শিক্ষার্থী প্রথমে অক্সিজেনের পরিবর্তে হাইড্রোজেনের সমতা বিধান করে।

$Fe + H_2O \rightarrow Fe_3O_4 + H_2$

এই পদ্ধতির কারণে প্রধান অসুবিধাটি কী হতে পারে?

A. নিত্যতা সূত্রটি অকার্যকর হয়ে যাবে

B. সহগগুলোর (coefficients) মান অসম্ভব হয়ে পড়বে

C. অক্সিজেন পরমাণুর সংখ্যায় বড় ধরনের অসমতা থেকে যাবে ✓

D. রাসায়নিক সংকেতগুলো অবশ্যই পরিবর্তন করতে হবে

Q4 Carbon & Its Compounds

কোন ক্রমটি ঠিকভাবে কয়লা গঠনের পর্যায়কে নির্দেশ করে?

A. পিট → বিটুমিনাস → লিগনাইট → অ্যানথ্রাসাইট

B. লিগনাইট → পিট → অ্যানথ্রাসাইট → বিটুমিনাস

C. পিট → লিগনাইট → বিটুমিনাস → অ্যানথ্রাসাইট ✓

D. অ্যানথ্রাসাইট → বিটুমিনাস → লিগনাইট → পিট

Q5 Current Electricity (Ohm's Law, Circuits)

একটি বৈদ্যুতিক বর্তনীতে, রোধকের শ্রেণী সমবায় ব্যবহারের একটি ব্যবহারিক কারণ নিচের কোনটি?

A. প্রতিটি রোধকের দুই প্রান্তে সমান ভোল্টেজ বজায় রাখা

B. প্রতিটি রোধকের দুই প্রান্তের ভোল্টেজ হ্রাস করা

C. মোট রোধ বৃদ্ধি করা এবং তড়িৎ প্রবাহ সীমিত করা ✓

D. বর্তনীতে তড়িৎ প্রবাহ বৃদ্ধি করা

Q6 Current Electricity (Ohm's Law, Circuits)

একটি স্কিম্যাটিক সার্কিট ডায়াগ্রামে তারের সংযোগ নির্দেশ করতে আপনি কোন প্রতীক-সমাহারটি ব্যবহার করবেন?

A. একটি আয়তক্ষেত্র

B. দুটি রেখার ছেদবিন্দুতে একটি ডট ✓

C. ডট ছাড়া একে অপরকে অতিক্রমকারী রেখা

D. দুটি সমান্তরাল রেখা

Q7 Five Kingdom Classification

একজন ফিল্ড বায়োলজিস্ট, একটি বনভূমির জমিতে একটি বিয়োজক জীব উপস্থিতির কারণে মাটিতে খনিজের দ্রুত বৃদ্ধি পর্যবেক্ষণ করেন। এই জীবের কোন বৈশিষ্ট্যটি সম্ভবত খনিজের পরিমাণ বৃদ্ধিতে সাহায্য করেছে?

A. মাইসেলিয়াম দ্বারা পরিপোষকসমূহ বা পুষ্টিপদার্থের শোষণ ✓

B. শক্তি উৎপাদনের জন্য সালোকসংশ্লেষণ

C. জৈব পদার্থ গ্রহণ

D. সেলুলোজ কোশপ্রাচীর গঠন

Q8 Human Body & Physiology

বৃক্কীয় নালিকার আস্তরণে কোন আবরণী কলা উপস্থিত থাকে?

A. সিলিয়াযুক্ত

B. ঘনকাকার ✓

C. স্তম্ভাকার

D. আঁইশাকার

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q9 Human Eye & Defects

চোখের লেন্স রেটিনার সামনে প্রতিবিম্ব ফোকাস করার ফলে দূরের বস্তুকে ঝাপসা দেখায়, যা অবতল লেন্স ব্যবহার করে প্রতিকার করা সম্ভব, চোখের এই দৃষ্টিজনিত ত্রুটিকে কী বলা হয়?

A. ক্ষীণদৃষ্টি (Presbyopia)

B. স্বল্পদৃষ্টি (Myopia) ✓

C. বিষমদৃষ্টি (Astigmatism)

D. দীর্ঘদৃষ্টি (Hypermetropia)

Q10 Hydrocarbons (Methane, Ethane, etc.)

নিচের কোন সম্পৃক্ত হাইড্রোকার্বনটির আণবিক সংকেত C_3H_6?

A. প্রোপেন

B. প্রোপাইন

C. প্রোপিন

D. সাইক্লোপ্রোপেন ✓

Q11 Important Salts & Their Uses

ল্যাবরেটরিতে বেকিং সোডা প্রস্তুত করার সময়, অ্যামোনিয়া ও জলের পাশাপাশি কোন গ্যাসটি এর গঠনের জন্য অপরিহার্য?

A. নাইট্রোজেন

B. কার্বন ডাইঅক্সাইড ✓

C. হাইড্রোজেন

D. অক্সিজেন

Q12 Mechanics

একটি দূরত্ব-সময় লেখচিত্রে অঙ্কিত একটি বক্ররেখা শুরুতে বেশ খাড়া থাকে এবং ধীরে ধীরে তা ফ্ল্যাট হতে থাকে (নতি হ্রাস পায়)। এটি কোন ধরনের গতি নির্দেশ করে?

A. শূন্য ত্বরণ

B. মন্দন ✓

C. ধনাত্মক ত্বরণ

D. ধ্রুবক, ঋণাত্মক বেগ

Q13 Mixtures, Solutions, Colloids

নিচের কোনটি সমসত্ত্ব মিশ্রণের উদাহরণ?

A. লোহা ও সালফার

B. বালি ও জল

C. জলে দ্রবীভূত চিনি ✓

D. তেল ও জল

Q14 Nervous System & Brain

মানুষের মস্তিষ্কের কোন অংশটি চিন্তাভাবনা সংক্রান্ত অধিকাংশ কাজের জন্য দায়ী?

A. অগ্র-মস্তিষ্ক ✓

B. পশ্চাৎ-মস্তিষ্ক

C. সেরিবেলাম

D. মধ্য-মস্তিষ্ক

Q15 Nervous System & Brain

নিচের কোন গঠনটি মস্তিষ্ককে পেশীর সঙ্গে যুক্ত করে?

A. গ্রন্থি

B. অস্থি

C. রক্ত

D. স্নায়ু ✓

Q16 Newton's Laws of Motion

1000 kg ভরের একটি গাড়ি 5 সেকেন্ডে তার বেগ 10 m/s থেকে বৃদ্ধি করে 20 m/s করে। গাড়িটির উপর প্রযুক্ত বল কত?

A. 2500 N

B. 1500 N

C. 1000 N

D. 2000 N ✓

Q17 Photosynthesis

উদ্ভিদে সালোকসংশ্লেষণের সময় তৈরি হওয়া শর্করা (carbohydrates) কী রূপে সঞ্চিত থাকে?

A. শ্বেতসার ✓

B. প্রোটিন

C. গ্লাইকোজেন

D. সেলুলোজ

Q18 Physical & Chemical Properties

নিচের সেটগুলির মধ্যে কোনটি বেশিরভাগ ধাতুর সাধারণ ভৌত ধর্মগুলিকে ঠিকভাবে নির্দেশ করে?

A. ভঙ্গুর, দ্যুতিহীন, তাপের কুপরিবাহী

B. নরম, প্রসারণশীল নয়, বিদ্যুতের কুপরিবাহী

C. দ্যুতিময়, নমনীয়, বিদ্যুতের সুপরিবাহী ✓

D. মলিন, নমনীয়, উচ্চনাদী নয়

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q19 Plant Kingdom (Divisions)

একটি উদ্ভিদের নমুনা পরীক্ষা করার সময় দেখা গেল যে তাতে সংবহন কলা (জাইলেম ও ফ্লোয়েম) উপস্থিত রয়েছে কিন্তু কোনো বীজ নেই। এটি কোন গোষ্ঠীর অন্তর্ভুক্ত?

A. সমাঙ্গদেহী

B. ব্রায়োফাইটা

C. ব্যক্তজীবী

D. টেরিডোফাইটা ✓

Q20 Plant Tissues & Transport

একজন উদ্ভিদবিজ্ঞানী এমন একটি উদ্ভিদের কাণ্ড পর্যবেক্ষণ করছেন যা ভেঙে না গিয়ে সহজেই বেঁকে যায়। তিনি বহিঃত্বকের (epidermis) নিচের কলা (tissue) নিয়ে গবেষণা করছেন। কোন ধরণের সরল স্থায়ী কলার জন্য এই নমনীয়তার (flexibility) সম্ভাবনা সবচেয়ে বেশি?

A. স্ক্লেরেনকাইমা

B. প্যারেনকাইমা

C. এপিডার্মিস

D. কোলেনকাইমা ✓

Q21 Pollution (Air, Water, Soil, Noise)

নিচের কোন পরিবেশগত সমস্যাটি আমাদের বায়ুমণ্ডলে ক্ষতিকারক UV রশ্মি প্রবেশের সঙ্গে সম্পর্কিত?

A. অম্ল বৃষ্টি

B. গ্রিনহাউস প্রভাব

C. ওজোন গহ্বর ✓

D. বিশ্ব উষ্ণায়ন

Q22 Reflection & Refraction

একজন শিক্ষার্থী জলের পরম প্রতিসরাঙ্ক 1.33 পরিমাপ করে। এর দ্বারা বাতাসের তুলনায় জলে আলোর দ্রুতি (speed) সম্পর্কে কী বোঝা যায়?

A. বাতাসের তুলনায় জলে আলো 1.33 গুণ ধীরে চলে ✓

B. আলো জলের মধ্য দিয়ে যেতে পারে না

C. জল এবং বাতাসে আলোর দ্রুতি (speed) সমান

D. বাতাসের তুলনায় জলে আলো 1.33 গুণ দ্রুত চলে

Q23 Reflection & Refraction

সাদা আলোর রশ্মি কাঁচের প্রিজমের মধ্য দিয়ে যাওয়ার সময় বিভিন্ন বর্ণে বিভক্ত হয়ে যায়। প্রিজমের মধ্য দিয়ে প্রতিসরণের পর বর্ণগুলোর এই পৃথকীকরণের জন্য মূলত কোন ভৌত ঘটনাটি দায়ী?

A. আলোর বিচ্ছুরণ (Dispersion) ✓

B. আলোর শোষণ (Absorption)

C. আলোর বিক্ষেপণ (Scattering)

D. আলোর প্রতিফলন (Reflection)

Q24 Work, Energy & Power

নিম্নলিখিত কোনটির স্থিতিশক্তি **নেই**? (ভূমিতলের সাপেক্ষে)

A. বাঁধে সঞ্চিত জল

B. অবাধে ভূমিতলে পতনশীল একটি বস্তু ✓

C. একটি সংকুচিত স্প্রিং

D. ছাদের উপর একটি পাথর

Q25 Work, Energy & Power

কোনো বস্তুর ওপর কার্য সম্পন্ন হতে গেলে কোন দুটি শর্ত অবশ্যই পূরণ হতে হবে?

A. বস্তুটিকে অবশ্যই দ্রুত গতিতে চলতে হবে এবং প্রযুক্ত বলের মান ধ্রুবক থাকতে হবে।

B. বস্তুটির ওপর একটি বল প্রয়োগ করতে হবে এবং বস্তুটির সরণ হতে হবে। ✓

C. দীর্ঘ সময় ধরে বল প্রয়োগ করতে হবে এবং বস্তুটি অবশ্যই স্থির অবস্থায় থাকবে।

D. বস্তুটি অবশ্যই ভারী হতে হবে এবং প্রযুক্ত বলের পরিমাণ অনেক বেশি হতে হবে।

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science

25 Questions • Answer Key

Q1 Atomic Structure & Models

দু'টি মৌল X এবং Y এর পারমাণবিক সংখ্যা যথাক্রমে 7 এবং 8 হয়। এদের প্রোটন সংখ্যার ক্ষেত্রে নিচের কোন উক্তিটি ঠিক?

A. X এর প্রোটনের সংখ্যা, Y এর চেয়ে একটি বেশি
B. উভয়েরই সমান সংখ্যক প্রোটন রয়েছে
C. উভয়েরই কোনো প্রোটন নেই
D. Y এর প্রোটনের সংখ্যা X এর চেয়ে একটি বেশি ✓

Q2 Balancing Chemical Equations

নিচের কোন বিক্রিয়াটি ভরের নিত্যতা সূত্র লঙ্ঘন করে?

A. $Ca + Cl_2 \rightarrow CaCl_2$
B. $H_2 + Cl_2 \rightarrow 2HCl$
C. $2H_2 + O_2 \rightarrow 2H_2O$
D. $2Mg + O_2 \rightarrow MgO$ ✓

Q3 Basic Organic Chemistry

কার্বন কেন বহু সংখ্যক যৌগ গঠন করে?

A. কারণ কার্বন অত্যন্ত সক্রিয়
B. কারণ কার্বন বলয় গঠন করতে পারে না
C. কারণ কার্বন-কার্বন বন্ধন খুব শক্তিশালী এবং স্থিতিশীল ✓
D. কারণ কার্বন শুধুমাত্র একক বন্ধন গঠন করে

Q4 Cell Division (Mitosis, Meiosis)

একই বাবা-মায়ের দু'জন সন্তানের চেহারা প্রায়শই একে অপরের চেয়ে আলাদা হয়। মূলত কোন প্রক্রিয়ার কারণে এই পার্থক্য হয়?

A. মাইটোসিস
B. মিয়োসিস ✓
C. সালোকসংশ্লেষণ
D. শ্বসন

Q5 Circulatory System (Heart, Blood)

একটি স্ফিগমোম্যানোমিটার মানবদেহে কী পরিমাপ করে?

A. রক্তে শর্করা
B. রক্তচাপ ✓
C. হৃদ্ স্পন্দন
D. শরীরের তাপমাত্রা

Q6 Ecology & Environment

নিচের কোন ব্যাকটেরিয়ার সঙ্গে তার ভূমিকার জোড়টি **ভুলভাবে** দেওয়া হয়েছে?

A. অ্যাজোটোব্যাক্টর — মাটিতে নাইট্রোজেন সংবন্ধন
B. সিউডোমোনাস — নাইট্রিফিকেশন ✓
C. নাইট্রোব্যাক্টর — নাইট্রাইটকে নাইট্রেটে রূপান্তর
D. রাইজোবিয়াম — সিম্বগোত্রীয় উদ্ভিদে নাইট্রোজেন সংবন্ধন

Q7 Ecosystem & Food Chain

স্বভোজী জীবদের দ্বারা আবদ্ধ শক্তির বেশিরভাগই প্রতিটি ট্রফিক স্তরে (Trophic level) _____ ।

A. গমনের জন্য ব্যবহৃত হয়
B. জৈব বস্তুতে রূপান্তরিত হয়
C. জীবদেহে সঞ্চিত থাকে
D. তাপ হিসেবে পরিবেশে মুক্ত হয় ✓

Q8 Electromagnetic Induction

দু'টি অভিন্ন কুণ্ডলীকে একে অপরের কাছাকাছি রাখা হল। যদি প্রথম কুণ্ডলীর তড়িৎপ্রবাহ হঠাৎ বন্ধ করে দেওয়া হয়, তবে দ্বিতীয় কুণ্ডলীতে কী ঘটবে?

A. দ্বিতীয় কুণ্ডলীতে তৎক্ষণাৎ এমন একটি আবিষ্ট তড়িৎপ্রবাহ (momentarily induced) সৃষ্টি হয় যা চৌম্বক ক্ষেত্রকে ধ্রুবক রাখার চেষ্টা করে। ✓
B. প্রথম কুণ্ডলীটি যতক্ষণ বন্ধ থাকে, ততক্ষণ দ্বিতীয় কুণ্ডলীতে একটি স্থির তড়িৎপ্রবাহ (steady current) আবিষ্ট হতে থাকে।
C. দ্বিতীয় কুণ্ডলীতে কোনো তড়িৎপ্রবাহ আবিষ্ট হয় না কারণ কুণ্ডলীগুলি একে অপরের সঙ্গে সংযুক্ত নয়।
D. দ্বিতীয় কুণ্ডলীতে এমন একটি তড়িৎপ্রবাহ আবিষ্ট হয় যা মূল চৌম্বক ক্ষেত্রকে হ্রাস করতে সহায়তা করে।

Q9 Extraction & Metallurgy

নিকেলের তড়িৎ বিশোধনে অ্যানোড হিসেবে কী ব্যবহৃত হয়?

A. নিকেল কার্বনেট
B. অশুদ্ধ নিকেল ✓
C. নিকেল অ্যাসিটেট
D. নিকেল সালফেট

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q10 Hydrocarbons (Methane, Ethane, etc.)

হাইড্রোজেনেশন বিক্রিয়ার ক্ষেত্রে সাধারণত ব্যবহৃত অনুঘটকগুলি হল _____ এবং _____।

A. নিকেল, সোডিয়াম হাইড্রক্সাইড

B. প্যালেডিয়াম, গাঢ় সালফিউরিক অ্যাসিড

C. প্যালেডিয়াম, নিকেল ✓

D. গাঢ় সালফিউরিক অ্যাসিড, নিকেল

Q11 Magnetic Effects of Current

একটি ঋজু তড়িৎবাহী পরিবাহীর মধ্য দিয়ে তড়িৎ প্রবাহের অভিমুখ বিপরীত করা হলে, তার চারপাশের চৌম্বক ক্ষেত্রের কী পরিবর্তন ঘটবে?

A. পরিবাহীর চারপাশের চৌম্বক ক্ষেত্র শূন্য হয়ে যাবে।

B. পরিবাহীর চারপাশের চৌম্বক ক্ষেত্রের অভিমুখ বিপরীত হয়ে যাবে। ✓

C. পরিবাহীর চারপাশের চৌম্বক ক্ষেত্রের প্রাবল্য দ্বিগুণ হয়ে যাবে।

D. পরিবাহীর চারপাশের চৌম্বক ক্ষেত্রটি অদৃশ্য হয়ে যাবে।

Q12 Matter & Its Properties

যদি আপনাকে এমন একটি স্বচ্ছ তরল দেওয়া হয় যা তড়িৎ পরিবহন করতে পারে এবং যাতে কেবল এক ধরনের পরমাণু থাকে, তাহলে আপনি কী সিদ্ধান্তে আসতে পারেন?

A. এটি একটি মৌল ✓

B. এটি একটি অসমসত্ত্ব মিশ্রণ

C. এটি একটি যৌগ

D. এটি একটি দ্রবণ

Q13 Mechanics

খেলার মাঠে ব্যবহৃত একটি ঢেঁকিকল (seesaw) সম্পর্কে নিচের উক্তিগুলো বিবেচনা করুন।

1. এর কেন্দ্রীয় অবলম্বনটি আলম্ববিন্দু (fulcrum) হিসেবে কাজ করে।
2. একদিকের শিশুর ওজন, ভার বা লোড (load) হিসেবে কাজ করে।
3. বিপরীত দিকের শিশু প্রযুক্ত বল হিসেবে কাজ করে।
4. ঢেঁকিকল হলো প্রথম শ্রেণীর লিভারের একটি উদাহরণ।

উপরের কোন উক্তিগুলো ঠিক?

A. শুধুমাত্র 1, 2 এবং 3

B. শুধুমাত্র 1 এবং 2

C. শুধুমাত্র 1, 2 এবং 4

D. 1, 2, 3 এবং 4 ✓

Q14 Mechanics

কোন উক্তিটি অবস্থান ভেক্টর এবং সরণ ভেক্টরের পার্থক্যকে ঠিকভাবে বর্ণনা করে?

A. উভয়ই সর্বদা অভিন্ন অভিমুখ নির্দেশ করে

B. অবস্থান ভেক্টর সর্বদা অতিক্রান্ত পথ নির্দেশ করে

C. অবস্থান ভেক্টর একটি বিন্দুর অবস্থান নির্দেশ করে; সরণ ভেক্টর দুটি বিন্দুর মধ্যবর্তী পরিবর্তন নির্দেশ করে ✓

D. উভয়ের মান সর্বদা সমান হয়

Q15 Mirrors & Lenses

কোনো বস্তুকে ফোকাস বিন্দুর ঠিক বাইরে কিন্তু বক্রতা কেন্দ্রের সামনে স্থাপন করলে একটি অবতল দর্পণ দ্বারা যে প্রতিবিম্ব গঠিত হবে তা কীরূপ?

A. সদ, অবশীর্ষ এবং বিবর্ধিত ✓

B. অসদ, সমশীর্ষ এবং খর্বাকৃতি

C. সদ, সমশীর্ষ এবং সমান আকারের

D. অসদ, অবশীর্ষ এবং বিবর্ধিত

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q16 Newton's Laws of Motion

একটি বাক্সকে ঠেলে 3 m/s^2 ত্বরণ সৃষ্টি করতে 60 N বল প্রয়োগ করা হলো। বাক্সটির ভর কত?

- **A.** 20 kg ✓
- **B.** 180 kg
- **C.** 18 kg
- **D.** 15 kg

Q17 Plant Tissues & Transport

উদ্ভিদের কোন সংবহন কলাটি মূলত অ্যামিনো অ্যাসিড এবং সালোকসংশ্লেষণের ফলে উৎপন্ন দ্রাব্য পদার্থসমূহ পরিবহন করে?

- **A.** জাইলেম
- **B.** কর্টেক্স
- **C.** ফ্লোয়েম ✓
- **D.** এপিডার্মিস

Q18 Reproductive System

একজন মহিলার ডিম্বনালী অবরুদ্ধ থাকার কারণে স্বাভাবিকভাবে গর্ভধারণ করতে পারছেন না। চিকিৎসাবিজ্ঞানের কোন পদ্ধতির সাহায্যে তিনি সন্তান ধারণ করতে পারেন?

- **A.** আল্ট্রাসাউন্ড ইমেজিং (Ultrasound imaging)
- **B.** হরমোন থেরাপি (Hormone therapy)
- **C.** আর্টিফিশিয়াল ইনসেমিনেশন (Artificial Insemination)
- **D.** ইন-ভিট্রো ফার্টিলাইজেশন (In-vitro Fertilisation) ✓

Q19 Respiratory System

ফুসফুসের গুরুতর রোগে আক্রান্ত (severe lung disease) একজন রোগীর অক্সিজেন গ্রহণের ক্ষমতা কমে গেছে। শারীরিক পরিশ্রমের সময় তাদের পেশিকোশে কোন কোশীয় পথটি সক্রিয় (upregulated) হওয়ার সম্ভাবনা বেশি এবং এর ফলে কোন উপাদানটি জমা হয়?

- **A.** কোনো উপজাত (by-products) ছাড়াই গ্লুকোজ সরাসরি ATP তে রূপান্তরিত হয়
- **B.** অবাত শ্বসনের ফলে পাইরুভেট রূপান্তরিত (Anaerobic conversion) হয়ে ইথানল এবং কার্বন ডাই অক্সাইড উৎপন্ন হয়
- **C.** অবাত শ্বসনের ফলে পাইরুভেটের (Anaerobic conversion) ল্যাকটিক অ্যাসিডে রূপান্তর, যার ফলে ল্যাকটিক অ্যাসিড জমা (accumulation) হয় ✓
- **D.** সবাত শ্বসনের ফলে পাইরুভেটের বিভাজন (Aerobic breakdown) হয়ে কার্বন ডাই অক্সাইড এবং জল উৎপন্ন হয়

Q20 SI Units & Dimensions

একজন শিক্ষার্থী কোনো বস্তুর ওপর কৃতকার্য এবং তার গতিশক্তি গণনা করে। রাশি দু'টিকে কোন SI এককে প্রকাশ করা হবে?

- **A.** জুল (J) ✓
- **B.** নিউটন (N)
- **C.** পাস্কাল (Pa)
- **D.** ওয়াট (W)

Q21 Sound

শূন্যমাধ্যমে কোনো ঘণ্টাকে বাজালে আমরা তার শব্দ শুনতে **পাই না**। নিচের কোন উক্তিটি এর কারণকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

- **A.** ঘণ্টার উপাদান, শব্দকে ছড়িয়ে পড়তে বাধা দেয়
- **B.** ঘণ্টা থেকে শব্দের পরিবর্তে আলো আমাদের কানে এসে পৌঁছায়
- **C.** ঘণ্টা থেকে আমাদের কানে শব্দ পৌঁছানোর জন্য একটি মাধ্যমের প্রয়োজন হয় ✓
- **D.** শূন্যস্থানে ঘণ্টাটি কম্পিত হয় না

Q22 Types (Combination, Decomposition, etc.)

যদি আপনি সোডিয়াম সালফেট এবং বেরিয়াম ক্লোরাইডের জলীয় দ্রবণ মিশ্রিত করেন, তাহলে কোন ধরনের রাসায়নিক বিক্রিয়া ঘটবে এবং এর প্রমাণ কী?

- **A.** জারণ-বিজারণ (রেডক্স) বিক্রিয়া; গ্যাস নির্গত হয়
- **B.** দ্বি-প্রতিস্থাপন বিক্রিয়া; অধঃক্ষেপ গঠন ✓
- **C.** একক প্রতিস্থাপন; পদার্থের রঙ পরিবর্তিত হবে
- **D.** বিয়োজন বিক্রিয়া; তাপ নিঃসরণ

Q23 Wave Properties (Frequency, Wavelength)

ঢোলের চামড়া খুব টানটান অবস্থায় থাকলে তা ঢিলেঢালা অবস্থার চেয়ে ভিন্ন শব্দ তৈরি করে কেন?

- **A.** ঢোলের টানটান চামড়ার ভেতরে ঢিলেঢালা চামড়ার তুলনায় বেশি বাতাস থাকে।
- **B.** টানটান করে বাঁধা ঢোলের চামড়া ঢিলেঢালা চামড়ার চেয়ে ভারী হয়।
- **C.** টানটান করে লাগানো ঢোলের চামড়া ঢিলেঢালা চামড়ার চেয়ে পুরু হয়।
- **D.** ঢোলের টানটান চামড়া ঢিলেঢালা চামড়ার চেয়ে দ্রুত কম্পিত হয়। ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q24 Winds & Pressure Belts

একজন গবেষক 90° উত্তর অক্ষাংশ থেকে বাতাসের নমুনা সংগ্রহ করেন এবং একটি স্থায়ী উচ্চ-চাপ সিস্টেম লক্ষ্য করেন। কোন অন্তর্নিহিত প্রক্রিয়া এই পর্যবেক্ষণকে ব্যাখ্যা করে?

A. পৃষ্ঠ থেকে উষ্ণ বাতাসের উত্থান

B. মেরু অঞ্চলে শীতল, ঘন বাতাস নিমজ্জিত হওয়া ✓

C. নিরক্ষীয় অঞ্চল থেকে পৃষ্ঠ প্রবাহ

D. উপ-ক্রান্তীয় অক্ষাংশে অভিসরণ

Q25 pH Scale & Indicators

একটি গবেষণাগারের নমুনায় তীব্র ক্ষারক উপস্থিত আছে কিনা তা একজন শিক্ষার্থীকে পরীক্ষা করে দেখতে হবে। এটি নিশ্চিত করার জন্য কোন পদ্ধতিটি সবচেয়ে উপযুক্ত?

A. নীল লিটমাস কাগজ ডুবিয়ে সেটি নীলই থাকছে কিনা তা পরীক্ষা করা

B. তীব্র গন্ধের জন্য দ্রবণটির ঘ্রাণ নেওয়া

C. মিথাইল অরেঞ্জ যোগ করে লাল বর্ণ পর্যবেক্ষণ করা

D. এক ফোঁটা ফেনলপথ্যালিন যোগ করে গোলাপি বর্ণ পর্যবেক্ষণ করা ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science

25 Questions • Answer Key

Q1 Atomic Structure & Models

রাদারফোর্ডের মডেল অনুসারে, ধনাত্মক আধান _____।

A. বাইরের কক্ষগুলিতে পাওয়া যায়

B. পরমাণুর সর্বত্র সুষমভাবে ছড়িয়ে থাকে

C. ইলেকট্রগুলির সঙ্গে অবস্থান করে

D. কেন্দ্রে পুঞ্জীভূত অবস্থায় থাকে ✓

Q2 Atomic Structure & Models

একটি কক্ষে উপস্থিত ইলেকট্রনের সর্বোচ্চ সংখ্যাকে _____ সূত্র দ্বারা প্রকাশ করা হয়।
(এখানে, 'n' হলো কক্ষক সংখ্যা)

A. 2n-2

B. 2n2 ✓

C. 2n

D. 2n3

Q3 Biodiversity & Conservation

একজন সংরক্ষণ জীববিজ্ঞানী সংরক্ষণের জন্য বিভিন্ন এলাকাকে অগ্রাধিকার দিচ্ছেন। একটি অঞ্চলে তিনি লক্ষ্য করলেন যেখানে অনেক প্রজাতি রয়েছে যা কেবল ওই অঞ্চলেই পাওয়া যায়, অথচ সেখানকার আবাসস্থলের বড় একটি অংশ ধ্বংস হয়ে গেছে। সংজ্ঞার ভিত্তিতে, কোন পরিভাষাটি এই অঞ্চলটিকে সর্বোত্তমভাবে বর্ণনা করে?

A. স্থানিক অঞ্চল (Endemic region)

B. জীববৈচিত্র্য হটস্পট (Biodiversity hotspot) ✓

C. বাস্তুতান্ত্রিক নীশ (Ecological niche)

D. বৈচিত্র্যময় বাস্তুতন্ত্র (Biodiverse ecosystem)

Q4 Chemical Bonding (Ionic, Covalent)

নিচে দেওয়া কোনটি সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে যে, আয়নীয় যৌগসমূহ কেন কঠিন কিন্তু ভঙ্গুর হয়?

A. ঘরের তাপমাত্রায় এগুলি তরল

B. দুর্বল আকর্ষণ এগুলিকে নরম এবং নমনীয় করে তোলে

C. তাদের একটি ধাতব জালিকা আছে

D. প্রবল আকর্ষণ তাদের কঠিন করে তোলে; পরিবর্তনশীল স্তরগুলো তাদের ভেঙে ফেলে ✓

Q5 Current Electricity (Ohm's Law, Circuits)

যদি একটি পরিবাহী তারের রোধ দ্বিগুণ করা হয় এবং এর মধ্য দিয়ে একই সময় ধরে একই পরিমাণ তড়িৎ প্রবাহিত হয়, তবে উৎপন্ন তাপের পরিমাণ কী হবে?

A. চার গুণ হবে

B. দ্বিগুণ হবে ✓

C. অর্ধেক হবে

D. একই থাকবে

Q6 Ecology & Environment

বায়ুমণ্ডলের উপরিভাগে ওজোন স্তরের প্রধান কাজ কী?

A. বৃষ্টিপাত ঘটানো

B. বায়ুমণ্ডলে কার্বন ডাই অক্সাইডের মাত্রা বৃদ্ধি করা

C. সবাত শ্বসনকারী জীবেদের সহায়ক অক্সিজেন উৎপাদন করা

D. সূর্য থেকে আসা অতিবেগুনি বিকিরণ শোষণ করা ✓

Q7 Ecosystem & Food Chain

কোন ক্রমটি খাদ্য শৃঙ্খলে কীটনাশকের গাঢ়ত্ব বৃদ্ধিকে ঠিকভাবে নির্দেশ করে?

A. ঘাস → ঘাসফড়িং → ব্যাঙ → সাপ → বাজপাখি ✓

B. ঘাসফড়িং → ঘাস → ব্যাঙ → বাজপাখি → সাপ

C. বাজপাখি→ সাপ → ব্যাঙ → ঘাসফড়িং → ঘাস

D. ঘাস → ব্যাঙ → ঘাসফড়িং → সাপ → বাজপাখি

Q8 Hydrocarbons (Methane, Ethane, etc.)

নিচের কোন হাইড্রোকার্বনটি সবচেয়ে সহজে সংযোজন বিক্রিয়ায় অংশগ্রহণ করবে?

A. মিথেন

B. ইথেন

C. ইথিন ✓

D. প্রোপেন

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q9 Magnetic Effects of Current

ডান হাতের বৃদ্ধাঙ্গুষ্ঠের নিয়মটি _____ নামেও পরিচিত।

A. ওহমের সূত্র

B. ম্যাক্সওয়েলের কর্কস্ক্রু নিয়ম ✓

C. ফ্যারাডের সূত্র

D. ফ্লেমিংয়ের সূত্র

Q10 Mechanics

একদল শিক্ষার্থী তাদের স্কুলের প্রবেশদ্বারের জন্য একটি হুইলচেয়ার র‍্যাম্প তৈরি করছে। সরল যন্ত্রের ধারণা অনুযায়ী, একই উচ্চতায় একটি হুইলচেয়ার সহজে ঠেলে উপরে তোলার জন্য কোন পরিবর্তনটি করা উচিত?

A. গতি ধীর করার জন্য র‍্যাম্পের পৃষ্ঠে ঘর্ষণকারী উপাদান যোগ করা

B. উচ্চতা ধ্রুবক রেখে র‍্যাম্পের দৈর্ঘ্য বাড়িয়ে দেওয়া ✓

C. একই উচ্চতায় পৌঁছানোর জন্য র‍্যাম্পের পরিবর্তে সিঁড়ি যোগ করা

D. একই উচ্চতা রেখে র‍্যাম্পের দৈর্ঘ্য কমিয়ে এটিকে আরও খাড়া করা

Q11 Mechanics

নিচের কোনটি ভারের (load) সবচেয়ে ভালো বর্ণনা দেয়?

A. একটি সংস্থায় সঞ্চিত শক্তি

B. নিচের দিকে প্রযুক্ত বল

C. যে বস্তুটিকে সরানো বা উত্তোলন করা হচ্ছে ✓

D. উত্তোলনের জন্য ব্যবহৃত একটি যন্ত্র

Q12 Mirrors & Lenses

একটি অবতল দর্পণের বক্রতা কেন্দ্র দিয়ে যাওয়া একটি রশ্মি দর্পণটিতে আপতিত হয়। প্রতিফলিত রশ্মিটির গতিপথ কী হবে?

A. এটি তার আগত পথে প্রত্যাবর্তন করে ✓

B. এটি প্রধান অক্ষ থেকে অপসৃত হয়

C. এটি অক্ষের সমান্তরাল হয়ে যায়

D. এটি ফোকাসের মধ্য দিয়ে যায়

Q13 Mixtures, Solutions, Colloids

কাদা মিশ্রিত জল, চিনির দ্রবণ এবং দুধের মধ্যে কোনটি একটি প্রলম্বণ?

A. চিনির দ্রবণ

B. কাদা মিশ্রিত চিনি

C. দুধ

D. কাদা মিশ্রিত জল ✓

Q14 Newton's Laws of Motion

একটি স্থির বস্তুর ওপর অপ্রতিমিত বল প্রয়োগ করলে বস্তুটির ওপর কী প্রভাব পড়বে?

A. এটি বস্তুটিকে স্থির রাখে

B. এটি বস্তুর রঙ পরিবর্তন করে

C. এটি সর্বদা বস্তুর ভর বৃদ্ধি করে

D. এর ফলে বস্তুটি গতিশীল হয় ✓

Q15 Newton's Laws of Motion

কোন পরিস্থিতিটি কোনো বস্তুর ওপর ক্রিয়াশীল অপ্রতিমিত (unbalanced) বলকে সবচেয়ে ভালোভাবে প্রদর্শন করে?

A. গ্যারেজে স্থির অবস্থায় রাখা একটি গাড়ি

B. একটি সকার বল লাথি মারার পর ঘুরতে শুরু করে ✓

C. ডেস্কের ওপর স্থির হয়ে থাকা একটি কাপ

D. দেয়ালে স্থিরভাবে ঝুলে থাকা একটি ছবি

Q16 Non-communicable (Diabetes, Cancer, etc.)

গুটখা ব্যবহারের কারণে ভারতে কোন ধরনের ক্যান্সারের ঘটনা বেশি ঘটে?

A. মুখের ক্যান্সার ✓

B. প্রস্টেট ক্যান্সার

C. হাড়ের ক্যান্সার

D. ত্বকের ক্যান্সার

Q17 Photosynthesis

সালোকসংশ্লেষ চলাকালে উদ্ভিদের পাতায় থাকা পত্ররন্ধ্রের প্রধান কাজ কী?

A. গ্যাসীয় বিনিময়ে সহায়তা করা ✓

B. CO_2এর প্রবেশ রোধ করা

C. পাতার তাপমাত্রা স্থির রাখা

D. অক্সিজেন শোষণ করা

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q18 Plant Tissues & Transport

যদি কোন শিক্ষার্থী উদ্ভিদের কাণ্ড বা মূলের দৈর্ঘ্য বৃদ্ধির জন্য সক্রিয়ভাবে বিভাজিত কোষগুলি পর্যবেক্ষণ করতে চায়, তাহলে তাকে মাইক্রোস্কোপের নীচে কোন নির্দিষ্ট টিস্যু বা কলা পরীক্ষা করতে হবে?

- A. অগ্রস্থ ভাজক কলা ✓
- B. নিবেশিত ভাজক কলা
- C. পার্শ্বস্থ ভাজক কলা
- D. স্থায়ী কলা

Q19 Properties & Tests

যখন সোডিয়াম হাইড্রক্সাইডকে জলে দ্রবীভূত করা হয়, তখন মূলত কোন ধরনের আয়নের উপস্থিতির কারণে দ্রবণটি ক্ষারীয় হয়ে ওঠে?

- A. হাইড্রক্সাইড আয়ন (OH-) ✓
- B. হাইড্রোজেন আয়ন (H+)
- C. সোডিয়াম আয়ন (Na+)
- D. কার্বনেট আয়ন (CO32-)

Q20 Reflection & Refraction

একজন শিক্ষক বিপরীতমুখীভাবে স্থাপিত দুটি প্রিজম ব্যবহার করেন এবং সেগুলোর মধ্য দিয়ে সাদা আলোর একটি রশ্মি চালনা করেন। দ্বিতীয় প্রিজমটির পরে রাখা পর্দায় কী ফলাফল পাওয়া যাবে বলে আশা করা যায়?

- A. আগের বর্ণগুলো ছাড়া নতুন একগুচ্ছ বর্ণের আবির্ভাব ঘটে
- B. পর্দায় একটি একক সাদা ছোপ দেখা যায় ✓
- C. যেখানে রশ্মিটি শেষ হয় সেখানে একটি কালো অঞ্চল দেখা যায়
- D. বর্ণের উল্টো ক্রম সহ একটি বর্ণালী তৈরি হয়

Q21 Reflection & Refraction

জলের নিচে দাঁড়িয়ে থাকা কোনো ব্যক্তি যখন তীরে অবস্থিত কোনো গাছের দিকে তাকান, তখন গাছটিকে তার প্রকৃত অবস্থানের চেয়ে ভিন্ন কোনো অবস্থানে আছে বলে মনে হয়। অবস্থানের এই আপাত পরিবর্তনের জন্য নিচের কোন নীতিটি দায়ী?

- A. গাছ থেকে আসা আলোকে জল বিভিন্ন রঙে বিচ্ছুরিত করে
- B. জলের উপরিভাগে অপবর্তনের কারণে গাছের প্রতিবিম্ব গঠিত হয়
- C. জলের উপরিতলে গাছ থেকে আসা আলোক রশ্মি প্রতিফলিত হয়
- D. জল ও বায়ুর আন্তঃতলে প্রতিসরণের কারণে গাছ থেকে আসা আলোক রশ্মি বেঁকে যায় ✓

Q22 Reproductive System

একজন বিজ্ঞানী নিশ্চিত করতে চান যে একটি ল্যাবরেটরি ডিশে গঠিত একটি মানব জাইগোটে ক্রোমোজোমের সংখ্যা সঠিক আছে কিনা। এই জাইগোটে থাকা ক্রোমোজোমের সংখ্যা কত?

- A. 46 ✓
- B. 23
- C. 92
- D. 69

Q23 Soaps & Detergents

সাবানের দ্রবণ ঘোলাটে দেখানোর কারণ কী?

- A. আয়ন দ্বারা আলোর প্রতিসরণ
- B. মাইসেল দ্বারা আলোর বিক্ষেপণ ✓
- C. বুদ্বুদ দ্বারা আলোর প্রতিফলন
- D. তেল দ্বারা আলোর শোষণ

Q24 Theory of Evolution

কোন বিবৃতিটি উটের কুঁজে চর্বি জমা থাকার প্রধান বিবর্তনীয় তাৎপর্যকে সর্বোত্তমভাবে বর্ণনা করে?

- A. এটি কাঠামোগত সুরক্ষা জোগায় যা প্রতিকূল পরিবেশে টিকে থাকতে সহায়তা করে। ✓
- B. এটি মরুভূমির শিকারি প্রাণীদের হাত থেকে দ্রুত পালিয়ে যেতে শরীরের ভর হ্রাস করে।
- C. ট্যাক্সোনমিক শ্রেণিবিন্যাস পরিবর্তন করতে এটি শারীরবৃত্তীয় বৈশিষ্ট্য পরিবর্তন করে।
- D. এটি শাবকদের খাওয়ানোর জন্য দুধ উৎপাদনের একটি সরাসরি বিকল্প প্রদান করে।

Q25 Types (Combination, Decomposition, etc.)

নিচে দেওয়া বিবৃতি দুটি দেখুন এবং ঠিক বিকল্পটি বেছে নিন।

বিবৃতি A: একটি বিয়োজন বিক্রিয়া তখন ঘটে যখন একটি একক যৌগ ভেঙে দুই বা ততোধিক সরল পদার্থে পরিণত হয়।
বিবৃতি B: বিয়োজন বিক্রিয়ার জন্য সবসময় অক্সিজেনের উপস্থিতি প্রয়োজন।

- A. A এবং B উভয় বিবৃতিই ভুল।
- B. বিবৃতি A ঠিক, কিন্তু বিবৃতি B ভুল। ✓
- C. A এবং B উভয় বিবৃতিই ঠিক।
- D. বিবৃতি A ভুল, কিন্তু বিবৃতি B ঠিক।

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science 25 Questions • Answer Key

Q1 Atomic Structure & Models

থমসনের মডেল নিচের কোনটি ব্যাখ্যা করতে পারেনি?

A. পরমাণুর ভর

B. পরমাণুর প্রশমতা

C. রাদারফোর্ডের পরীক্ষার ফলাফল ✓

D. ইলেকট্রনের উপস্থিতি

Q2 Basic Organic Chemistry

একজন শিক্ষক শিক্ষার্থীদের বিউটেন ও আইসোবিউটেনের গঠন অঙ্কন করতে বললেন। এই দুটি অণুর মধ্যে প্রধান পার্থক্য কী?

A. বিউটেন একটি সরল রৈখিক শৃঙ্খল, অপরদিকে আইসোবিউটেন একটি শাখা বিশিষ্ট শৃঙ্খল সমাবয়ব ✓

B. উভয়ই বদ্ধ শৃঙ্খল হাইড্রোকার্বন

C. বিউটেনে একটি অ্যারোমেটিক বলয় থাকে, কিন্তু আইসোবিউটেনে থাকে না

D. বিউটেনের চেয়ে আইসোবিউটেনে কম সংখ্যক কার্বন পরমাণু থাকে

Q3 Chemical Bonding (Ionic, Covalent)

মৌলের পরমাণুগুলি এমনভাবে বিক্রিয়া করে যাতে তাদের সর্ববহিস্থ কক্ষপথের ইলেকট্রন বিন্যাস একটি _____ অবস্থা লাভ করে।

A. ডুপ্লেট (duplet)

B. অষ্টক (octet) ✓

C. সপ্তক (heptet)

D. ত্রয়ী (triplet)

Q4 Chemical Reactions

কোন পর্যবেক্ষণটি থেকে বোঝা যায় যে একটি দ্রবণে রাসায়নিক পরিবর্তন ঘটেছে?

A. কঠিন পদার্থের দ্রবীভূত হওয়া

B. শুধুমাত্র তাপমাত্রা বৃদ্ধি

C. পদার্থের সুষম মিশ্রণ

D. অধঃক্ষেপের গঠন ✓

Q5 Current Electricity (Ohm's Law, Circuits)

10 ওহম রোধের একটি তারকে 12 V এর একটি ব্যাটারির সাথে যুক্ত করা হলো। যদি প্রথম তারটির সাথে আরেকটি একইরকমের তারকে সমান্তরাল সমবায়ে যুক্ত করা হয়, তবে উভয় তার মিলে মোট কত ক্ষমতা ব্যবহার করবে?

A. 28.8 W ✓

B. 120 W

C. 14.4 W

D. 1.44 W

Q6 Ecosystem & Food Chain

একটি বাস্তুতন্ত্রে শক্তি প্রবাহ সম্পর্কে নিম্নলিখিত বিবৃতিগুলির মধ্যে কোনটি সঠিক?

A. বাস্তুতন্ত্রে বেশিরভাগ শক্তি বায়োমাস তৈরির জন্য ব্যবহৃত হয়

B. বাস্তুতন্ত্রের মধ্যে বিয়োজকদের দ্বারা শক্তি পুনর্ব্যবহৃত হয়

C. বাস্তুতন্ত্রের মধ্যে শক্তি ধ্রুবক থাকে

D. বাস্তুতন্ত্রে শক্তি এক দিকে প্রবাহিত হয় ✓

Q7 Ecosystem & Food Chain

তৃণভূমির খাদ্য জালকে, খরগোশ এবং পোকামাকড়গুলি ঘাস খায়। ব্যাঙ পোকামাকড় খায়, অন্যদিকে শিয়াল খরগোশ খায়। যদি পোকামাকড়ের সংখ্যা তীব্রভাবে হ্রাস পায়, তাহলে কোন প্রভাবের সম্ভাবনা সবচেয়ে বেশি?

A. ঘাসের অস্তিত্ব বিলুপ্ত হয়ে যাবে

B. খরগোশের সংখ্যা হ্রাস পাবে

C. শিয়ালের সংখ্যা দ্রুত বৃদ্ধি পাবে

D. ব্যাঙের সংখ্যা হঠাৎ কমে যাবে ✓

Q8 Electromagnetic Induction

কোন বিন্যাসে একটি কুণ্ডলীতে সবচেয়ে বেশি আবিষ্ট তড়িৎপ্রবাহ তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে?

A. ক্ষুদ্রতর চুম্বক ব্যবহার করলে

B. চুম্বকটিকে খুব ধীর গতিতে সরানো হলে

C. কুণ্ডলীতে তারের পাক সংখ্যা হ্রাস করলে

D. কুণ্ডলীতে তারের পাক সংখ্যা বৃদ্ধি করলে ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q9 Five Kingdom Classification

শ্রেণিবিন্যাস পদ্ধতি পর্যালোচনা করার সময়, একজন জীববিজ্ঞানী লক্ষ্য করেন যে দুই-রাজ্য শ্রেণিবিন্যাসে অ্যামিবাকে অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে বিভ্রান্তি রয়েছে। কোন মূল বৈশিষ্ট্যের কারণে এই বিভ্রান্তি সৃষ্টি হয়েছিল?

A. অ্যামিবার কোশপ্রাচীর নেই এবং এটি নিশ্চল

B. অ্যামিবার প্রকৃত নিউক্লিয়াস আছে এবং এটি স্বভোজী

C. অ্যামিবা সালোকসংশ্লেষণকারী ও বহুকোশী

D. অ্যামিবা এককোশী, গমনে সক্ষম এবং পরভোজী ✓

Q10 Mechanics

সময়ের সাপেক্ষে বেগের পরিবর্তনের হার হিসেবে কোন ভৌত রাশিটিকে সংজ্ঞায়িত করা হয়?

A. দ্রুতি

B. অতিক্রান্ত দূরত্ব

C. সরণ

D. ত্বরণ ✓

Q11 Mechanics

কোন রাশিটি কোনো সরল যন্ত্র দ্বারা প্রযুক্ত বলকে কত গুণ বৃদ্ধি করে তা নির্দেশ করে?

A. কর্মদক্ষতা (Efficiency)

B. যান্ত্রিক সুবিধা (Mechanical advantage) ✓

C. বেগ অনুপাত (Velocity ratio)

D. ইনপুট কার্য (Input work)

Q12 Mirrors & Lenses

একটি উত্তল লেন্স, বস্তুর চেয়ে তিন গুণ বড় একটি সদ ও অবশীর্ষ প্রতিবিম্ব গঠন করে। যদি বস্তুটিকে লেন্স থেকে 30 cm দূরে রাখা হয়, তবে ওই লেন্সের ক্ষমতার নিকটতম মান (আনুমানিক) কত?

A. +3.2 D

B. +1 D

C. +4.44 D ✓

D. +2 D

Q13 Newton's Laws of Motion

গতির প্রথম সূত্র অনুযায়ী, একটি মসৃণ ও অনুভূমিক তলের ওপর দিয়ে গড়িয়ে চলা একটি বলের ওপর যদি কোনো বাহ্যিক বল প্রযুক্ত না হয়, তবে কী ঘটবে?

A. বলটি একই দিকে সমদ্রুতিতে গড়াতে থাকবে। ✓

B. বলটি ধীরে ধীরে মন্থর হয়ে যাবে এবং নিজেই থেমে যাবে।

C. বলটি নিজেই গতি বাড়াবে।

D. বলটি স্বয়ংক্রিয়ভাবে তার দিক পরিবর্তন করবে।

Q14 Physical & Chemical Properties

বাতাসে উত্তপ্ত করলে কোন ধাতু তার পৃষ্ঠতলে একটি প্রতিরক্ষামূলক অক্সাইড স্তর গঠন করে, যা পরবর্তী জারণ প্রক্রিয়াকে বাধা দেয়?

A. অ্যালুমিনিয়াম ✓

B. লোহা

C. সোডিয়াম

D. তামা

Q15 Physical & Chemical Properties

নিচের কোন পর্যবেক্ষণটি কোনো ধাতুর অপক্ষয়কে সঠিকভাবে নির্দেশ করে?

A. লোহার উপরে লালচে-বাদামী রঙের আস্তরণ তৈরি হওয়া ✓

B. রুপা জলে সম্পূর্ণ দ্রবীভূত হয়ে যাওয়া

C. তীব্র উত্তাপে তামার তার গলে যাওয়া

D. যান্ত্রিক চাপের কারণে অ্যালুমিনিয়াম ভেঙে যাওয়া

Q16 Plant Biology

চলনের সময় উদ্ভিদ কোশগুলির আকৃতি পরিবর্তনের প্রধান কারণ কী?

A. বিশেষ প্রোটিন

B. জলের পরিমাণ ✓

C. তাপমাত্রা

D. আলোক শক্তি

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Properties & Tests

বিভিন্ন অ্যাসিড একই ধরণের রাসায়নিক ধর্ম প্রদর্শন করে কারণ জলীয় দ্রবণে এদের সবগুলি _____ উৎপন্ন করে।

- A. হাইড্রোজেন আয়ন ✓
- B. হাইড্রক্সাইড আয়ন
- C. ক্লোরিন আয়ন
- D. সোডিয়াম আয়ন

Q18 Reflection & Refraction

প্রিজমের ক্ষেত্রে আপতিত রশ্মি ও নির্গত রশ্মির মধ্যবর্তী কোণকে কী বলা হয়?

- A. আপতন কোণ
- B. প্রতিসরণ কোণ
- C. বিচ্যুতি কোণ ✓
- D. নির্গমন কোণ

Q19 Reproductive System

একটি মহিলার IVF হয় এবং তার জরায়ুতে নিষিক্ত ডিম্বাণুর রোপণ করা হয়। এই পরিস্থিতিতে কোনটি তার গর্ভাবস্থার চিকিৎসাগত সূচনাকে চিহ্নিত করে?

- A. জাইগোটের প্রাথমিক বিভাজন
- B. প্রাকৃতিক উপায়ে ডিম্বাণু নিঃসরণ প্রক্রিয়া
- C. পরীক্ষাগারে ম্যানুয়াল পদ্ধতিতে নিষেক
- D. নিষিক্ত ডিম্বাণুর রোপণ ✓

Q20 Reproductive System

মানুষের মধ্যে, কোন জনন কোশের একটি পুচ্ছ থাকে যা এটিকে ডিম্বাণুর দিকে চালিত হতে সাহায্য করে?

- A. জাইগোট
- B. এমব্রয়ো
- C. ডিম্বাণু
- D. শুক্রাণু ✓

Q21 Respiratory System

মানুষের ফুসফুসের ক্ষুদ্রতম টিউবের (tubes) প্রান্তে অবস্থিত ক্ষুদ্র বেলুন সদৃশ কাঠামোগুলিকে কী বলা হয়?

- A. বায়ুথলি বা অ্যালভিওলাই ✓
- B. উপক্লোমশাখা বা ব্রঙ্কিয়োল
- C. ক্লোমশাখা বা ব্রঙ্কাই
- D. ভিলাই

Q22 Soaps & Detergents

ডিটারজেন্টের পরিষ্কার করার ক্ষমতা _____-এ সর্বাধিক কার্যকর।

- A. ক্ষারীয় মাধ্যম ✓
- B. উচ্চ আম্লিক মাধ্যম
- C. আম্লিক মাধ্যম
- D. প্রশম মাধ্যম

Q23 Wave Properties (Frequency, Wavelength)

যদি একটি বাদ্যযন্ত্র 200 Hz কম্পাঙ্কের শব্দ উৎপন্ন করে, তবে নিচের কোন কম্পাঙ্কের শব্দটি ওই বাদ্যযন্ত্রটির চেয়ে উচ্চ তীক্ষ্ণতা সম্পন্ন (higher pitch) শব্দ সৃষ্টি করবে?

- A. 120 Hz
- B. 180 Hz
- C. 350 Hz ✓
- D. 150 Hz

Q24 Winds & Pressure Belts

পাহাড়ি এলাকার একটি গ্রামের চিকিৎসক লক্ষ্য করলেন যে, পাহাড়ের পাদদেশের কাছাকাছি অবস্থিত শোবার ঘরগুলো রাতে অপেক্ষাকৃত শীতল অনুভূত হয়। বায়ুমণ্ডলের কোন প্রক্রিয়াটি এই পর্যবেক্ষণকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

- A. স্থল-বায়ু হিসেবে শীতল বাতাসের চলাচল
- B. পার্বত্য-বায়ু হিসেবে শীতল বাতাসের নিচে নেমে আসা ✓
- C. সমুদ্র-বায়ু হিসেবে আর্দ্র বাতাসের প্রবাহ
- D. উপত্যকা-বায়ু হিসেবে উষ্ণ বাতাসের উপরে ওঠা

Q25 Work, Energy & Power

M ভরের একটি গাড়ি V বেগে যাত্রা করে। যদি এর গতিশক্তি 9 গুণ বৃদ্ধি পায়, তাহলে এর বেগ কত পরিবর্তিত হয়?

- A. বেগ চারগুণ হয়
- B. বেগ নয়গুণ বৃদ্ধি হয়
- C. বেগ তিনগুণ হয় ✓
- D. বেগ দ্বিগুণ হয়

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science

25 Questions • Answer Key

Q1 Atomic Structure & Models

একটি ইলেকট্রন নিউক্লিয়াসের চারদিকে যে নির্দিষ্ট পথ বরাবর আবর্তন করে, তাকে কী বলা হয়?

- A. কক্ষপথ ✓
- B. অণু
- C. নিউট্রন
- D. প্রোটন

Q2 Atoms & Molecules

যৌগের অণুগুলি _____ দ্বারা গঠিত হয়।

- A. শুধুমাত্র অনুরূপ পরমাণুসমূহ
- B. পরমাণুগুলোর ভৌত মিশ্রণ
- C. নির্দিষ্ট অনুপাতে থাকা ভিন্ন ভিন্ন মৌল ✓
- D. পরমাণুর যদৃচ্ছ সংমিশ্রণ

Q3 Basic Organic Chemistry

নিচের কোনটি সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে যে, ইথানল তরল হওয়া সত্ত্বেও এবং এতে পোলার O–H বন্ধন থাকা সত্ত্বেও কেন দুর্বলভাবে তড়িৎ পরিবহন করে?

- A. এটি একটি সমযোজী যৌগ এবং দ্রবণে আয়নিত হয় না ✓
- B. এটি জলে CO_2 এবং H_2O তে বিয়োজিত হয়
- C. এটি একটি মৃদু ক্ষারক যা প্রোটন গ্রহণ করে
- D. এটি জলে সম্পূর্ণরূপে আয়নে বিভক্ত হয়

Q4 Basic Organic Chemistry

ইথানলের সঙ্গে সোডিয়াম ধাতুর বিক্রিয়ায় কোন গ্যাসটি উৎপন্ন হয়?

- A. কার্বন ডাই-অক্সাইড
- B. অক্সিজেন গ্যাস
- C. নাইট্রোজেন গ্যাস
- D. হাইড্রোজেন গ্যাস ✓

Q5 Circulatory System (Heart, Blood)

একজন গবেষক এমন একটি প্রাণী পর্যবেক্ষণ করলেন যার হৃৎপিণ্ডটি তিন-প্রকোষ্ঠ বিশিষ্ট এবং রক্তে কিছুটা অক্সিজেনযুক্ত (oxygenated) ও অক্সিজেনবিহীন (deoxygenated) রক্তের মিশ্রণ ঘটে। এই প্রেক্ষাপটে, প্রাণীটি নিচের কোন ধরণের শক্তি অভিযোজন (energy adaptation) প্রদর্শন করে?

- A. এটি ধ্রুবক শক্তি ব্যবহার করে দেহের তাপমাত্রা বজায় রাখে
- B. এতে কোনো মিশ্রণ ছাড়াই দ্বিচক্রী সংবহন হয়
- C. এতে একটি অত্যন্ত কার্যকর অক্সিজেন সরবরাহ ব্যবস্থা রয়েছে
- D. এটি ধ্রুবক শক্তি ব্যবহার করে তার দেহের তাপমাত্রা বজায় রাখে না ✓

Q6 Current Electricity (Ohm's Law, Circuits)

একটি বৈদ্যুতিক বর্তনীতে, আধান প্রবাহের জন্য প্রয়োজনীয় বিভব পার্থক্য কিসের দ্বারা উৎপন্ন হয়?

- A. এক বা একাধিক তড়িৎকোষ দ্বারা গঠিত একটি ব্যাটারি ✓
- B. কেবলমাত্র দু'টি বিন্দুর মধ্যে সংযোগকারী তার
- C. ইলেকট্রনের উপর অভিকর্ষীয় টান
- D. তড়িৎ প্রবাহের প্রতি তারের রোধ

Q7 Digestive System

খাবার খাওয়ার সময় কোন অঙ্গটি খাবারকে ছোট ছোট টুকরো করতে সাহায্য করে?

- A. দাঁত ✓
- B. জিহ্বা
- C. পাকস্থলী
- D. লালাগ্রন্থি

Q8 Digestive System

অ্যামিবার দেহের কোন গঠনটি মূলত খাদ্য কণা গ্রহণ করে?

- A. কোশপর্দার ভেতরে থাকা সাইটোপ্লাজম
- B. কোশের উপরিভাগ জুড়ে থাকা সিলিয়া
- C. ক্ষণস্থায়ী ক্ষণপদ ✓
- D. জীবটিকে পরিবেষ্টিত করে রাখা কোশপ্রাচীর

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q9 Ecosystem & Food Chain

একটি তৃণভূমির বাস্তুতন্ত্রে কোন জীবগুলোর সংখ্যা সর্বাধিক হবে?

A. ব্যাঙ

B. ঘাস ✓

C. সাপ

D. বাজপাখি

Q10 Extraction & Metallurgy

দাবি (A) এবং যুক্তি (R) হিসাবে চিহ্নিত, নিচে দেওয়া দুটি বিবৃতি সম্পর্কে সত্য বিকল্পটি চয়ন করুন।

দাবি (A): সোডিয়াম এবং পটাসিয়ামের মতো ধাতু তড়িৎ বিশ্লেষণের মাধ্যমে পাওয়া যায়।
কারণ (R): এই ধাতুগুলি অত্যন্ত সক্রিয় এবং কার্বন দ্বারা বিজারিত করে পাওয়া যায় না।

A. A এবং R উভয়ই সত্য, কিন্তু R, A -এর সঠিক ব্যাখ্যা নয়

B. A এবং R উভয়ই সত্য, এবং R হল A এর সঠিক ব্যাখ্যা ✓

C. A সত্য, কিন্তু R মিথ্যা

D. A মিথ্যা, কিন্তু R সত্য

Q11 Global Warming & Climate Change

মানুষের কোন কার্যকলাপ কার্বন চক্রের ব্যাঘাত কমাতে সাহায্য করে?

A. সারের অত্যধিক ব্যবহার

B. নির্বনানীকরন

C. জীবাশ্ম জ্বালানির ব্যবহার বৃদ্ধি

D. সৌরশক্তির ব্যবহার ✓

Q12 Magnetic Effects of Current

একটি ঋজু পরিবাহীর মধ্য দিয়ে তড়িৎ প্রবাহের অভিমুখ যদি উল্টে দেওয়া (reverse) হয়, তবে তার চারপাশের চৌম্বক ক্ষেত্ররেখার অভিমুখের কী পরিবর্তন হবে?

A. চৌম্বক ক্ষেত্ররেখাগুলি দুর্বল (weaker) হয়ে যাবে

B. চৌম্বক ক্ষেত্ররেখাগুলি আরও শক্তিশালী হবে

C. চৌম্বক ক্ষেত্ররেখাগুলির অভিমুখ বিপরীত (reverse direction) হয়ে যাবে ✓

D. চৌম্বকক্ষেত্র রেখাগুলি অপরিবর্তিত থাকবে

Q13 Mixtures, Solutions, Colloids

নিচের কোনটি/কোনগুলো অসমসত্ত্ব মিশ্রণের উদাহরণ?

a) কলয়েডীয় দ্রবণ
b) প্রলম্বন
c) দ্রবণ

A. কেবল (c)

B. (a) এবং (b) ✓

C. কেবল (b)

D. কেবল (a)

Q14 Newton's Laws of Motion

কোন উদাহরণটি নির্দেশ করে যে একটি বস্তুর উপর ক্রিয়াশীল বলগুলি প্রতিমিত (balanced)?

A. একটি বল মাটিতে পড়ছে

B. স্থির থাকা একটি বল চলতে শুরু করে

C. একটি গাড়ি রাস্তায় ত্বরণ নিয়ে চলছে

D. একটি বই একটি তাকের উপর স্থিরভাবে রাখা আছে ✓

Q15 Newton's Laws of Motion

গতির প্রথম সূত্র অনুযায়ী, স্থির অবস্থায় থাকা একটি ভারী বাক্সকে ঠেলে সরানো কেন কঠিন?

A. অভিকর্ষ বল বাক্সটিকে পেছনের দিকে টানে

B. জাড্যের কারণে বাক্সটি তার অবস্থার পরিবর্তনে বাধা দেয় ✓

C. বাক্সটি মেঝের সাথে আঠা দিয়ে লাগানো থাকে

D. গড়িয়ে নিয়ে যাওয়ার জন্য বাক্সটিতে কোনো চাকা নেই

Q16 Properties & Tests

অ্যাসিড ও ক্ষারক উভয়ই জলীয় দ্রবণে বিদ্যুৎ পরিবহন করার কারণ কী?

A. এগুলিতে মুক্ত ইলেকট্রন থাকে

B. এগুলি জলে আয়ন উৎপন্ন করে ✓

C. এগুলি অক্সিজেন গ্যাস নির্গত করে

D. এগুলি সমযোজী বন্ধন তৈরি করে

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Reflection & Refraction

যখন একটি আলোক রশ্মি বায়ু থেকে জলে প্রবেশ করে, তখন বায়ুর প্রতিসরাঙ্কের সাপেক্ষে জলের প্রতিসরাঙ্ক এই দুটি মাধ্যমে আলোর গতির সঙ্গে কীভাবে সম্পর্কিত?

A. বায়ুর প্রতিসরাঙ্কের সাপেক্ষে জলের প্রতিসরাঙ্ক হল জলে আলোর গতি এবং বায়ুতে আলোর গতির অনুপাত।

B. বায়ুর প্রতিসরাঙ্কের সাপেক্ষে জলের প্রতিসরাঙ্ক হল বায়ু এবং জলে আলোর গতির পার্থক্য।

C. বায়ুর প্রতিসরাঙ্কের সাপেক্ষে জলের প্রতিসরাঙ্ক হল বায়ু এবং জলে আলোর গতির সমষ্টি।

D. বায়ুর প্রতিসরাঙ্কের সাপেক্ষে জলের প্রতিসরাঙ্ক হল বায়ুতে আলোর গতি এবং জলে আলোর গতির অনুপাত। ✓

Q18 Reproductive System

নারীদের ক্ষেত্রে, সাধারণত প্রতি মাসে ডিম্বাশয়গুলোর কোনো একটি থেকে একটি পরিপক্ক ডিম্বাণু (mature egg) নির্গত হয়, যে প্রক্রিয়াকে _____ বলা হয়।

A. ডিম্বাণু নিঃসরণ প্রক্রিয়া ✓

B. রজঃনিবৃত্তি

C. স্পার্মাটোজেনেসিস

D. বয়ঃসন্ধি

Q19 Skeletal & Muscular System

অণুবীক্ষণ যন্ত্রের নীচে, কঙ্কালের পেশীগুলি পর্যায়ক্রমিক ভাবে হালকা ও গাঢ় ব্যান্ড অথবা রেখাঙ্কন দেখায়। এই কলার কোষগুলি দীর্ঘ, নলাকার, শাখাবিহীন এবং _____ হয়।

A. মাকু আকৃতির

B. বহু নিউক্লিয়াসযুক্ত ✓

C. একক নিউক্লিয়াসযুক্ত

D. মৃত

Q20 Theory of Evolution

একদল বিজ্ঞানী নির্দিষ্ট অঞ্চলের ঘনিষ্ঠভাবে সম্পর্কিত প্রজাতিগুলোর মধ্যে বিবর্তনীয় সম্পর্ক (evolutionary relationships) এবং সাধারণ পূর্বপুরুষত্ব (common ancestry) নির্ধারণ করতে চান। কোন শ্রেণিবিন্যাসের মানদণ্ডটি সবচেয়ে নির্ভরযোগ্য প্রমাণ প্রদান করবে?

A. শুধুমাত্র বাহ্যিক বৈশিষ্ট্যসমূহ

B. খাদ্য গ্রহণের অভ্যাসের বিবরণ

C. সক্রিয়তার রীতিনীতি বা প্যাটার্ন নিরীক্ষণ করা

D. জিনগত কোডের সাদৃশ্য ✓

Q21 Types (Combination, Decomposition, etc.)

নিচে দেওয়া কোন বিবৃতিটি সংযোজন বিক্রিয়া ও শক্তির মাঝের সম্পর্ককে সঠিকভাবে ব্যাখ্যা করে?

A. সংযোজন বিক্রিয়া শক্তি নির্গতও করে না, শোষণও করে না

B. সকল সংযোজন বিক্রিয়ায় অবশ্যই তাপ শোষিত হয়

C. সকল সংযোজন বিক্রিয়া তাপ নির্গত করে

D. অনেক সংযোজন বিক্রিয়া তাপমোচী, যদিও কিছু বিক্রিয়া তাপগ্রাহী হতে পারে ✓

Q22 Wave Properties (Frequency, Wavelength)

যদি দু'টি স্বরের একটি 300 Hz এ এবং অন্যটি 600 Hz এ বাজানো হয়, তবে তাদের তীক্ষ্ণতাকে (pitches) কীভাবে তুলনা করা হবে?

A. 600 Hz স্বরটির তীক্ষ্ণতা (pitch) বেশি ✓

B. 300 Hz স্বরটির তীক্ষ্ণতা (pitch) বেশি

C. উভয় স্বরের তীক্ষ্ণতা (pitch) সমান

D. 300 Hz স্বরটি 600 Hz স্বরটির চেয়ে বেশি জোরালো (louder)

Q23 Wave Properties (Frequency, Wavelength)

নিচের কোন বৈশিষ্ট্যটি অনুদৈর্ঘ্য শব্দ তরঙ্গের একটি অনন্য (unique) বৈশিষ্ট্য?

A. এগুলি একটি মাধ্যমে কেবল উপর-নিচ বরাবর কম্পিত হয়।

B. এরা একটি মাধ্যমে কেবল পাশাপাশি স্পন্দন হিসেবে অগ্রসর হয়।

C. এরা মাধ্যমের মধ্যে ঘনীভবন (compression) এবং তনুভবন (rarefaction) অঞ্চল সৃষ্টি করে। ✓

D. এরা মাধ্যমের মধ্যে তরঙ্গশীর্ষ (crests) এবং তরঙ্গপাদ (troughs) তৈরি করে অগ্রসর হয়।

Q24 Work, Energy & Power

3 kg ভরের একটি পাথরকে 8 m/s দ্রুতিতে উল্লম্বভাবে উপরের দিকে ছুঁড়ে দেওয়া হলো। ছোঁড়ার মুহূর্তে পাথরটির গতিশক্তি কত?

A. 24 J

B. 96 J ✓

C. 72 J

D. 48 J

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q25 Work, Energy & Power

চলমান বস্তুর গতিশক্তি নির্ণয় করার জন্য কোন ভৌত রাশিগুলির মান জানতে হবে?

A. শুধুমাত্র ভর

B. ভর এবং সময়

C. শুধুমাত্র বেগ

D. ভর এবং বেগ ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science

25 Questions • Answer Key

Q1 Atomic Structure & Models

সমস্থানিক বা আইসোটোপ সম্পর্কে নিম্নলিখিত কোন বিবৃতিটি সত্য?

A. আইসোটোপগুলির পারমাণবিক সংখ্যা আলাদা কিন্তু ভর সংখ্যা সমান হয়

B. আইসোটোপগুলির প্রোটন সংখ্যা সমান কিন্তু নিউট্রন সংখ্যা আলাদা হয় ✓

C. আইসোটোপগুলির হল সমান পারমাণবিক সংখ্যা বিশিষ্ট ভিন্ন মৌল

D. আইসোটোপগুলির নিউট্রন সংখ্যা সমান হয়

Q2 Atoms & Molecules

ক্যালসিয়াম ক্লোরাইড ($CaCl_2$) এর সংকেত একক ভর কত?

A. 65 u

B. 71 u

C. 111 u ✓

D. 46 u

Q3 Chemical Bonding (Ionic, Covalent)

সাধারণভাবে সমযোজী যৌগের গলনাঙ্ক কম হয় কেন?

A. কারণ তারা ধাতু দ্বারা গঠিত

B. কারণ তাদের আন্তঃআণবিক বল দুর্বল ✓

C. কারণ তাদের অণুর মধ্যে বন্ধন দুর্বল

D. কারণ তাদের অণুগুলি বড়

Q4 Chemistry

নিম্নলিখিত দু'টি বিবৃতি, যেমন "বক্তব্য (A)" এবং "কারণ (R)" এর ক্ষেত্রে ঠিক বিকল্পটি চয়ন করুন।

বক্তব্য (A): কয়লা এবং পেট্রোলিয়ামকে জীবাশ্ম জ্বালানি বলা হয়।
কারণ (R): প্রাগৈতিহাসিক উদ্ভিদ এবং প্রাণিদের দেহাবশেষ থেকে এ'গুলি তৈরি হয়েছিল।

A. A মিথ্যা, কিন্তু R সত্য।

B. A সত্য, কিন্তু R মিথ্যা।

C. A এবং R উভয়ই সত্য, এবং R দ্বারা A কে ঠিকভাবে ব্যাখ্যা করা যায় না।

D. A এবং R উভয়ই সত্য, এবং R হল A এর ঠিক ব্যাখ্যা। ✓

Q5 Circulatory System (Heart, Blood)

একজন ডাক্তার একটি মাইক্রোস্কোপে পুরু, স্থিতিস্থাপক প্রাচীরযুক্ত একটি রক্তবাহ পর্যবেক্ষণ করেন। এই রক্তবাহটি সম্ভবত নিচের কোনটি হতে পারে?

A. ধমনী ✓

B. শিরা

C. রক্তজালিকা

D. লসিকাবাহ

Q6 Current Electricity (Ohm's Law, Circuits)

একজন শিক্ষার্থী তড়িৎ প্রবাহের কোনো পরিবর্তন না করে কোনো যন্ত্রের ব্যয়িত ক্ষমতা কমাতে চায়। নিচের কোন পদক্ষেপটি এর জন্য কার্যকর হবে?

A. বর্তনীতে রোধ বৃদ্ধি করলে

B. প্রযুক্ত ভোল্টেজ বৃদ্ধি করলে

C. বর্তনীতে তাপমাত্রা বৃদ্ধি করলে

D. বর্তনীতে রোধ হ্রাস করলে ✓

Q7 Electromagnetic Induction

একটি তারের কুণ্ডলীকে দ্রুততার সঙ্গে একটি শক্তিশালী চৌম্বক ক্ষেত্রবিশিষ্ট অঞ্চলে (strong magnetic field) নিয়ে যাওয়া হল। নিচের কোন পরিবর্তনটির দ্বারা কুণ্ডলীতে আবিষ্ট তড়িৎপ্রবাহের মান বৃদ্ধির সম্ভাবনা সবচেয়ে বেশি?

A. কুণ্ডলীর জন্য অপেক্ষাকৃত পুরু তার ব্যবহার করা

B. চৌম্বক ক্ষেত্রে কুণ্ডলীটির প্রবেশের দ্রুতি বৃদ্ধি করা ✓

C. চৌম্বক ক্ষেত্রে কুণ্ডলীটিকে স্থির রাখা

D. চৌম্বক ক্ষেত্রের ভিতরে কুণ্ডলীটিকে সুষম দ্রুতিতে ঘোরানো

Q8 Five Kingdom Classification

একটি জলবাহিত রোগের প্রাদুর্ভাব থেকে জানা গেল যে, রোগ সৃষ্টিকারী জীবাণুটি হল এককোশী এবং সুগঠিত নিউক্লিয়াস বিহীন, যা পয়ঃনিষ্কাশন নালা (sewage) এবং প্রাণীদের অন্ত্রে বংশবৃদ্ধি করে। এই জীবগুলি নিচের কোন গ্রুপের অন্তর্ভুক্ত হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি?

A. রাজ্য প্রোটিস্টা

B. রাজ্য ছত্রাক

C. রাজ্য প্ল্যান্টি

D. রাজ্য মনেরা ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q9 Mechanics

কোনো সমতলে একটি বস্তুর (0, 0) বিন্দু থেকে (4, -3) বিন্দুতে সরণ ঘটলে, নিচের কোন ভেক্টরটি সঠিকভাবে এই সরণকে নির্দেশ করে?

A. (-4, 3)

B. (-3, 4)

C. (4, -3) ✓

D. (3, -4)

Q10 Mirrors & Lenses

একটি অবতল দর্পণে প্রধান অক্ষের সমান্তরালে একটি রশ্মি আপতিত হয়। প্রতিফলনের পর, এটি কোন বিন্দু দিয়ে যায়?

A. বক্রতা কেন্দ্র

B. দর্পণের ফোকাস ✓

C. দর্পণের শীর্ষবিন্দু

D. দর্পণের মেরু

Q11 Mixtures, Solutions, Colloids

প্রলম্বন (suspension), দ্রবণ (solution) এবং কলয়েড (colloid) এর কণাগুলির আকারের সঠিক অধঃক্রম কোনটি?

A. প্রলম্বন > দ্রবণ > কলয়েড

B. কলয়েড > প্রলম্বন > দ্রবণ

C. প্রলম্বন > কলয়েড > দ্রবণ ✓

D. দ্রবণ > কলয়েড > প্রলম্বন

Q12 Nervous System & Brain

স্নায়ুতন্ত্রে নিউরোনের ভূমিকার ক্ষেত্রে তাদের গঠন গুরুত্বপূর্ণ কেন?

A. পুষ্টি উপাদান সংরক্ষণ করতে

B. সংকেত পরিবহন করতে ✓

C. কলা মেরামত করতে

D. উৎসেচক তৈরি করতে

Q13 Newton's Laws of Motion

যদি কোনো বস্তু সমদ্রুতিতে, একই অভিমুখে চলতে থাকে, তবে তার ওপর প্রযুক্ত বল সম্পর্কে কী বোঝা যায়?

A. সমস্ত বল গতির অভিমুখে ক্রিয়াশীল

B. বলগুলো সর্বদা অভিকর্ষ বলকে প্রশমিত করে

C. বলগুলো প্রতিমিত (balanced) ✓

D. বলগুলো অপ্রতিমিত (unbalanced)

Q14 Oxidation & Reduction (Redox)

নিম্নলিখিত বিক্রিয়াটি বিবেচনা করুন:

$ZnO(s) + C(s) \rightarrow Zn(s) + CO(g)$

নিম্নলিখিত কোনটি এই বিক্রিয়ায় বিজারিত পদার্থটিকে সঠিকভাবে চিহ্নিত করে?

A. ZnO অক্সিজেন বর্জন করে Zn গঠন করে ✓

B. ZnO জিঙ্ক ধাতুতে রূপান্তরিত হয়

C. জারণের সময় CO উৎপন্ন হয়

D. কার্বন অক্সিজেন গ্রহণ করে CO গঠন করে

Q15 Plant Tissues & Transport

একটি পরিব্যক্তি বা মিউটেশন উদ্ভিদের সংবহন তন্ত্রকে ব্যাহত করে, যার ফলে পাতার কোশে অক্সিজেন ও বর্জ্য পদার্থ সঞ্চিত হয়। এর ফলে কোন দুটি জৈবনিক প্রক্রিয়া সরাসরি বাধাপ্রাপ্ত হয়?

A. পুষ্টি এবং বৃদ্ধি

B. পুষ্টি এবং শ্বসন

C. শ্বসন এবং রেচন ✓

D. বৃদ্ধি এবং রেচন

Q16 Properties & Tests

অ্যাসিডকে লঘু করার সময় কেন সাবধানতা অবলম্বন করা জরুরি?

A. ছিটে আসা এড়াতে ✓

B. আম্লিকতা বৃদ্ধি করতে

C. গাঢ়ত্ব হ্রাস করতে

D. বিক্রিয়ার গতিকে দ্রুত করতে

Q17 Reactivity Series

যখন একটি ধাতুকে অন্য ধাতুর লবণের দ্রবণে রাখা হয় এবং বিক্রিয়া ঘটে, তখন এটি দু'টি ধাতু সম্পর্কে কী নির্দেশ করে?

A. দ্রবণের ধাতু অপেক্ষা, কঠিন ধাতুটি বেশি সক্রিয় ✓

B. উভয় ধাতুই সমানভাবে সক্রিয়

C. সক্রিয়তা সম্পর্কে কোনো তথ্য নির্ধারণ করা যায় না

D. দ্রবণের ধাতুটি বেশি সক্রিয়

Q18 Reproductive System

নিচের সবগুলিই মানব স্ত্রী প্রজননতন্ত্রের অংশ, কিন্তু কোনটি **নয়**?

A. যোনি (Vagina)

B. ভাস ডিফারেন্স (Vas deferens) ✓

C. ডিম্বনালী (Oviducts)

D. জরায়ু (Uterus)

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q19 Reproductive System

শুক্রাণু কোশের _____ নিষেকের জন্য প্রয়োজনীয় জিনগত উপাদান ধারণ করে।

A. পুচ্ছ (Tail)

B. মস্তক (Head) ✓

C. ঝিল্লি (Membrane)

D. তরল (Fluid)

Q20 Respiratory System

ধূমপান শুরু করার পর একজন রোগীর ঘন ঘন কাশি এবং শ্বাসযন্ত্রের সংক্রমণ (respiratory infection) দেখা দেয়। নিচের কোন শারীরবৃত্তীয় পরিবর্তনটি (physiological change) এর সবচেয়ে ঠিক ব্যাখ্যা প্রদান করে?

A. ফুসফুস জুড়ে ব্রঙ্কিয়াল সংকোচন (Bronchial constriction)

B. রক্তচাপ এবং হৃদ্‌স্পন্দনের দ্রুত বৃদ্ধি (Rapid increase)

C. মুখের গহ্বরে অতিরিক্ত লালা নিঃসরণ (saliva secretion)

D. শ্বাস নালির উপরের অংশে (upper respiratory tract) সিলিয়ার কার্যক্ষমতা হ্রাস পাওয়া (Loss of cilia function) ✓

Q21 Theory of Evolution

একজন গবেষক অধ্যয়ন করছেন যে প্রজন্মের পর প্রজন্ম ধরে জীবের মধ্যে ক্ষুদ্র পার্থক্যগুলি কীভাবে নতুন জীবের উত্থানে অবদান রাখে। এই পরিস্থিতিটি কোন প্রক্রিয়াকে নির্দেশ করে?

A. জেনেটিক ড্রিফট (Genetic drift)

B. জীববৈচিত্র্যের বিবর্তন (Evolution of biodiversity) ✓

C. বাস্তুতান্ত্রিক অনুক্রম (Ecological succession)

D. শ্রেণিবিন্যাসবিদ্যা (Taxonomic classification)

Q22 Wave Properties (Frequency, Wavelength)

একই বিস্তার (amplitude) কিন্তু ভিন্ন কম্পাঙ্কের দুটি ধ্বনি সম্পর্কে কোন বিবৃতিটি সত্য?

A. এগুলোর তীক্ষ্ণতা (pitch) সমান, কিন্তু প্রাবল্যমাত্রা ভিন্ন।

B. তারা একই মাধ্যমে বিভিন্ন দ্রুতিতে ভ্রমণ করে

C. তাদের একই কম্পাঙ্ক কিন্তু ভিন্ন বিস্তার আছে

D. তাদের প্রাবল্যমাত্রা সমান কিন্তু তীক্ষ্ণতা (pitch) ভিন্ন ✓

Q23 Wave Properties (Frequency, Wavelength)

বিভিন্ন উপাদানের মধ্যে দিয়ে শব্দের বিস্তারের ক্ষেত্রে নিচের কোন বিবৃতিটি ঠিক?

A. শব্দ গ্যাসের মধ্য দিয়ে সবচেয়ে দ্রুত এবং কঠিন পদার্থে সবচেয়ে ধীর গতিতে চলে।

B. শব্দ সমস্ত পদার্থের মধ্য দিয়ে সমান গতিতে চলে।

C. তরল ও গ্যাসের তুলনায়, শব্দ কঠিন পদার্থে বেশি দ্রুত চলে। ✓

D. শব্দ তরলে সবচেয়ে দ্রুত এবং গ্যাসে সবচেয়ে ধীর গতিতে চলে।

Q24 Work, Energy & Power

একজন পর্বতারোহী পিঠে একটি ব্যাগ নিয়ে অসমঞ্জস ঢালযুক্ত একটি পাহাড়ে উঠছেন। যদি কোনো শক্তি ক্ষয় না হয় এবং ভর স্থির থাকে, তবে আরোহণের কোন পর্যায়ে ব্যাগটির স্থিতিশক্তি সর্বোচ্চ হবে?

A. আরোহণের সময় সর্বোচ্চ উচ্চতায় ✓

B. পাহাড়ের মাঝামাঝি স্থানে

C. পাহাড়ের পাদদেশে শুরুর অবস্থানে

D. আরোহণের সবচেয়ে খাড়া ঢালে

Q25 Work, Energy & Power

একজন সাইকেল চালক একটি চলন্ত সাইকেলকে থামাতে ব্রেক প্রয়োগ করেন। সাইকেলের উপর ব্রেকিং বল দ্বারা কৃতকার্য হল _____।

A. কেবল ঋণাত্মক ✓

B. কেবল ধনাত্মক

C. শূন্য

D. ধনাত্মক এবং ঋণাত্মক উভয়ই

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science

25 Questions • Answer Key

Q1 Animal Kingdom (Phyla Overview)

একজন বন্যপ্রাণী-চিকিৎসক লক্ষ্য করলেন যে, একটি নির্দিষ্ট প্রাণী তার দেহের বিশাল আকার বজায় রাখতে এবং জটিল আচরণ প্রদর্শন করতে সক্ষম। এই বৈশিষ্ট্যগুলোর জন্য কোন গঠনগত বৈশিষ্ট্যটি সবচেয়ে গুরুত্বপূর্ণ?

A. চলাচলের জন্য বাহ্যিক কর্ষিকা

B. সুরক্ষাদায়ক শক্ত বহিরাবরণ

C. শরীরের ভার বহনের জন্য মেরুদণ্ড ✓

D. সরল এককোষী গঠন

Q2 Atomic Structure & Models

নিম্নোক্ত কোন বিবৃতিটি সঠিক?

A. হাইড্রোজেনের তিনটি আইসোটোপ, যথা প্রোটিয়াম, ডিউটেরিয়াম এবং ট্রিটিয়ামে প্রোটন সংখ্যা একই। ✓

B. একটি মৌলের ভর সংখ্যা তার পারমাণবিক সংখ্যার দ্বিগুণ।

C. কার্বনের দুটি আইসোটোপের ভর সংখ্যা একই।

D. পারমাণবিক সংখ্যা নিউক্লিয়ন সংখ্যার সমান।

Q3 Atoms & Molecules

রাসায়নিক সংকেত লেখার ক্ষেত্রে নিচের কোন নিয়মটি সঠিক?

A. শুধুমাত্র দ্বিতীয় বর্ণটি বড়ো হাতের অক্ষরে (capitalised) হবে

B. উভয় বর্ণই বড়ো হাতের অক্ষরে (capitalised) হবে

C. বর্ণগুলো আইটালিক্সে (italics) লিখতে হবে

D. শুধুমাত্র প্রথম বর্ণটি বড়ো হাতের অক্ষরে (capitalised) হবে ✓

Q4 Basic Organic Chemistry

নিচের কোন যৌগটিতে অ্যামাইন এবং কার্বক্সিল উভয় কার্যকরী মূলক বিদ্যমান?

A. ইথানল

B. ইথানাল

C. প্রোপানোন

D. গ্লাইসিন ✓

Q5 Basic Organic Chemistry ENGLISH

A. Butan-2-al

B. Butan-2-one ✓

C. Butan-2-oic acid

D. Butan-2-ol

Q6 Basic Organic Chemistry

নিচের কোন পদার্থের রাসায়নিক গঠনে কার্বন থাকে **না**?

A. প্রোটিন

B. DNA

C. কার্বোহাইড্রেট

D. জল ✓

Q7 Chemical Bonding (Ionic, Covalent)

নিচের কোনটি সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে যে কেন সোডিয়াম ক্লোরাইড ঘরের তাপমাত্রায় কঠিন অবস্থায় থাকে?

A. এটিতে আয়নগুলির মধ্যে শক্তিশালী স্থিরতড়িৎ আকর্ষণ কাজ করে ✓

B. এটিতে পরমাণুগুলির মধ্যে ধাতব বন্ধন রয়েছে

C. এটি দুর্বল ভ্যান ডার ওয়ালস বল দ্বারা একত্রে আবদ্ধ থাকে

D. এটি সমযোজী বন্ধন দ্বারা আবদ্ধ অণু গঠন করে

Q8 Current Electricity (Ohm's Law, Circuits)

একটি বৈদ্যুতিক কেটলির রোধ 10 ওহম এবং এটি 220 V সাপ্লাইয়ের সঙ্গে যুক্ত। এটি 5 মিনিট চালালে এর মধ্যে দিয়ে কত পরিমাণ আধান প্রবাহিত হবে?

A. 6600 C ✓

B. 13200 C

C. 2200 C

D. 1100 C

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q9 Echo, Resonance, Doppler Effect

শব্দের বিস্তার (propagation) এবং প্রতিফলনের প্রসঙ্গে, নিচের কোন বিকল্পটি প্রতিধ্বনিকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

- A. প্রতিধ্বনি হলো একটি প্রতিফলিত শব্দ, যা মূল শব্দের পরে স্পষ্টভাবে আলাদা করে (distinctly) শোনা যায়। ✓
- B. প্রতিধ্বনি হলো একটি দেওয়াল থেকে শব্দ প্রতিফলিত হওয়ার ফলে উৎপন্ন হওয়া আরও জোরালো একটি শব্দ।
- C. প্রতিধ্বনি হলো একটি কম্পনশীল বস্তু থেকে উৎপন্ন হওয়া একটি অবিরাম শব্দ (continuous sound)।
- D. প্রতিধ্বনি হলো উৎস থেকে দূরত্বের কারণে শব্দের তীক্ষ্ণতার একটি পরিবর্তন।

Q10 Ecosystem & Food Chain

একটি খাদ্যশৃঙ্খলে, জৈব-অবিয়োজ্য দূষক পদার্থের সর্বোচ্চ গাঢ়ত্ব (maximum concentration) কোথায় পাওয়া যাবে?

- A. শীর্ষস্থানীয় মাংসাশী ✓
- B. উৎপাদক
- C. বিয়োজক
- D. শাকাশী

Q11 Ecosystem & Food Chain

একটি খাদ্যজালকে, শাকাশীরা সাধারণত কী হিসেবে অবস্থান করে?

- A. গৌণ খাদক
- B. প্রাথমিক খাদক ✓
- C. উৎপাদক
- D. বিয়োজক

Q12 Magnetic Effects of Current

একজন শিক্ষার্থী একটি ঋজু তড়িৎবাহী পরিবাহীর চারপাশে চৌম্বক ক্ষেত্রের প্রাবল্যকে বৃদ্ধি করতে চায়। নিচের কোন পরিবর্তনগুলির সমন্বয়টি এক্ষেত্রে সবচেয়ে কার্যকর হবে?

- A. তড়িৎপ্রবাহ বৃদ্ধি করে পর্যবেক্ষণ বিন্দুটিকে পরিবাহীর আরও কাছে নিয়ে এলে ✓
- B. তড়িৎপ্রবাহ ধ্রুবক রেখে পর্যবেক্ষণ বিন্দুটি যেকোনো অবস্থানে পরিবর্তন করলে
- C. তড়িৎপ্রবাহ হ্রাস করে পর্যবেক্ষণ বিন্দুটিকে পরিবাহী থেকে আরও দূরে সরিয়ে নিলে
- D. তড়িৎপ্রবাহ বৃদ্ধি করে পর্যবেক্ষণ বিন্দুটিকে আরও দূরে সরিয়ে নিলে

Q13 Mechanics

কোন পর্যবেক্ষণটি সবচেয়ে জোরালোভাবে প্রমাণ করে যে একটি যন্ত্র হলো একটি স্থির কপিকল (pulley)?

- A. উত্তোলনের সময় ভার হালকা হয়ে যায়।
- B. যন্ত্রটি উত্তোলনের সময় শক্তি সঞ্চয় করে।
- C. বল এবং ভার বিপরীত দিকে চলে। ✓
- D. প্রযুক্ত বল ভারের চেয়ে কম।

Q14 Mechanics

দু'টি বস্তু, P এবং Q, একটি সোজা রাস্তা বরাবর যাত্রা করে। P বস্তুটি প্রতি 2 সেকেন্ডে 20 মিটার অতিক্রম করে, আর Q বস্তুটি প্রথম 2 সেকেন্ডে 20 মিটার এবং পরবর্তী 2 সেকেন্ডে 30 মিটার অতিক্রম করে। তাদের গতি সম্পর্কে কোন বিবৃতি ঠিক?

- A. P বস্তুটি সুষম গতি বিশিষ্ট, কিন্তু Q বস্তুটি অসম গতি বিশিষ্ট। ✓
- B. উভয় বস্তুই অসম গতি বিশিষ্ট।
- C. P বস্তুটি অসম গতি বিশিষ্ট, কিন্তু Q বস্তুটি সুষম গতি বিশিষ্ট।
- D. উভয় বস্তুই সুষম গতি বিশিষ্ট।

Q15 Minerals (Iron, Calcium, etc.)

থাইরয়েড গ্রন্থির থাইরক্সিন হরমোন তৈরির জন্য কোনটি প্রয়োজন?

- A. আয়োডিন ✓
- B. ভিটামিন D
- C. আয়রন
- D. ক্যালসিয়াম

Q16 Mirrors & Lenses

কোনো বস্তুকে উত্তল লেন্সের ফোকাস বিন্দু ও আলোক কেন্দ্রের মাঝখানে স্থাপন করলে যে প্রতিবিম্ব গঠিত হয়, তা কোন উক্তিটির মাধ্যমে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করা যায়?

- A. প্রতিবিম্বটি সদ, অবশীর্ষ এবং বস্তুর চেয়ে ছোট।
- B. প্রতিবিম্বটি অসদ, অবশীর্ষ এবং বস্তুর চেয়ে ছোট।
- C. প্রতিবিম্বটি অসদ, সমশীর্ষ এবং বস্তুর চেয়ে বড়। ✓
- D. প্রতিবিম্বটি সদ, সমশীর্ষ এবং বস্তুর চেয়ে বড়।

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Mixtures, Solutions, Colloids

নিচের কোন সংমিশ্রণটি জলে মেশালে একটি সমসত্ত্ব মিশ্রণ তৈরি করে?

A. চিনি এবং বালি

B. তেল এবং জল

C. লবণ এবং জল ✓

D. লোহার গুঁড়ো এবং সালফার

Q18 Newton's Laws of Motion

একজন শিক্ষার্থী একটি ভারী এবং একটি হালকা দুটি গাড়িকে একই বল প্রয়োগ করে ধাক্কা দেয়। নিউটনের দ্বিতীয় গতিসূত্র অনুসারে, তাদের ত্বরণের কী হবে?

A. হালকা গাড়ির চেয়ে ভারী গাড়ির ত্বরণ বেশি হবে

B. ভারী গাড়ির চেয়ে হালকা গাড়ির ত্বরণ বেশি হবে ✓

C. ভারী গাড়ি শূন্য ত্বরণে চলবে

D. উভয় গাড়ির ত্বরণ সমান হবে

Q19 Oxidation & Reduction (Redox)

কোন রাসায়নিক পরিবর্তনটি রাসায়নিক বিক্রিয়ার সময় কোনো পদার্থের জারণকে সবচেয়ে ভালোভাবে নির্দেশ করে?

A. অক্সিজেন গ্রহণ বা হাইড্রোজেন বর্জন ✓

B. শুধুমাত্র হাইড্রোজেন গ্রহণ

C. শুধুমাত্র ইলেকট্রনের বর্জন

D. ভৌত অবস্থার পরিবর্তন

Q20 Properties & Tests

একটি গবেষণাগারের পরীক্ষায় দেখা যায় যে, ম্যাগনেসিয়াম ক্ষারকের সঙ্গে বিক্রিয়া করে একটি গ্যাস নির্গত করে। উৎপন্ন গ্যাসটি কী হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি?

A. ক্লোরিন

B. অক্সিজেন

C. কার্বন ডাই-অক্সাইড

D. হাইড্রোজেন ✓

Q21 Reproductive System

পুরুষ দেহে লক্ষ লক্ষ শুক্রাণু উৎপন্ন হয়, কিন্তু স্ত্রী দেহে সাধারণত প্রতি মাসে শুধুমাত্র _____ পরিপক্ক ডিম্বাণু [mature egg(s)] উৎপন্ন হয়।

A. কয়েকশ

B. একটি ✓

C. শূন্য

D. কয়েক হাজার

Q22 Reproductive System

একটি 13 বছর বয়সী বালিকার রজঃচক্র শুরু হয় কিন্তু প্রথম বছর তার এই চক্র অনিয়মিত থাকে। জননগত পরিণমন (reproductive maturity) অনুযায়ী এই ধরনের বৈশিষ্ট্যের জন্য, কোন অন্তর্নিহিত কারণটি সবচেয়ে বেশি দায়ী?

A. সম্পূর্ণ বিকশিত জরায়ু (Fully developed uterus)

B. অবিরাম ডিম্বাণু নিঃসরণ (Constant egg release)

C. সম্পূর্ণ পরিণত ডিম্বাশয় (Fully matured ovaries)

D. অপরিণত হরমোনজনিত নিয়ন্ত্রণ (Immature hormonal regulation) ✓

Q23 Respiratory System

নিচের কোনটি মানুষের শ্বাস নেওয়ার সময় ঘটে **না**?

A. ফুসফুসে বায়ু প্রবেশ করে

B. বক্ষগহ্বর (Chest cavity) প্রসারিত হয়

C. রক্ত থেকে অক্সিজেন নির্গত হয় ✓

D. মধ্যচ্ছদাটি নিচের দিকে চ্যাপ্টা হয়ে যায়।

Q24 Wave Properties (Frequency, Wavelength)

একটি নির্দিষ্ট শব্দ তরঙ্গের কম্পাঙ্ক 400 Hz। এই তরঙ্গের পর্যায়কাল কত?

A. 0.0025 সেকেন্ড ✓

B. 0.025 সেকেন্ড

C. 0.25 সেকেন্ড

D. 0.05 সেকেন্ড

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q25 Work, Energy & Power

নিচের কোন পরিস্থিতিটি পদার্থবিজ্ঞানে কার্যের বিজ্ঞানসম্মত সংজ্ঞাকে সঠিকভাবে তুলে ধরে?

A. একজন ব্যক্তি তার মাথার উপরে একটি বই স্থিরভাবে ধরে রেখেছেন

B. একজন ব্যক্তি একটি দেওয়ালকে ধাক্কা দিচ্ছেন কিন্তু দেওয়ালটি সরছে না

C. একজন ব্যক্তি পিঠে ব্যাগ নিয়ে ধ্রুবক গতিতে হাঁটছেন

D. একজন ব্যক্তি মেঝে থেকে একটি বাক্স তুলে টেবিলের উপর রাখলেন ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science

25 Questions • Answer Key

Q1 Atomic Structure & Models

বোরের পরমাণুর মডেল অনুসারে নিচের কোন বিবৃতিটি ঠিক?

1. ইলেকট্রনসমূহ নিউক্লিয়াসকে কেন্দ্র করে নির্দিষ্ট বৃত্তাকার পথে আবর্তন করে, যাদের শক্তিস্তর বা শেল বলা হয়।।
2. একটি নির্দিষ্ট কক্ষপথে আবর্তন করার সময় ইলেকট্রনগুলোর শক্তি ক্রমাগত পরিবর্তিত হতে থাকে।
3. শুধুমাত্র যখন একটি ইলেকট্রন এক শক্তিস্তর থেকে অন্য শক্তিস্তরে লাফ দেয়, তখনই শক্তি শোষিত বা নির্গত হয়।

A. সকল বিবৃতি সঠিক

B. শুধুমাত্র 2 এবং 3 সঠিক

C. শুধুমাত্র 1 এবং 2 সঠিক

D. শুধুমাত্র 1 এবং 3 সঠিক ✓

Q2 Atomic Structure & Models

পরমাণুর মধ্যে প্রোটন কোথায় থাকে?

A. পারমাণবিক কক্ষের (shell) মধ্যে

B. ইলেকট্রন মেঘে

C. পরমাণুর নিউক্লিয়াসে ✓

D. পরমাণুর বাইরে

Q3 Basic Organic Chemistry

নিচের কোন বিবৃতিটি একটি সম্পৃক্ত কার্বন যৌগকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

A. একটি সম্পৃক্ত কার্বন যৌগে কার্বন পরমাণুগুলো শুধুমাত্র একক বন্ধন দ্বারা যুক্ত থাকে ✓

B. একটি সম্পৃক্ত কার্বন যৌগে কার্বন পরমাণুর মধ্যে কমপক্ষে একটি ত্রিবন্ধন থাকে

C. একটি সম্পৃক্ত কার্বন যৌগে কার্বন পরমাণুর মধ্যে কমপক্ষে একটি দ্বিবন্ধন থাকে

D. একটি সম্পৃক্ত কার্বন যৌগের গঠনে একটি বেনজিন বলয় থাকে

Q4 Basic Organic Chemistry

একজন শিক্ষার্থী ক্ষারীয় পটাশিয়াম পারম্যাঙ্গানেট দিয়ে ইথানলকে উত্তপ্ত করে। কোন পর্যবেক্ষণটি নিশ্চিত করে যে জারণ প্রক্রিয়াটি ঘটেছে?

A. পোড়া গন্ধযুক্ত একটি গ্যাসের উৎপত্তি

B. রঙ বা গন্ধের কোনো পরিবর্তন না হওয়া

C. KMnO4এর বেগুনি রঙ বিবর্ণ হয়ে যায় এবং একটি তীব্র গন্ধযুক্ত তরল তৈরি হয় ✓

D. মিষ্টি গন্ধযুক্ত একটি এস্টার গঠিত হয়

Q5 Chemical Reactions

নিচের কোনটি একটি রাসায়নিক পরিবর্তন কিন্তু একটি ভৌত পরিবর্তন **নয়**?

A. লোহায় মরচে ধরা ✓

B. জল ফোটানো

C. বরফের গলন

D. চিনিকে জলে দ্রবীভূত করা

Q6 Classification of Organisms

একজন বিজ্ঞানী বন্য প্রাণিদের প্রথমে তাদের খাদ্যাভ্যাস এবং তারপর তাদের আবাসস্থল দ্বারা শ্রেণিভুক্ত করেন। একাধিক মানদণ্ডের ওপর ভিত্তি করে শ্রেণিবিন্যাসের এই পদ্ধতির প্রধান সুবিধা কী?

A. এটি ট্যাক্সোনমি বা বিন্যাসবিধিকে সহজ করে

B. এটি কার্যকরী সম্পর্ক (functional relationships) প্রকাশ করে ✓

C. এটি গোষ্ঠীর (groups) সংখ্যা হ্রাস করে

D. এটি জিনগত সাদৃশ্যের উপর দৃষ্টি নিবদ্ধ করে

Q7 Current Electricity (Ohm's Law, Circuits)

একটি তারের তড়িৎপ্রবাহ এবং ভোল্টেজ উভয়কেই যদি সমান গুণক দ্বারা বৃদ্ধি করা হয়, তবে তারটির রোধের কী পরিবর্তন হবে?

A. রোধ নির্ভর করবে গুণকের বৃদ্ধির উপর।

B. রোধ হ্রাস পাবে।

C. রোধ অপরিবর্তিত থাকবে। ✓

D. রোধ বৃদ্ধি পাবে।

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q8 Echo, Resonance, Doppler Effect

একজন শিক্ষার্থী 176 মিটার দূরে একটি উঁচু ভবনের দিকে মুখ করে চিৎকার করে এবং 1 সেকেন্ড পরে প্রতিধ্বনি শুনতে পায়। এই পর্যবেক্ষণের উপর ভিত্তি করে বাতাসে শব্দের দ্রুতি (speed) কত?

A. 330 m/s

B. 176 m/s

C. 352 m/s ✓

D. 400 m/s

Q9 Extraction & Metallurgy

প্রদত্ত দাবি (A) এবং কারণ (R) এর বিবৃতিগুলো মনোযোগ সহকারে পড়ুন এবং সঠিক বিকল্পটি চয়ন করুন।

(A): কার্বনসহ উত্তপ্ত করে কপার অক্সাইড থেকে কপার বা তামা পাওয়া যেতে পারে।
(R): সক্রিয়তা শ্রেণিতে তামার অবস্থান নিচে এবং একে কেবল উত্তাপ প্রদানের মাধ্যমেই বিজারিত করা সম্ভব।

A. A এবং R উভয়ই সত্য, কিন্তু R, A এর সঠিক ব্যাখ্যা নয়।

B. A সত্য, কিন্তু R মিথ্যা। ✓

C. A এবং R উভয়ই সত্য এবং R হল A এর সঠিক ব্যাখ্যা।

D. A মিথ্যা, কিন্তু R সত্য।

Q10 Important Salts & Their Uses

সোডিয়াম কার্বনেট (কাপড় কাচার সোডা) নিচের কোন শিল্পে ব্যবহৃত হয়?

a. কাচ
b. সাবান
c. কাগজ

A. কেবল a এবং b

B. কেবল b এবং c

C. কেবল a এবং c

D. a, b এবং c ✓

Q11 Magnetic Effects of Current

এর ভেতরে রাখা একটি নরম লোহার টুকরোকে চুম্বকে পরিণত করার জন্য কেন একটি সোলেনয়েড ব্যবহার করা যেতে পারে?

A. কারণ সোলেনয়েডটি তার অভ্যন্তরে একটি শক্তিশালী এবং সুষম চৌম্বক ক্ষেত্র তৈরি করে। ✓

B. কারণ সোলেনয়েডটি মৃদু লোহায় চৌম্বক ক্ষেত্রের প্রবেশে বাধা দেয়।

C. কারণ সোলেনয়েডটি তার অভ্যন্তরে একটি দুর্বল ও বিক্ষিপ্ত চৌম্বক ক্ষেত্র তৈরি করে।

D. কারণ সোলেনয়েডটি কেবল তার বাইরের অংশে একটি অসম চৌম্বক ক্ষেত্র তৈরি করে।

Q12 Mechanics

একটি অবস্থান-সময় লেখচিত্রে নিচের কোন পরিস্থিতিটি কোনো বস্তুর শূন্য রৈখিক বেগ নির্দেশ করে?

A. মূলবিন্দু থেকে উপরের দিকে আনত একটি সরলরেখা

B. সময় অক্ষের সমান্তরাল একটি অনুভূমিক সরলরেখা ✓

C. বাম থেকে ডানে উর্ধ্বগামী একটি বক্ররেখা

D. মূলবিন্দু থেকে নিচের দিকে আনত একটি সরলরেখা

Q13 Mechanics

একজন শ্রমিক একটি ভারী কংক্রিট ব্লক তোলার জন্য চারটি লিভারের মধ্যে একটি বেছে নেয়। যতটা সম্ভব প্রয়োজনীয় পরিশ্রম কমাতে, শ্রমিককে কোন ধরনের লিভার বাছতে হবে?

A. বলবাহু = 50 cm, ভারবাহু = 25 cm

B. বলবাহু = 40 cm, ভারবাহু = 10 cm ✓

C. বলবাহু = 20 cm, ভারবাহু = 20 cm

D. বলবাহু = 30 cm, ভারবাহু = 15 cm

Q14 Nervous System & Brain

উদ্ভিদ এবং প্রাণীর মধ্যে তথ্য পরিবহণের সঠিক তুলনামূলক বিবৃতি কোনটি?

A. উভয়ই একই কলা ব্যবহার করে

B. প্রাণীদের পরিবহণ (conduction) ব্যবস্থা থাকে না

C. উদ্ভিদ স্নায়ু (nerves) ব্যবহার করে

D. উদ্ভিদের কোনো বিশেষ কলা থাকে না ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q15 Newton's Laws of Motion

প্রথম গতি সূত্র প্রাথমিকভাবে একটি বস্তুর কোন বৈশিষ্ট্যকে বর্ণনা করে?

- A. জড়তা ✓
- B. ভরবেগ
- C. ত্বরণ
- D. শক্তি

Q16 Non-communicable (Diabetes, Cancer, etc.)

একজন রোগী যিনি প্রায়শই তামাকজাত দ্রব্য চিবিয়ে খান তার খাবার গিলতে অসুবিধা এবং মুখে দীর্ঘস্থায়ী ঘা দেখা দেয়। কোন স্বাস্থ্যগত অবস্থার সম্ভাবনা সবচেয়ে বেশি?

- A. মুখের ক্যান্সার ✓
- B. হাঁপানি
- C. ডায়াবেটিস
- D. হেপাটাইটিস

Q17 Oxidation & Reduction (Redox)

কোন রাসায়নিক প্রক্রিয়া প্রধানত তৈলাক্ত খাদ্যদ্রব্যের অপ্রীতিকর গন্ধ এবং কটু স্বাদ সৃষ্টি করে?

- A. চর্বি এবং তেলের জারণ ✓
- B. জলের বাষ্পীভবন
- C. চিনির সন্ধান
- D. উৎসেচকের ক্রিয়া

Q18 Plant Hormones

কোন ফ্যাক্টরটি উদ্দীপনার পরে তাৎক্ষণিক উদ্ভিদের চলনে ভূমিকা রাখে না?

- A. সংকেত স্থানান্তর
- B. আকৃতি পরিবর্তন
- C. জল প্রবাহ
- D. পেশী সংকোচন ✓

Q19 Plant Kingdom (Divisions)

একটি নতুন স্থলজ উদ্ভিদে সংবহন কলা রয়েছে, কিন্তু কোনো ফুল বা বীজ নেই। উদ্ভিদটি কোন গোষ্ঠীর অন্তর্ভুক্ত এবং এই গোষ্ঠীটি কোন ধরনের বড় বাধার সম্মুখীন হয়?

- A. টেরিডোফাইটা; বীজের অনুপস্থিতি প্রজননগত সাফল্যকে সীমিত করে ✓
- B. গুপ্তবীজী উদ্ভিদ; পরিবেশের সংস্পর্শে বীজ উন্মুক্ত থাকে
- C. ব্যক্তবীজী উদ্ভিদ; নিষেকের জন্য জলের উপর নির্ভরশীলতা
- D. ব্রায়োফাইটা; পরিবহনের জন্য সংবহন কলার অভাব

Q20 Plant Tissues & Transport

একজন উদ্ভিদবিজ্ঞানী শহরের একটি ভবনের জন্য জল-সাশ্রয়ী (water-efficient) একটি উল্লম্বভাবে অবস্থিত বাগান (vertical garden) ডিজাইন করছেন। বায়ু প্রবাহ প্রতিরোধ করার জন্য সাপোর্ট ও নমনীয়তা (flexibility) উভয়ই প্রদান করতে প্রধানত কোন সরল স্থায়ী কলাটি ব্যবহার করতে হবে?

- A. কোলেনকাইমা ✓
- B. স্ক্লেরেনকাইমা
- C. প্যারেনকাইমা
- D. বহিঃত্বকীয় কলা

Q21 Reflection & Refraction

সূর্যালোকের সাতটি বর্ণ একটি প্রিজমের মধ্য দিয়ে যাওয়ার পরে কেন আলাদাভাবে নির্গত হয়?

- A. কাচের মধ্য দিয়ে বিভিন্ন বর্ণ, বিভিন্ন গতিতে চলে ✓
- B. বিভিন্ন বর্ণ, বিভিন্ন হারে শোষিত হয়
- C. প্রিজমের আকৃতি কিছু বর্ণকে বাধা দেয়
- D. কাচের মধ্য দিয়ে সব বর্ণ সমান গতিতে চলে

Q22 Reproductive System

একটি দম্পতি ভবিষ্যৎ গর্ভাবস্থা এড়ানোর জন্য স্থায়ী শল্যচিকিৎসা সংক্রান্ত গর্ভনিরোধক (permanent surgical contraception) পদ্ধতির কথা বিবেচনা করছেন। যৌনবাহিত রোগের (sexually transmitted diseases) ক্ষেত্রে এই পদ্ধতির একটি সীমাবদ্ধতা বা ত্রুটি নিচের কোনটি?

- A. এটি জরায়ুর জ্বালা বা অস্বস্তি সৃষ্টি করে
- B. মৌখিক বড়ি দ্বারা এটিকে পূর্বাবস্থায় ফিরিয়ে আনা বা পরিবর্তন করা সম্ভব
- C. এটি হরমোনজনিত পার্শ্বপ্রতিক্রিয়া বৃদ্ধি করে
- D. এটি সংক্রমণ প্রতিরোধ করে না ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q23 Respiratory System

প্রাণীদের সবাত শ্বসনের সময়, তিন-কার্বন পাইরুভেট অণুর ভাঙ্গনের ফলে কার্বন ডাই অক্সাইড এবং _____ তৈরি হয়।

A. গ্লুকোজ

B. জল ✓

C. ল্যাকটিক অ্যাসিড

D. ইথানল

Q24 Wave Properties (Frequency, Wavelength)

নিচের কোন বিবৃতিটি সর্বোত্তমভাবে বর্ণনা করে যে, বাতাস থেকে জলে প্রবেশের সময় শব্দের দ্রুতি (speed) কীভাবে পরিবর্তিত হয়?

A. বাতাস থেকে জলে যাওয়ার সময় শব্দের দ্রুতি বৃদ্ধি পায়। ✓

B. বাতাস এবং জল উভয় ক্ষেত্রেই শব্দের দ্রুতি একই থাকে।

C. বাতাস থেকে জলে যাওয়ার সময় শব্দের দ্রুতি হ্রাস পায়।

D. বাতাসের তুলনায় জলে শব্দের দ্রুতি ধীর।

Q25 Work, Energy & Power

কোন বিবৃতিটি শক্তির সংরক্ষণের সূত্রকে সর্বোত্তমভাবে বর্ণনা করে?

A. শক্তিকে সৃষ্টি বা ধ্বংস করা যায় না; এটি শুধুমাত্র রূপ পরিবর্তন করে। ✓

B. শক্তি ধ্বংস করা যায় কিন্তু তৈরি হয় না।

C. ভৌত প্রক্রিয়ার সময় শক্তি ব্যবহার করা হয় এবং অদৃশ্য হয়ে যায়।

D. একটি বদ্ধ সিস্টেমে শক্তি সর্বদা বৃদ্ধি পায়।

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

General Science

25 Questions • Answer Key

Q1 Atomic Structure & Models

প্রকৃতিতে ক্লোরিন-35 এবং ক্লোরিন-37 এই দুটি সমস্থানিক বিদ্যমান। কোন বিবৃতিটি তাদের রাসায়নিক আচরণকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

A. তারা হাইড্রোজেনের সাথে বন্ধন তৈরি করতে পারে না

B. তাদের যোজ্যতা ভিন্ন

C. তারা অভিন্ন যৌগ গঠন করে ✓

D. তারা সোডিয়ামের সাথে ভিন্নভাবে বিক্রিয়া করে

Q2 Atomic Structure & Models

বোর মডেল অনুসারে, ইলেকট্রনগুলো নিউক্লিয়াসের চারপাশে কোন ধরনের পথে আবর্তন করে?

A. সর্পিল গতিপথ

B. উপবৃত্তাকার শক্তির মেঘ

C. স্থির বৃত্তাকার কক্ষপথ ✓

D. এলোমেলো বৃত্তাকার পথ

Q3 Balancing Chemical Equations

একজন শিক্ষার্থী $Fe + H_2O \rightarrow Fe_3O_4 + H_2$ সমীকরণটি সমতা বিধান করার চেষ্টা করে এবং নিম্নলিখিত ধাপটি লেখে।

$Fe + H_2O_4 \rightarrow Fe_3O_4 + H_2$

কোন বিবৃতিটি সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে যে কেন এই ধাপটি ভুল?

A. এটি জলের গঠন পরিবর্তন করে। ✓

B. এটি অক্সিজেন পরমাণুর সংখ্যা সঠিকভাবে বৃদ্ধি করে।

C. এটি ভরের নিত্যতা সূত্র মেনে চলে।

D. এটি সরাসরি অক্সিজেন পরমাণুর সমতা রক্ষা করে।

Q4 Basic Organic Chemistry

অক্সিজেনে কার্বন দহন করলে কী উৎপন্ন হয়?

A. তাপ ও আলো সহ হাইড্রোজেন গ্যাস নির্গত হয়

B. তাপ ও আলো সহ কার্বন মনোক্সাইড নির্গত হয়

C. তাপ ও আলো সহ কার্বন ডাই অক্সাইড নির্গত হয় ✓

D. তাপ ও আলো সহ মিথেন গ্যাস নির্গত হয়

Q5 Classification of Organisms

একজন প্রাণিবিজ্ঞানী একই বর্গের (order) অন্তর্ভুক্ত কিন্তু ভিন্ন গোত্রের (family) দুটি জীব খুঁজে পেলেন। তাদের শ্রেণিবিন্যাস সম্পর্কে এটি কোন সিদ্ধান্তটি নির্দেশ করে?

A. তাদের গণ (genus) অভিন্ন কিন্তু গোত্র ভিন্ন

B. বর্গ পর্যন্ত তাদের সকল উচ্চতর স্তরগুলো (higher levels) সমান হয় ✓

C. তাদের প্রজাতি অভিন্ন কিন্তু বর্গ ভিন্ন

D. তাদের গোত্র অভিন্ন কিন্তু শ্রেণি ভিন্ন

Q6 Current Electricity (Ohm's Law, Circuits)

যদি একটি বাল্বের শক্তি খরচ 60 W হয় এবং প্রযুক্ত ভোল্টেজ 120 V হয়, তবে বাল্বটির রোধ কত?

A. 0.5 Ω

B. 60 Ω

C. 2 Ω

D. 240 Ω ✓

Q7 Current Electricity (Ohm's Law, Circuits)

একজন শিক্ষার্থী 12 V এর একটি ব্যাটারির সঙ্গে 6 ওহম এবং 4 ওহমের দু'টি রোধককে শ্রেণি সমবায়ে যুক্ত করে একটি বর্তনী তৈরি করেন। ওহমের সূত্র অনুযায়ী, বর্তনীটির মধ্য দিয়ে প্রবাহিত মোট তড়িৎপ্রবাহ কত?

A. 1.2 A ✓

B. 0.6 A

C. 1.0 A

D. 2.0 A

Q8 Digestive System

সুস্বাদু খাবার দেখলে বা তার কথা ভাবলে আমাদের মুখে কেন "জল" আসে

A. স্বাদ-কোরকগুলো দ্রুত সক্রিয় হয়ে ওঠে

B. পরিপাচক উৎসেচক নিঃসৃত হয়

C. লালাগ্রন্থি থেকে লালা নিঃসৃত হয় ✓

D. পাকস্থলীর অ্যাসিডের মাত্রা দ্রুত বেড়ে যায়

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q9 Digestive System

মানুষের শরীরের ভেতরে ক্ষুদ্রান্ত্র, কোন বৈশিষ্ট্যটির জন্য একটি সীমিত জায়গার মধ্যে এঁটে থাকতে পারে?

A. বড় ব্যাস

B. অত্যধিক প্যাঁচানো গঠন ✓

C. দৃঢ় প্রাকার

D. পুরু প্রাচীর

Q10 Extraction & Metallurgy

মাঝারি প্রতিক্রিয়াশীল ধাতু সাধারণত কোন যৌগ আকারে পাওয়া যায়?

A. ক্লোরাইড, সিলিকেট বা ফসফেট

B. অক্সাইড, সালফাইড বা কার্বনেট ✓

C. নাইট্রাইড, ফলুরাইড বা ব্রোমাইড

D. পারক্সাইড, হাইড্রাইড বা সায়ানাইড

Q11 Human Eye & Defects

মানুষের চোখের কোন অংশটি চোখে প্রবেশকারী আলোর পরিমাণ নিয়ন্ত্রণ করে?

A. কর্নিয়া (Cornea)

B. আইরিস (Iris) ✓

C. রেটিনা (Retina)

D. অপটিক নার্ভ (Optic Nerve)

Q12 Hydrocarbons (Methane, Ethane, etc.)

নিম্নোক্ত বিবৃতিগুলি বিবেচনা করুন এবং ঠিক বিকল্পটি চয়ন করুন।

বিবৃতি A: দুই বা ততোধিক বিক্রিয়ক একত্রিত হয়ে যখন একটি একক বিক্রিয়াজাত পদার্থ গঠন করে, তখন যুত বিক্রিয়া ঘটে।
বিবৃতি B: অ্যালকিন এবং অ্যালকাইনে সাধারণত যুত বিক্রিয়া ঘটে।

A. বিবৃতি A ভুল কিন্তু বিবৃতি B ঠিক।

B. A এবং B উভয় বিবৃতিই ঠিক। ✓

C. বিবৃতি A ঠিককিন্তু বিবৃতি B ভুল।

D. A এবং B উভয় বিবৃতিই ভুল।

Q13 Mechanics

বেগ-সময় লেখচিত্রে, কোন ধরণের রেখা বেগের কোনো পরিবর্তন ছাড়াই গতিকে নির্দেশ করে?

A. উপবৃত্তাকার রেখা

B. বক্ররেখা

C. অনুভূমিক সরলরেখা ✓

D. তির্যক সরলরেখা

Q14 Mechanics

সমদ্রুতিতে গতিশীল কোনো বস্তুর দূরত্ব-সময় লেখচিত্রের বৈশিষ্ট্য কোনটি?

A. একটি অনুভূমিক সরলরেখা

B. ঋণাত্মক নতি সহ একটি সরলরেখা

C. পরিবর্তিত নতি সহ একটি বক্ররেখা

D. স্থির ধনাত্মক নতি সহ একটি সরলরেখা ✓

Q15 Mirrors & Lenses

একজন শিক্ষার্থী লক্ষ্য করল যে, একটি লেন্স দ্বারা গঠিত প্রতিবিম্বটি অসদ, সমশীর্ষ এবং বস্তুর চেয়ে আকারে বড়। কোন লেন্স এবং বস্তুর কোন অবস্থানের জন্য এই পর্যবেক্ষণ সম্ভব?

A. অবতল লেন্স এবং বস্তুর অবস্থান ফোকাস দৈর্ঘ্যের চেয়ে দ্বিগুণ দূরত্বের বাইরে

B. উত্তল লেন্স এবং বস্তুর অবস্থান ফোকাস দৈর্ঘ্যের চেয়ে দ্বিগুণ দূরত্বে

C. অবতল লেন্স এবং বস্তুর যেকোনো অবস্থান

D. উত্তল লেন্স এবং বস্তুর অবস্থান লেন্সের আলোক কেন্দ্র ও ফোকাস বিন্দুর মাঝখানে ✓

Q16 Mirrors & Lenses

একজন শিক্ষার্থী 10 cm ফোকাস দৈর্ঘ্যবিশিষ্ট একটি অবতল দর্পণের সামনে 20 cm দূরে একটি বস্তু রাখল। গোলীয় দর্পণের চিহ্নের রীতি ব্যবহার করে প্রতিবিম্ব দূরত্বের সঠিক মান এবং চিহ্ন কী হবে?

A. -10 cm

B. +20 cm

C. -20 cm ✓

D. +10 cm

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Mixtures, Solutions, Colloids

নিচের কোন মিশ্রণটি সমসত্ত্ব নয়?

A. বায়ু

B. ভিনিগার

C. তেল ও জল ✓

D. লবণ জল

Q18 Nervous System & Brain

স্নায়ুকলার প্রধান উপাদানগুলি কী?

A. অস্থি

B. পেশি

C. নিউরন ✓

D. গ্রন্থি

Q19 Plant Hormones

অভিকর্ষবর্তী চলনে (geotropism), মাধ্যাকর্ষণ শক্তি কী হিসাবে কাজ করে?

A. জৈব উপাদান

B. প্রতিবর্তনযোগ্য সংকেত

C. অভ্যন্তরীণ উপাদান

D. দিক্‌নির্দেশক উদ্দীপক ✓

Q20 Plant Kingdom (Divisions)

একটি তুলনামূলক গবেষণায় দেখা যায় যে, বিভিন্ন পরিবেশে ব্যক্তবীজী উদ্ভিদের তুলনায় গুপ্তবীজী উদ্ভিদ অধিক বৈচিত্র্যময় হতে পারে। এর প্রধান কারণ কী?

A. সূঁচালো পাতা প্রজাতির বৈচিত্র্য বৃদ্ধিতে সহায়তা করে।

